and is transferred with the land.

The owner of such lands for the time being shall have all rights and remedies against such person as if such owner had been originally the party executing such contract as employer.

Determination of ownership determines liability.

No person, after he has ceased to be the owner of such lands, nor his property nor effects, shall be in anywise liable or responsible for any breach of such contract which may have occurred after he has ceased to be such owner.

Any person above the age of 16 years may contract.

6. Any engagement or contract made under the provisions of this Act by a native of India, who is above the age of sixteen years, shall be held valid.

হইলে, তাহার স্বচ্ছন্দে থাকিবার ও খোরপোষের ও চিকিৎসার বিধি।

১১। মজুরদিগকে সময়ে২ দেখিবার বিধি ও ইনস্পেকটরদের যে২ বহী রাখিতে হইবে তাহার বিধি।

১২। কর্ত্তারা মজুরদের থাকিবার স্থানের ও জলসম্পোষের ও সুস্থ থাকিবার যে নিয়ম করিবেন তাহার, ও মজুরদের নিমিত্ত কর্ত্তাদের চাউল যোগাইয়া দিবার বিধি।

১৩। মজুরদের হাস্পাতালে থাকিবার স্থানের ও চিকিৎসার ও তথায় কি২ প্রকারের ও কি২ গুণের কত ঔষধীয় দ্রব্য ও অন্য২ দ্রব্য রাখিতে হইবে তাহার বিধি।

উক্ত কোন বিধি লঙ্ঘন হইলে তাহার যে দণ্ড হইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সময়ে২ তাহা নির্ণয় করিবেন। কিন্তু সেই দণ্ড এই আইনের কোন বিধানের অসঙ্গত না হয়। এবং মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে এই আইনমত অন্য দণ্ড যে প্রকারে প্রবল করা যাইতে ও আদায় হইতে পারিবে, ঐ দণ্ডও সেই প্রকারে প্রবল করা যাইতে ও আদায় হইতে পারিবে। কিন্তু পাঁচ শত টাকার অধিক দণ্ড না হয়।

তদ্রূপ সকল বিধি, এবং বিধি লঙ্ঘনের যে দণ্ড হইবে তাহার বিধি, কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। ঐ বিধি স্বতন্ত্র ছাপা হইয়া সাধারণের নিকট ।০ আনা করিয়া বিক্রয় করা যাইবে ইতি।

বিদেশগামির সঙ্গে যে চুক্তি করা যায় জমীর উপর তাহার দায় থাকার কথা।

৫ ধারা। এই আইনের বিধানমতে যে চুক্তি করা যায় তাহা, ও সেই চুক্তিমতে যে বেতন পাওনা হয় তাহা বাকী পড়িলে সেই টাকা, ও এই আইনের বিধানমতে কোন কর্ত্তার যে অর্থদণ্ড ধার্য্য হয় তাহার টাকা, ঐ চুক্তিক্রমে যে জমীতে কোন লোকের কর্ম্ম করিবার করার করা যায়, সেই জমীর উপর দায়স্বরূপ বর্ত্তিবে।

ও জমীর সঙ্গে হস্তান্তর হইবার কথা।

যিনি যৎকালে সেই ভূমির স্বামী হন, তিনিই কর্ত্তা বলিয়া প্রথমে সেই চুক্তি করিলে তাঁহার যে অধিকার ও যে প্রতিকার থাকিত, ঐ ব্যক্তির উপর তাঁহার সেই অধিকার ও সেই প্রতিকার বর্ত্তিবে।

স্বামিত্ব গেলে দায়ের শেষ হইবার কথা।

যিনি জমীর স্বামী ছিলেন, তাঁহার স্বামিত্ব গেলে পর, ঐ চুক্তি কোন প্রকারে ভঙ্গ হইলেও, তাঁহার উপর কি তাঁহার সম্পত্তির কি মালের উপর কোন প্রকারের দায় কি ঝোঁক থাকিবে না ইতি।

১৬ বৎসরের অধিক বয়সের কোন লোকের চুক্তি করিতে পারিবার কথা।

৬ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তির বয়স ষোল বৎসরের অধিক হইলে, সে এই আইনের বিধানমতে যে করার কি চুক্তি করে তাহা সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে ইতি।

7. No contract to labor in the labor districts for more than one year shall be binding upon an emigrant, unless it is made and executed according to the provisions of this Act; and no emigrant shall be bound to fulfil any contract of labor upon any estate or portion of an estate which has been declared unfit for the residence of laborers under the provisions of sections 118 and 119.

No contract binding for more than one year, unless under the Act.

No contract binding where estate declared unfit for residence.

8. For every offence against the provisions of this Act, for which no special penalty or amount of fine is prescribed, the offender shall on conviction by a magistrate be punished with a fine not exceeding two hundred rupees. Wherever in this Act no special term of imprisonment is appointed in default of payment of the fine, the offender shall be liable to imprisonment, simple or rigorous, for a term not exceeding one month.

Penalty for any offence not especially provided for.

9. All offences against this Act committed without the town of Calcutta shall be inquired into and tried according to the provisions of the Code of Criminal Procedure, and all offences against this Act committed within the said town shall be inquired into and tried by a police magistrate of the said town according to the provisions of the laws regulating the investigation and trial of offences within the said town, which shall be for the time being in force.

Procedure on trial of offences created by Act.

PART II.—EMIGRATION.

Chapter 2.—Restrictions and Appointment of Officers.

10. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, in case he shall be of opinion that the emigration of natives of India from any district, or to any particular part of any labor district, for the purpose of laboring, is likely to be attended with danger to the health of any native of India so emigrating or others, or if the Lieutenant-Governor has reason to believe that a political disturbance is likely to occur in any labor district, to prohibit, by an order under his hand, the emigration of such natives from such district, or to such labor district or particular part thereof, and from time to time

Power to prevent emigration of laborers.

৭ ধারা। মজুরী করিবার জিলায় গিয়া মজুরী করিবার কোন চুক্তি এই আইনের বিধানমতে করিয়া দস্তখৎ করা না গেলে, সেই চুক্তি এক বৎসরের অধিক মিয়াদের হইলে বিদেশগামী সেই চুক্তিতে বদ্ধ হইবে না। কোন মহাল কিম্বা মহালের কোন অংশ ১১৮ ও ১১৯ ধারার বিধানমতে মজুরদের বাস করিবার অনুপযুক্ত বলিয়া প্রকাশ হইলে, সেই মহালে কি মহালের সেই অংশে মজুরী করিবার যে চুক্তি থাকে মজুর সেই চুক্তিমতে কর্ম্ম করিতে বদ্ধ হইবে না ইতি।

আইনমতে যে চুক্তি করা যায় তাহা ছাড়া কোন চুক্তি এক বৎসরের অধিক বলবৎ না থাকার কথা।

মহাল বাস করিবার অনুপযুক্ত বলিয়া প্রকাশ হইলে চুক্তি বলবৎ না থাকার কথা।

৮ ধারা। এই আইনের বিধানের বিপরীত অপরাধের বিশেষ যে দণ্ড ও যত টাকা জরীমানা হইবে ইহার স্পষ্ট বিধান না থাকিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে অপরাধির দুই শত টাকার অধিক জরীমানা হইবে না। দণ্ডের টাকা না দেওয়াতে যে কারাদণ্ড নিরূপণ হয়, এই আইনে তাহার কোন বিশেষ মিয়াদ নির্দ্দিষ্ট না থাকিলে, এক মাসের অনধিক কাল অপরাধির সামান্যরূপে কি কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

অপরাধের দণ্ড নির্দ্দেশ না করা গেলে তাহার কথা।

৯ ধারা। কলিকাতা নগরের বাহিরে এই আইনের বিপরীত অপরাধ করা গেলে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে তাহার তদন্ত লইয়া বিচার হইবে। এবং উক্ত নগরের মধ্যে এই আইনবিরুদ্ধ অপরাধ করা গেলে, ঐ নগরের মধ্যে অপরাধের তদন্ত লইয়া বিচার করিবার যে২ আইন যৎকালে প্রবল থাকে, ঐ নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব সেই২ আইনের বিধানমতে ঐ অপরাধের তদন্ত লইয়া বিচার করিবেন ইতি।

আইনে যে কার্য্য অপরাধ বলিয়া নির্দ্দিষ্ট হয় তাহার বিচার হইবার প্রণালীর কথা।

২ অধ্যায়।—বিদেশে যাইবার বিধি।

২ পরিচ্ছেদ।—নিষেধ বিধি ও কর্ম্মকারকদের নিযুক্ত হইবার কথা।

১০ ধারা। ভারতবর্ষজাত লোকেরা মজুরী করিবার জন্যে কোন জিলাহইতে গেলে, কিম্বা মজুরী করিবার কোন জিলার কোন অংশে গেলে, তাহাদের নিজের কি অন্য ব্যক্তিদের রোগ হওয়া সম্ভাবনা, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এমত বোধ করিলে, কিম্বা মজুরী করিবার কোন জিলায় রাজঘটিত গোলযোগ হইবার সম্ভাবনা, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এমত জানিবার কারণ থাকিলে, তিনি আজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়া ঐ জিলাহইতে কিম্বা উক্ত কোন জিলায় কি জিলার কোন বিশেষ অংশে মজুরদের যাওয়া রহিত ও নিষেধ করিতে পারিবেন, ও সময়ে২ সেই আজ্ঞাও রহিত কিম্বা পরিবর্ত্তন করিতে পারিবেন। উক্ত

মজুরদের যাওয়া বারণ করিবার ক্ষমতার কথা।

to revoke or vary any such order; and every such order or variation or revocation thereof shall be published in the *Calcutta Gazette*.

Penalty on engaging natives contrary to such order.

11. Any person who shall knowingly engage any native of India so to emigrate while any such emigration shall be prohibited under the provisions of the last preceding section, shall be liable to a fine not exceeding fifty rupees for every native who may have been so engaged.

Appointment of superintendent of emigration, embarkation agents, and medical inspectors.

12. The Lieutenant-Governor may appoint a proper person to be the superintendent of emigration at Calcutta, and may also appoint any proper person to be superintendent of emigration at any other place with all or any of the powers of a superintendent of emigration, and may also appoint proper persons to be embarkation agents and medical inspectors of emigrants at any places where he may think proper, and define by notification in the *Calcutta Gazette* the local limits within which each such officer shall exercise the powers and authority conferred upon him by this Act. He may at any time suspend or remove any such officer.

Employer may recruit by garden-sirdar.

13. Any employer may, by certificate, authorize a garden-sirdar to engage natives of India to proceed to a labor district for the purpose of laboring therein for hire upon lands of which such employer is in charge, under contracts to be made and executed according to the provisions of this Act.

Superintendent may license contractors and recruiters.

14. It shall be lawful for the superintendent of emigration to grant to such persons as he may think fit licenses to act as contractors for engaging and supplying persons for the purpose of laboring for hire in the labor districts, or to act in behalf of some contractor as recruiters for engaging persons to proceed to the said districts for the purpose of laboring therein for hire.

Duration of contract.

15. A contract executed under the provisions of this Act shall in no case exceed the term of three years from the date of the arrival of the emigrant

প্রত্যেক আজ্ঞা কি আজ্ঞার পরিবর্ত্তন কি রহিত করণের কথা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

ঐ আজ্ঞার বিরুদ্ধে দেশীয় লোকদের সঙ্গে করার করা গেলে দণ্ডের কথা।

১১ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন নিষেধ প্রবল থাকিলেও, কোন ব্যক্তি জানিয়া শুনিয়া ভারতবর্ষজাত কোন লোককে সেই স্থানে যাইতে করার করাইলে, যত জনকে তদ্রূপে করার করায় তাহাদের জনপ্রতি সেই ব্যক্তির পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

বিদেশগমন কার্য্যের তত্ত্বাবধারকের ও নৌকাদিতে চড়াইবার এজেণ্টের ও মজুরদিগকে দেখিবার ডাক্তর সাহেবদের নিযুক্ত হইবার কথা।

১২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বিদেশে যাওন কার্য্যের তত্ত্বাবধারণ করিবার জন্যে কলিকাতায় সুপরিন্টেণ্ডেণ্ট বলিয়া উপযুক্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, এবং অন্য কোন স্থানে বিদেশে যাওন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট নামে কোন উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিয়া তাহাকে বিদেশে যাওনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের সকল কি কোন২ ক্ষমতা দিতে পারিবেন। এবং যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে বিদেশগামিদিগকে নৌকাদিতে চড়াইয়া দিবার জন্যে এজেন্ট, ও তাহাদের দেখিবার জন্যে ডাক্তর নিযুক্ত করিতে পারিবেন, ও উক্ত প্রত্যেক জন কার্য্যকারককে এই আইনমতে যে শক্তি ও ক্ষমতা দেওয়া যায় তাঁহারা যে স্থানের সীমার মধ্যে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহা নিরূপণ করিবেন। তিনি কোন সময়ে উক্ত কোন কার্য্যকারককে সসপেণ্ড কি অবসরও করিতে পারিবেন ইতি।

বাগানের সরদারের দ্বারা কর্ত্তার লোক সংগ্রহ করিয়া আনিবার কথা।

১৩ ধারা। কোন কর্ত্তার অধীনে যে জমী থাকে ভারতবর্ষজাত লোকেরা এই আইনের বিধানমতে চুক্তি করিয়া ও চুক্তিপত্রে দস্তখৎ করিয়া সেই জমীতে মজুরী পাইয়া খাটিবার জন্যে মজুরী করিবার জিলায় যায়; এই নিমিত্ত ঐ কর্ত্তা বাগানের কোন সরদারকে সর্টিফিকট দিয়া ঐ লোকদিগকে যুটাইয়া আনিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

কনট্রাকটরদিগকে ও মজুর সংগ্রাহকদিগকে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের লাইসেন্স দিবার কথা।

১৪ ধারা। বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যাহাদিগকে উপযুক্ত জ্ঞান করেন, এমত কোন ব্যক্তিদিগকে কন্ট্রাকটরের কর্ম্ম দিয়া, মজুরী করিবার জিলায় মজুরী পাইয়া খাটিবার জন্যে লোক করিয়া লইবার ও যুটাইবার লাইসেন্স, কিম্বা কোন কনট্রাকটরের তরফে মজুরসংগ্রাহক হইয়া ঐ জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার লাইসেন্স দিতে পারিবেন ইতি।

চুক্তির মিয়াদের কথা।

১৫ ধারা। এই আইনের বিধানমতে যে চুক্তিপত্র রেজিস্টরী করা যায়, বিদেশগামি ব্যক্তি মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিতে করার করে সেই জিলায় কর্ত্তার

on the estate of his employer in the labor district for which he is engaged.

Form and particulars of contract.

Every such contract shall be in the form in schedule (A) annexed to this Act, and shall be reduced to writing, and shall specify the monthly amount of wages in money, the period of service, the name of the district in which the service is to be performed, and the price at which rice is to be supplied to the laborer.

Chapter 3.—*Garden-sirdar.*

16. Every garden-sirdar, authorized by an employer under the provisions of section 13 to engage natives of India to proceed to a labor district for the purpose of laboring therein for hire, shall, before proceeding to engage any such native, personally present to the magistrate of the district, or division of the district, within which is situate the estate of the employer, a certificate signed by such employer, in which shall be stated the name and description of such garden-sirdar, the name and description of the lands for the purpose of laboring upon which he is about to engage such natives, the district (or the town of Calcutta, as the case may be) in which he is about to engage them, the number which he is authorized to engage, and, if the number exceeds twenty, the name of the contractor to whose depôt they shall be conveyed. The certificate shall be in the form set forth in schedule (B) annexed to this Act.

Garden-sirdar to obtain certificate from employer, and to present it to magistrate.

17. Such magistrate shall inquire into the facts stated in such certificate, and, upon being satisfied that the same are true, shall, unless it appears to him that the person so presenting such certificate is unfit to be employed for the purpose of engaging natives to proceed to a labor district to labor therein for hire, countersign and date such certificate; and every such certificate shall be in force for six months from the date last mentioned, and no longer.

Magistrate after inquiry to countersign it.

18. If, under his certificate from his employer, any garden-sirdar is authorized to engage more than twenty natives of India, he shall be in all respects, save as regards his certificate, subject to the provisions of this Act which relate to recruiters. The following rules of this chapter shall apply to every garden-sirdar who is not authorized to engage more than twenty such natives.

Garden-sirdar authorized to engage more than twenty natives to be subject to provisions relating to a recruiter.

[*Government Gazette*, 13*th January* 1874.]

জমীতে পঁহুছিবার তারিখ অবধি কোন মতেই তিন বৎসরের অধিক মিয়াদের সেই চুক্তি হইবে না। উক্ত প্রত্যেক চুক্তিপত্র এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে লিখিয়া দেওয়া যাইবে। মজুরকে মাসেং যত টাকা বেতন দেওয়া যাইবে, ও তাহার যত কাল চাকরী করিতে হইবে, ও সে যে জিলায় চাকরী করিবে সেই জিলার নাম, ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে, ঐ চুক্তিপত্রে এই সকল কথা বিশেষ করিয়া লেখা থাকিবে ইতি।

চুক্তির পাঠ ও মর্ম্মের কথা।

৩ পরিচ্ছেদ।—বাগানের সরদারের কথা।

১৬ ধারা। ১৩ ধারার বিধানমতে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া কর্ম্ম করিবার জন্যে কর্ত্তার নিকটে বাগানের কোন সরদার ভারতবর্ষজাত লোক করিয়া লইতে ক্ষমতা পাইলে, কর্ত্তার জমী যে জিলার কি যে মহকুমার মধ্যে থাকে, ঐ বাগানের সরদার, বিদেশগামি উক্ত প্রকারের কোন লোক করিয়া লইবার পুর্ব্বে, আপনি সেই জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট গিয়া, ঐ কর্ত্তার দস্তখত্ত করা সর্টিফিকট দেখাইবেন। তন্মধ্যে ঐ বাগানের সরদারের নাম ও বেওরা লেখা থাকিবে, ও যে জমীতে মজুরী করিবার জন্যে দেশীয় লোক করিয়া লইবে সেই জমীর নাম ও বর্ণনা, ও যে জিলায় গিয়া লোক করিয়া লইবে সেই জিলার নাম, কিম্বা বিষয়বিশেষে কলিকাতায় গিয়া লোক করিয়া লইবে এই কথা, ও তদ্রূপে যত জন করিয়া লইবার অনুমতি থাকে তাহাদের সংখ্যা, ও কুড়ি জনের অধিক হইলে তাহাদিগকে যে কনট্রাকুটরের আডডায় লইয়া যাইবে তাহার নাম লেখা থাকিবে। ঐ সর্টিফিকট এই আইনের B তফসীলের পাঠে লিখিতে হইবে ইতি।

কর্ত্তার স্থানে বাগানের সরদারের সর্টিফিকট লইয়া মাজিষ্ট্রেটকে দেখাইবার কথা।

১৭ ধারা। ঐ সর্টিফিকটের মধ্যে যে বৃত্তান্ত লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেব তাহার তত্ত্ব লইয়া হৃদ্বোধমতে সত্য জানিলে, ও যে ব্যক্তি ঐ সর্টিফিকট দেখায় সে মজুরী করিবার জিলায় মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার যোগ্য নয়, তিনি এমত জ্ঞান না করিলে, ঐ সর্টিফিকটে আড়সহী করিয়া তারিখ লিখিবেন। ও সেই সর্টিফিকট সেই শেষোক্ত তারিখঅবধি ছয় মাস প্রবল থাকিবে, তাহার অধিক নয় ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের সন্ধান লইয়া তাহাতে আড়সহী করিবার কথা।

১৮ ধারা। কর্ত্তার সর্টিফিকট দ্বারা কোন বাগানের সরদার ভারতবর্ষজাত কুড়ি জনের অধিক লোক করিয়া লইতে ক্ষমতা পাইলে, এই আইনে মজুরসংগ্রাহকদের বিষয়ে যে সকল বিধান আছে সেই সরদার সর্টিফিকটের কথাছাড়া অন্য সকল বিষয়ে সেই বিধানের অধীন থাকিবে। বাগানের সরদার কুড়ি জনের অধিক মজুর করিয়া লইতে ক্ষমতা না পাইলে, তাহার প্রতি এই অধ্যায়ের পশ্চাল্লিখিত বিধি খাটিবে ইতি।

বাগানের সরদার ২০ জনের অধিক মজুর করিয়া লইবার ক্ষমতা পাইলে তাহার প্রতি মজুরসংগ্রাহক বিষয়ক বিধান খাটিবার কথা।

Garden-sirdar who is not a Recruiter.

19. A garden-sirdar shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant, until his certificate has been countersigned by the Magistrate of such district or of such division of the district; or in Calcutta, until his certificate has been countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta,

Has no authority until certificate is countersigned by magistrate.

It shall be lawful for such magistrate, in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a garden-sirdar, to cancel the certificate of such garden-sirdar.

Magistrate may cancel certificate.

20. Every native of India, who enters into an engagement with a garden-sirdar to proceed to a labor district for the purpose of laboring for hire, shall appear with the garden-sirdar before the magistrate of the district or of the division of the district within which the engagement was made, or through which he shall first pass on the road to his destination. The garden-sirdar shall at the same time produce his certificate to the magistrate.

Every native to appear before magistrate before removal from district.

21. On the appearance of such native the magistrate shall examine him with reference to his engagement; and, if it appears that he understands such engagement as regards the locality, period, and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same, the magistrate shall register, in a book to be kept for the purpose, the following particulars, viz.—

Magistrate to examine native, and if the examination is satisfactory, to register particulars;

(1)—The name, the name of the father, and the age, of such native;

(2)—The name of the village or place of which such native is a resident;

(3)—The labor district to which he is engaged to proceed;

(4)—The period of service;

(5)—The rate of wages, and the price at which rice is to be supplied.

বাগানের সরদার মজুর সংগ্রাহক না হইলে তাহার বিধি।

১৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন কোন জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেব বাগানের সরদারের সর্টিফিকটে আড়সহী না করিলে, সেই জিলার কি মহকুমার মধ্যে, এবং কলিকাতার পোলীসের কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর সাহেব সর্টিফিকটে আড়সহী না করিলে কলিকাতায়, সেই সরদার ভারতবর্ষজাত কোন লোক করিয়া লইতে কি করিয়া লইবার চেষ্টা করিতেও পারিবে না।

মাজিষ্ট্রেট সাহেব সর্টিফিকটে আড়সহী না করিলে তাহার ক্ষমতা না থাকার কথা।

বাগানের সরদার অহিতাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তুচ্ছ করিলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ বাগানের সরদারের সর্টিফিকট বাতিল করিতে পারিবেন ইতি।

ঐ সর্টিফিকট মাজিষ্ট্রেট সাহেবের বাতিল করিবার ক্ষমতার কথা।

২০ ধারা। ভারতবর্ষজাত কোন লোক মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে মজুরী করিবার জিলায় যাইতে কোন বাগানের সরদারের সঙ্গে করার করিলে, যে জিলায় কি মহকুমায় ঐ করার করিল বাগানের সরদারের সঙ্গে সেই জিলার কি মহকুমায়, কিম্বা লক্ষিত স্থানে যাইবার পথে প্রথম যে জিলায় কি মহকুমায় পঁহুছে, তথাকার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে। বাগানের সরদার সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার সর্টিফিকটও দেখাইবেন ইতি।

জিলাহইতে যাইবার পূর্ব্বে মাজিষ্ট্রেটের নিকট দেশীয় ব্যক্তির আসিবার কথা।

২১ ধারা। দেশীয় সেই ব্যক্তি তাঁহার নিকট গেলে, মাজিষ্ট্রেট সাহেব তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিবেন। ও যে স্থানে যাইবে, ও তাহার যত কাল যে প্রকারের কর্ম্ম করিতে হইবে, ও যে হারে বেতন পাইবে, ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে, এই সকল বিষয় ধরিয়া সে আপন করারের ভাব বুঝিয়াছে, ও করারমতে কর্ম্ম করিতে ইচ্ছুক আছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, তাঁহার নিকট নিম্নলিখিত বেওরা লিখিবার যে বহী থাকে তিনি সেই বহীতে নিম্নলিখিত সকল বিবরণ রেজিষ্টরী করিয়া রাখিবেন।

মাজিষ্ট্রেট সেই ব্যক্তির নিকট জিজ্ঞাসাবাদ করিয়া সন্তোষজনক উত্তর পাইলে যে বিবরণ রেজিষ্টরী করিবেন তাহার কথা।

১। দেশীয় সেই ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

২। সেই ব্যক্তি যে গ্রাম কি যে স্থানবাসী হয় তাহার নাম।

৩। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে।

৪। যত কাল চাকরী করিবে।

৫। যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে।

Provided that the magistrate may, if he thinks fit, require such native to appear before such medical officer as he may direct, and may refuse to register such native, unless the medical officer certifies in writing that he is in a fit state of health and able in point of physical condition to journey to and work for hire in a labor district.

but may require medical certificate.

22. If the magistrate finds that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, or if the garden-sirdar shall not have produced his certificate, he shall refuse to register such native.

Magistrate, &c., may refuse to register.

23. For the registration of every such native the garden-sirdar shall pay to the registering officer a fee not exceeding one rupee and eight annas.

Fee to be paid for registration.

24. When such registration has been made, the emigrant shall execute a contract with the employer with whom he intends to contract. Such contract shall, in the presence of the magistrate, be signed in duplicate both by the emigrant and by the garden-sirdar on behalf of his employer. The contract may be written or printed, or partly written and partly printed, and shall be on substantial paper. An abstract of every such contract shall be entered in a register to be kept by the magistrate for the purpose; and after such abstract has been so entered, one of the duplicates shall be given to the emigrant and the other to the garden-sirdar.

Contract to be executed in duplicate and abstract to be entered in book to be kept by the magistrate;

The magistrate shall forward a certified copy of every such abstract so entered as aforesaid to the superintendent of emigration, by whom it shall be forwarded, after entry in his own register, to the magistrate of the district within which the service under such contract is agreed to be performed.

and copy to be sent to superintendent and magistrate.

[*Government Gazette*, 13*th January* 1874.]

কিন্তু মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে, যে ডাক্তর সাহেবের নিকট এদেশীয় ঐ ব্যক্তিকে যাইতে বলেন তাহাকে তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন। ও স্বাস্থ্যপক্ষে তাহার অবস্থা ও শরীর গতিক বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও তথায় মজুরী লইয়া কর্ম্ম করিতে পারিবে, ঐ ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দিলে, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

কিন্তু ডাক্তরের সর্টিফিকট চাহিতে পারিবার কথা।

২২ ধারা। দেশীয় সেই ব্যক্তি করারের ভাব বুঝে নাই, কিম্বা তাহাকে প্রতারণা করিয়া কি মিথ্যা কহিয়া করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বিবেচনা করিলে, কিম্বা বাগানের সরদার আপনার সর্টিফিকট না দেখাইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তিকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

রেজিষ্টরী করিতে মাজিষ্ট্রেট সাহেবের অস্বীকার করিতে পারিবার কথা।

২৩ ধারা। দেশীয় যত ব্যক্তিকে রেজিষ্টরী করা যায়, বাগানের সরদার তাহারদের প্রত্যেক জনের নিমিত্ত রেজিষ্টরীকরণিয়া কার্য্যকারককে ১৷৷০ দেড় টাকার অনধিক ফী দিবে ইতি।

রেজিষ্টরী করিবার যে ফী দিতে হইবে তাহার কথা।

২৪ ধারা। বিদেশগামি ব্যক্তি যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিতে মানস করে, পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী করা গেলে পর সে কর্ত্তার নিকট চুক্তিপত্র করিয়া দিবে। ঐ পত্র দোকর করা যাইবে, ও বিদেশগামি ব্যক্তি, এবং কর্ত্তার পক্ষে বাগানের সরদার, মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে, ঐ দুই খান পত্রে সহী করিবে। সেই চুক্তিপত্র উত্তম কাগজে লেখা কিম্বা ছাপান যাইবে কিম্বা তাহার একাংশ লেখা ও একাংশ ছাপান যাইবে। মাজিষ্ট্রেট সাহেব রেজিষ্টরী বহী রাখিয়া, সেই বহীতে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিয়া রাখিবেন। তাহা লেখা গেলে পর, ঐ চুক্তিপত্রের এক কেতা বিদেশগামিকে, ও এক কেতা বাগানের সরদারকে দেওয়া যাইবে।

চুক্তিপত্র দোকর করিয়া লিখিবার ও তাহার চুম্বক মাজিষ্ট্রেটের বহীতে লিখিয়া রাখিবার কথা

ঐ চুম্বক উক্ত প্রকারে বহীতে লেখা গেলে পর, মাজিষ্ট্রেট সাহেব বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহার সর্টিফিকটযুক্ত নকল পাঠাইয়া দিবেন। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার রেজিষ্টরী বহীতে তাহা লিখিয়া, ঐ চুক্তিপত্রে মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিবার করার হইয়াছে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

তাহার নকল সুপরিণ্টেণ্ডেণ্ট ও মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

25. The provisions of the six last preceding sections shall be applicable to natives of India engaged by a garden-sirdar within the town of Calcutta, except that they shall appear for registration and execution of contract before the superintendent of emigration.

Similar provisions for natives recruited in Calcutta.

26. Every native of India who shall be brought or induced to come by any garden-sirdar from any province or district not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract to proceed to the labor districts to labor therein for hire, shall be presented by the garden-sirdar for registry under the provisions of this chapter at some place within the district under the control of the said Lieutenant-Governor into which he shall first come, or at Calcutta, if he shall first come there.

Natives recruited in districts not in Bengal.

27. The garden-sirdar shall personally accompany natives of India engaged by him throughout their journey from the place in which the engagement was made to the place in which they are to be employed.

Garden-sirdar must personally accompany emigrants.

28. It shall not be lawful for two or more garden-sirdars to proceed together towards a labor district accompanied by emigrants, if the total number of such emigrants exceeds twenty, or unless the permission of the superintendent of emigration or embarkation agent shall have been first obtained.

Garden-sirdar cannot proceed with more than twenty emigrants in one batch.

29. Every garden-sirdar, by whom any emigrant is accompanied, shall provide such emigrant with proper and sufficient food and lodging throughout such journey. If it shall appear to any magistrate, on the complaint of any such emigrant, at any place on the journey that he has suffered any ill-treatment during the journey or that the garden-sirdar has failed to provide him with proper and sufficient food and lodging; or if it be found on examination by a medical officer appointed by a magistrate for such purpose, that any such emigrant is not in a fit state of health to proceed to or to labor

Garden-sirdar must provide food and lodging for emigrants on journey.

If such not provided, or if emigrant unfit, magistrate may award compensation, or cancel contract.

২৫ ধারা। কোন বাগানের সরদার কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত লোক করিয়া লইলে, ইহার পূর্ব্ব ছয়টি ধারার বিধান তাহারদের সকলের প্রতি খাটিবে, কেবল বিশেষ এই, রেজিষ্টরী করিবার ও চুক্তিপত্রে সহী করাইবার জন্যে তাহারদিগকে বিদেশগমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত করিতে হইবে ইতি।

কলিকাতায় যে লোক-সংগ্রহ করা যায় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

২৬ ধারা। যে প্রদেশ কি জিলা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন নয়, বাগানের কোন সরদার মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার চুক্তি করিয়া লইবার নিমিত্ত ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে এমত প্রদেশ কি জিলাহইতে আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন জিলার মধ্যে প্রথম যে স্থানে পঁহুছে, বাগানের সরদার সেই স্থানে, কিম্বা কলিকাতায় প্রথমে পঁহুছিলে কলিকাতায়, এই পরিচ্ছেদের বিধানমতে রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

বঙ্গদেশের অন্তর্গত নয় এমন জিলার মধ্যে দেশীয় ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

২৭ ধারা। বাগানের সরদার ভারতবর্ষজাত যে২ লোক করিয়া লয়, যে স্থানে তাহাদিগকে করিয়া লওয়া যায় তথাহইতে, তাহাদের যে স্থানে কর্ম্ম করিতে হইবে সেই স্থানপর্য্যন্ত, তাহাদের সঙ্গে২ তাহার নিজে সমুদয় পথ যাইতে হইবে ইতি।

বিদেশগামিদের সঙ্গে বাগানের সরদারের নিজে যাইবার কথা।

২৮ ধারা। দুই কি অধিক জন বাগানের সরদারের সঙ্গে মোটে কুড়ি জনের অধিক বিদেশগামী থাকিলে, কিম্বা গমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কি নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেবের অনুমতি না পাইলে, তাহারা সেই বিদেশগামিদিগকে লইয়া মজুরী করিবার জিলারদিগে একত্র যাইতে পারিবে না ইতি।

একি দলে কুড়ি জনের অধিক মজুর লইয়া বাগানের সরদারের যাইতে না পারিবার কথা।

২৯ ধারা। বিদেশগামির সঙ্গে বাগানের যে২ সরদার যায়, সে পথের মধ্যে ঐ বিদেশগামির উপযুক্ত আহারীয় দ্রব্যের ও থাকিবার স্থানের বিধান করিবে। পথের মধ্যে কোন স্থানে বিদেশগামির প্রতি অত্যাচার হইয়াছে, কিম্বা বাগানের সরদার উপযুক্ত ও প্রয়োজনমত আহারীয় দ্রব্য ও থাকিবার স্থান করিয়া দেয় নাই, উক্ত কোন বিদেশগামির নালিশমতে কোন মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব তাহাকে দেখিবার নিমিত্ত যে ডাক্তরকে নিযুক্ত করেন, তিনি

পথে যাইবার সময়ে মজুরদের আহার ও থাকিবার স্থান বিষয়ে বাগানের সরদারের বিধান করিবার কথা।

ঐ বিধান না করিলে কিম্বা বিদেশগামী অনুপযুক্ত লোক হইলে মাজিষ্ট্রেট সাহেবের হানিপূরণ করাইয়া দিবার কি চুক্তি বাতিল করিবার কথা।

in a labor-district; such magistrate may order the garden-sirdar to pay to such emigrant a sum of money by way of compensation, or may cancel the contract and order the garden-sirdar to pay to him a sum of money sufficient to enable him to return to the place at which he was engaged.

Recovery of fines ordered to be paid by Magistrate.

30. If any garden-sirdar, who may be ordered under the provisions of the last preceding section to pay any sum of money, shall for twenty-four hours omit to comply with such order, it shall be lawful for the magistrate to advance the amount so ordered to be paid to the emigrant named in such order, and to recover from his employer the sum so advanced with interest at the rate of twelve per centum per annum from the date of such advance.

Agent in Calcutta may procure order from superintendent of emigration cancelling the contract on payment of expense of return.

31. On the arrival in Calcutta of any emigrant whose contract has been executed by a garden-sirdar on behalf of his employer, any person empowered to act as the agent or representative of such employer may require the emigrant to appear before the superintendent of emigration for the purpose of cancelling the contract. The superintendent of emigration shall, on the appearance of such emigrant, declare that the contract is cancelled, if a sum of money sufficient for his support during his return to the place at which he was engaged, be paid to him before himself, and not otherwise, and shall make an endorsement to that effect on the contract, and shall attest it with his signature. Provided that the contract of any husband or wife or parent or child of such emigrant, who may have executed a contract at the same time with the same employer, shall be cancelled at the request of such person, and in such case an equal sum of money shall be paid to such person.

Must report arrival in labor district.

32. As soon as possible after the arrival of the garden-sirdar with emigrants at the place of disembarkation, or at the nearest civil station in the district within which the emigrant has engaged to labor, the garden-sirdar shall report himself to the magistrate of the district or division of the district or to any subordinate magistrate whom the magistrate may depute for that purpose, and such magistrate shall check the

ভাল করিয়া দেখিলে উক্ত বিদেশগামির রোগাদি প্রযুক্ত মজুরী করিবার জিলায় গিয়া মজুরী করিতে তাহাকে অযোগ্য জানা গেলে, মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির হানিপুরণ বলিয়া বাগানের সরদারকে টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা তিনি চুক্তি বাতিল করিয়া যে স্থানে ঐ লোককে করিয়া লওয়া গিয়াছিল বাগানের সরদারকে তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট অর্থদণ্ড দিবার আজ্ঞা করিলে ঐ টাকা আদায় করিবার কথা।

৩০ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে বাগানের সরদারের প্রতি টাকা দিবার আজ্ঞা হইলে, যদি সে চব্বিশ ঘন্টার মধ্যে সেই আজ্ঞা মতে কর্ম্ম না করে, তবে ঐ আজ্ঞাপত্রে বিদেশগামিকে যত টাকা দিবার আজ্ঞা হইল, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই টাকা আগাম দিতে পারিবেন, ও দিবার তারিখ অবধি বৎসর শতকরা ১২ টাকার হিসাবে সুদ ধরিয়া সরদারের কর্ত্তার স্থানে সুদসমেত ঐ আগাম দেওয়া টাকা আদায় করিতে পারিবেন ইতি।

কলিকাতার এজেণ্ট মজুরের ফিরিয়া যাইবার খরচ দিয়া চুক্তি বাতিল করিতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আজ্ঞা পাইবার কথা।

৩১ ধারা। বাগানের সরদার আপনার কর্ত্তার পক্ষে কোন বিদেশগামির চুক্তিপত্রে স্বাক্ষর করিলে পর, সেই ব্যক্তি কলিকাতায় পঁহুছিলে, ঐ কর্ত্তার এজেণ্ট কি প্রতিনিধিস্বরূপ যে ব্যক্তি কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন, তিনি চুক্তি বাতিল করিবার জন্যে ঐ মজুরকে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টে সাহেবের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরে ঐ বিদেশগামী বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে, তাহাকে যে স্থানহইতে করিয়া লওয়া গিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার পথ খরচের উপযুক্ত টাকা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাৎ দেওয়া গেলে, তিনি ঐ চুক্তি বাতিল বলিয়া প্রকাশ করিবেন, ও চুক্তিপত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের কথা লিখিয়া আপনি সাক্ষীস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন। কিন্তু ঐ পথখরচ তাঁহার সাক্ষাৎ না দেওয়া গেলে তিনি ঐ চুক্তিপত্র বাতিল করিবেন না। আরো ঐ বিদেশগামির স্বামী কি স্ত্রী কি পিতা কি মাতা কি সন্তান সেই সময়ে সেই কর্ত্তার নিকট কর্ম্ম করিতে চুক্তি করিয়া থাকিলে, সেও চাহিলে তাহার চুক্তিও বাতিল করা যাইবে, ও তাহাকেও তত্তুল্য টাকা দেওয়া যাইবে ইতি।

মজুরী করিবার জিলায় পঁহুছিলে রিপোর্ট করিতে হইবার কথা।

৩২ ধারা। বাগানের সরদার বিদেশগামিদিগকে লইয়া নৌকাদিহইতে নামিয়া যাইবার স্থানে, কিম্বা বিদেশগামী যে জিলায় কর্ম্ম করিতে করার করিল সেই জিলার অতি নিকট দেওয়ানী মোকামে পঁহুছিলেই, ঐ বাগানের সরদার সাধ্যমতে ত্বরায় ঐ জিলার কিম্বা মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব সেই কার্য্যে আপনার অধীন কোন মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিলে তাঁহার নিকট, আপনার

number of emigrants landed with the number of those registered, and shall report to the superintendent of emigration any deaths which may have occurred on the journey. Any garden-sirdar who neglects to report himself as aforesaid shall on conviction by a magistrate be punished with imprisonment, simple or rigorous, which may extend to three months.

Chapter 4.—Contractor.

Form of license.

33. The license granted to a contractor under section 14 shall be in the form set forth in the schedule (C) annexed to this Act.

Fee.

For every license there shall be paid to the superintendent of emigration a fee not exceeding one hundred rupees.

Period.

Every such license shall be in force for one year and no longer; and in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a contractor, the superintendent may cancel his license before the expiration of such period.

To give information to superintendent.

34. It shall be the duty of every contractor to afford such information to the superintendent of emigration, and to make such returns and reports to him as the superintendent, with the sanction of the Lieutenant-Governor, may from time to time require.

To establish and maintain depôts.

35. Every contractor shall forthwith, upon obtaining his license, establish a depôt in a place to be approved of by the superintendent of emigration. Every such depôt shall be maintained by such contractor for the reception of natives of India to be supplied or forwarded by or through him. All such natives shall on their arrival at or in the neighbourhood of the depôt so established by the contractor, by, through, to, or for whom they were engaged or forwarded, be forthwith received therein; and shall receive in such depôt, at the expense of such contractor, suitable lodging, food, clothing, and medical attendance, until such native shall be declared by the superintendent to be no longer thereto entitled. Every such depôt as aforesaid shall be under the supervision of the superintendent, and shall be open to his inspection and the inspection of the medical inspector at all times.

পঁহুছিবার রিপোর্ট করিবেন। তাহা হইলে নৌকাদিহইতে যত জন মজুর নামিয়া যায় ঐ মাজিষ্ট্রেট সাহেব তাহাদের সংখ্যা রেজিস্টরী সংখ্যার সঙ্গে মিলাইয়া দেখিবেন। ও তাহাদের মধ্যে কেহ পথে মরিয়া গেলে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে তাহার রিপোর্ট করিবেন। বাগানের সরদার পূর্ব্বোক্তমতে রিপোর্ট না করিলে, মাজিষ্ট্রেটের দ্বারা তাহার অপরাধ নির্ণয় হইলে তাহার তিন মাসের অনধিক কাল সামান্যরূপে কিম্বা কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

৪ পরিচ্ছেদ।—কন্‌ট্রাকটরদের কথা।

লাইসেন্স লিখিবার পাঠ।

৩৩ ধারা। কনট্রাকটরকে ১৪ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায়, তাহা এই আইনের C চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে।

ফীর কথা।

উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে এক শত টাকার অনধিক ফী দেওয়া যাইবে।

মিয়াদের কথা।

উক্ত প্রত্যেক লাইসেন্স এক বৎসর বলবৎ থাকিবে তাহার অধিক নয়। এবং কনট্রাকটর কোন অত্যাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি মানিতে তাচ্ছল্য করিলে, যে মিয়াদের নিমিত্ত লাইসেন্স দেওয়া গেল তাহা না ফুরাইলেও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই লাইসেন্স বাতিল করিতে পারিবেন ইতি।

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সন্ধান জানাইবার কথা।

৩৪ ধারা। বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যেং বিষয়ের সন্ধান জানিতে চাহেন, ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া তিনি সময়েং কন্‌ট্রাকুটরের স্থানে যেং রিপোর্ট ও রিটর্ণ চাহেন, প্রত্যেক জন কন্‌ট্রাকুটর তাঁহাকে সেই সন্ধান জানাইবেন ও তাঁহাকে সেই রিপোর্ট ও রিটর্ণ দিবেন ইতি।

আড্ডা স্থাপন করিয়া রাখিবার কথা।

৩৫ ধারা। প্রত্যেক কন্‌ট্রাকুটর লাইসেন্স পাইলেই বিদেশ গমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমোদিত স্থানে আড্ডা করিয়া রাখিবেন। ভারতবর্ষবাসি এদেশীয় যে লোকদিগকে উক্ত কন্‌ট্রাকুটরকর্ত্তৃক কি তাঁহার দ্বারা যুটাইয়া দেওয়া কি চালান করা যায়, ঐ কন্‌ট্রাকুটর তাহাদের থাকিবার উপযুক্তমতে ঐ আড্ডা রাখিবেন। উক্ত যে কন্‌ট্রাকুটরের দ্বারা কি যাহার নিকটে কি নিমিত্তে এদেশীয় তদ্রূপ লোক যুটাইয়া দেওয়া কি চালান করা যায়, তাহারা ঐ কন্‌ট্রাকুটরের স্থাপিত আড্ডায় কি তন্নিকটে পঁহুছিলে তাহাদিগকে তৎক্ষণাৎ সেই আড্ডায় আনা যাইবে, এবং সেই আড্ডায় তাহারা ঐ কন্‌ট্রাকুটরের খরচে থাকিবার উপযুক্ত স্থান ও খোরাকপোষাক ও চিকিৎসা পাইবে, এবং তাহাদের সেই সকল বিষয় আর পাইবার অধিকার নাই সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ইহা যত কাল প্রকাশ না করেন তত কাল তাহারা তাহা পাইতে থাকিবে। উক্ত প্রত্যেক আড্ডা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের তত্ত্বাধীনে থাকিবে এবং তিনি ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব যে সময়ে হউক সেই সময়ে গিয়া দেখিতে পারিবেন ইতি।

May act as recruiter.

36. A contractor may without other license act as a recruiter, and shall in such case be subject to all the provisions hereinafter contained with regard to recruiters.

Establishment of hospital depôt.

37. In addition to the depôts for the reception of emigrants which the contractors are required to establish and maintain, the Lieutenant-Governor may at any time direct that a separate depôt shall be established and maintained at any place for the reception of emigrants who are affected with cholera or other contagious disease.

Contractor to contribute to expense.

Whenever such hospital depôt is established, every contractor may be required to contribute to the expense of establishing and maintaining it in such proportion as the Lieutenant-Governor may direct.

Under charge of medical inspector.

Such hospital depôt shall be under the charge of the medical inspector, who shall be competent at any time to direct the transfer thereto of any emigrants on or after their arrival at any depôt.

Chapter 5.—*Recruiter.*

Form of license.

38. The license granted to a recruiter under section 14 shall be in the form set forth in schedule (D) annexed to this Act.

Fee.

For every license there shall be paid to the superintendent of emigration a fee not exceeding sixteen rupees.

Period.

Every such license shall be in force for one year and no longer; and in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a recruiter, the superintendent may cancel his license before the expiration of such period.

Recruiter must hold a pass.

39. Every recruiter shall hold a written pass signed by the contractor on whose behalf he is licensed to act.

No authority till license is countersigned by magistrate of recruiting district.

40. A recruiter shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant until his license has been countersigned by the magistrate of the district, or of the division of the district, or in Calcutta, until his license has been

মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবার কথা।

৩৬ ধারা। কন্ট্রাকটর স্বতন্ত্র লাইসেন্স না লইয়া মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবে। তাহা করিলে ইহার পশ্চাৎভাগে মজুরসংগ্রাহকদের বিষয়ে যেহ বিধি লেখা আছে ঐ কন্ট্রাকটরের প্রতি সেই সকল বিধি খাটিবে ইতি।

হাস্পাতাল স্থাপন করিবার কথা।

৩৭ ধারা। বিদেশগামি ব্যক্তিদের থাকিবার যে আডডা কন্ট্রাকটরদের স্থাপন করিয়া রাখিতে আজ্ঞা হইল, তাহাছাড়া বিদেশগামি কোন ব্যক্তির ওলাউঠা কি অন্য প্রকারের সঞ্চারক রোগ হইলে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন সময়ে কোন স্থানে তাহারদের থাকিবার স্বতন্ত্র একটি আডডা করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। সেই প্রকারের হাস্পাতালরূপ আডডা করা গেলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা স্থাপন করিয়া রাখিবার

খরচের একাংশ কন্ট্রাকটরের দিবার কথা।

খরচের যে অংশ নিরূপণ করেন, কন্ট্রাকটরের প্রতি সেই অংশ দিবার আজ্ঞা হইতে পারিবে।

তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীন থাকিবার কথা।

সেই হাস্পাতাল পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীন থাকিবে। আডডায় বিদেশগামিদের পহুছিবার সময়ে কি তৎপরে তিনি তাহাদের কোন ব্যক্তিকে সেই হাস্পাতালে পাঠাইবার আজ্ঞা দিতে পারিবেন।

৫ পরিচ্ছেদ।—মজুরসংগ্রাহকের কথা।

লাইসেন্স লিখিবার পাঠ।

৩৮ ধারা। মজুরসংগ্রাহককে ১৪ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা এই আইনের D তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে লিখিতে হইবে।

ফীর কথা।

তদ্রূপ প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে ১৬ টাকার অনধিক ফী দেওয়া যাইবে।

মিয়াদের কথা।

ঐ লাইসেন্স এক বৎসর বলবৎ থাকিবে, তাহার অধিক নয়। এবং মজুরসংগ্রাহক কোন অহিতচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তাচ্ছল্য করিলে, লাইসেন্স যে মিয়াদের নিমিত্ত দেওয়া গেল. তাহা না ফুরাইলেও, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহা বাতিল করিতে পারিবেন ইতি।

মজুরসংগ্রাহকের পাস লইতে হইবার কথা।

৩৯ ধারা। প্রত্যেক জন মজুরসংগ্রাহকের নিকট হাতের লেখা একহ থান পাস থাকিবে। যে কন্ট্রাকটরের পক্ষে কর্ম্ম করিবার অনুমতি পায় ঐ পাসে তাহার স্বাক্ষর থাকিবে ইতি।

যে জিলায় মজুর সংগ্রহ করা যাইবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ লাইসেন্সপত্রে আড়সহী না করিলে তাহার বল না থাকার কথা।

৪০ ধারা। কোন মজুরসংগ্রাহকের লাইসেন্সপত্রে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন কোন জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের আড়সহী না থাকিলে, ঐ জিলার মধ্যে বিদেশে যাইবার জন্যে ভারতবর্ষজাত কোন লোক করিয়া লইতে কি করিয়া লইবার

countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta; and such magistrate or commissioner or deputy commissioner of police shall, unless it appears to him that the person to whom a license has been granted is unfit to be employed as a recruiter, countersign such license.

Magistrate may withdraw license and suspend recruiting.

The magistrate or commissioner or deputy commissioner of police may at any time for any sufficient reason withdraw such license, provided that in any such case he shall record his reasons in writing, and shall forward a copy thereof without delay to the superintendent of emigration.

Recruiter to provide accommodation for natives before license is countersigned.

41. The magistrate or the commissioner or deputy commissioner of police in Calcutta, to whom any recruiter's license shall have been exhibited for countersignature, shall not countersign the same until he shall be satisfied that sufficient accommodation has been provided and is available for such natives of India as may be engaged by such recruiter pending their removal to a depôt.

Magistrate charged with superintendence of accommodation.

The magistrate of the district, or division of the district, in which there may be any such accommodation provided, shall have, for the supervision, management, and regulation of such accommodation, all such and the same powers and authorities as are vested in the superintendent of emigration for the supervision, management, and regulation of depôts which are subject to the powers and authority of the superintendent.

Native to be taken for examination to medical officer, who may reject.

42. Every native of India who shall, in any place or town within the said provinces, enter into any engagement with any recruiter to proceed to a labor district, for the purpose of laboring for hire, shall be brought by such recruiter before such medical officer as the Lieutenant-Governor may from time to time appoint to examine such natives within such place or town; or, if no such officer has been appointed, before such medical officer as the magistrate may direct. The medical officer shall thereupon examine the native brought by the recruiter,

চেষ্টা করিতে তাহার কোন ক্ষমতা নাই। এবং কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার লাইসেন্সপত্রে আড়সহী না করিলে তাহার তদ্রূপ ক্ষমতা নাই। ঐ লাইসেন্স যে ব্যক্তিকে দেওয়া যায় সে মজুরসংগ্রাহকের কর্ম্ম করিবার যোগ্য নয়, উক্ত মাজিষ্ট্রেট সাহেব কি পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব এমত বোধ না করিলে, তিনি সেই লাইসেন্সপত্রে আড়সহী করিবেন।

লাইসেন্স রহিত করিয়া মজুরসংগ্রহকার্য্য স্থগিত রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

কোন সময়ে উপযুক্ত কোন কারণ থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব সেইরূপ লাইসেন্স ফিরিয়া লইতে পারিবেন। তাহা করিলে তিনি কারণ লিখিয়া রাখিবেন, ও বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অগৌণে তাহার নকল পাঠাইবেন ইতি।

লাইসেন্সপত্রে আড়সহী করিবার পূর্ব্বে দেশীয় লোকের থাকিবার নিমিত্তে মজুরসংগ্রাহকের স্থান করিয়া রাখিবার কথা।

৪১ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেবের কি ডেপুটী কমিশ্যনর সাহেবের আড়সহী করিবার নিমিত্তে কোন মজুরসংগ্রাহকের লাইসেন্স আনা গেলে, ভারতবর্ষজাত যে লোককে করিয়া লওয়া যাইবে আড্ডায় চালান করিবার পূর্ব্বে তাহাদের থাকিবার উপযুক্ত স্থান প্রস্তুত করিয়া রাখা গিয়াছে ও তাহারা সেই স্থানে থাকিতে পারিবে, উক্ত মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতি ইহা হৃদ্বোধমতে না জানিলে সেই লাইসেন্সপত্রে আড়সহী করিবেন না।

তাহাদের থাকিবার স্থানের তত্ব লইবার ভার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি থাকার কথা।

ঐ ব্যক্তিদের থাকিবার তদ্রূপ স্থান কোন জিলায় কি মহকুমায় প্রস্তুত করা গেলে, বিদেশগমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের শক্তির ও ক্ষমতার অধীন আড্ডার তত্ত্বাবধারণ করিবার ও তাহার কার্য্য চালাইবার ও তাহার বিধান করিবার নিমিত্ত ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা বর্ত্তে, উক্ত জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি সেই স্থানের তত্ত্বাবধারণের ও তাহার কার্য্য চালাইবার ও বিধান করিবার নিমিত্ত সেই সকল ও তত্তুল্য শক্তি ও ক্ষমতা বর্ত্তিবে ইতি।

দেশীয় ব্যক্তিকে ডাক্তর সাহেবের নিকট আনিবার কথা ও তাঁহার অগ্রাহ্য করিতে পারিবার কথা।

৪২ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তি মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে মজুরী করিবার জিলায় যাইতে উক্ত প্রদেশের অন্তর্গত কোন স্থানে কি নগরে কোন মজুরসংগ্রাহকের সঙ্গে করার করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ স্থানে কি নগরে ঐ ব্যক্তিদিগকে দেখিবার জন্যে সময়ে২ যে ডাক্তরকে নিযুক্ত করেন, মজুরসংগ্রাহক সেই ডাক্তরের সম্মুখে ঐ ব্যক্তিকে আনিবে, কিম্বা তদ্রূপে ডাক্তর নিযুক্ত না থাকিলে মাজিষ্ট্রেট সাহেব যে ডাক্তরের নিকট লইয়া যাইতে আজ্ঞা করেন তাঁহার সম্মুখে আনিবে। তাহা হইলে মজুর-

and shall reject him or shall certify in writing that he is in a fit state of health and able, in point of physical condition, to journey to and work for hire in a labor district.

If certified to be fit, native to be taken to magistrate.

43. Every such native who is certified by the medical officer, as required in the last preceding section, to be fit to emigrate to a labor district, shall thereupon appear with the recruiter before the magistrate of the district or division of the district, within which the place or town where the engagement was entered into is situate. The recruiter shall at the same time produce his license to the magistrate.

Magistrate to examine native respecting the engagement.

On the appearance of such native the magistrate, after inspecting the medical certificate, shall examine him with reference to his engagement, and if it appears that he understands such engagement as regards the locality, period and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same, the magistrate shall register in a book to be kept for the purpose—

If satisfied, magistrate will register certain particulars.

(1.) The name, the name of the father, and the age, of such native;

(2.) The name of the village or place of which such native is a resident;

(3.) The contractor's depôt to which it is intended that he shall proceed;

(4.) The labor district to which he is engaged to proceed;

(5.) The period of service;

(6.) The rate of wages, and the price at which rice is to be supplied.

If dissatisfied, will reject.

If the magistrate thinks that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, or if the recruiter shall not have produced his license, he shall refuse to register such native.

Copy of registration to be given to emigrant.

44. A certified copy of his registration, written on substantial paper, shall be furnished by the magistrate to each emigrant.

[*Government Gazette*, 13*th January* 1874.]

সংগ্রাহক দেশীয় যে ব্যক্তিকে আনে, ডাক্তর সাহেব তাহাকে দেখিয়া অগ্রাহ্য করিবেন, কিম্বা তাহার স্বাস্থ্য ও শরীরের অবস্থা বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম, এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন ইতি।

উপযুক্ত বলিয়া সর্টিফিকট পাইলে মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইবার কথা।

৪৩ ধারা। ডাক্তর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে দেশীয় কোন ব্যক্তিকে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত বলিয়া সর্টিফিকট দিলে, ঐ ব্যক্তির সঙ্গে যে স্থানে কি যে নগরে করার করা যায় তাহা যে জিলার কি যে মহকুমার অন্তঃপাতি, ঐ ব্যক্তি মজুরসংগ্রাহকের সঙ্গে সেই জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট উপস্থিত হইবে। মজুরসংগ্রাহক সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার লাইসেন্সও দেখাইবে।

সেই করারের বিষয়ে দেশীয় ব্যক্তির নিকট মাজিষ্ট্রেটের জিজ্ঞাসা করিবার কথা।

দেশীয় সেই ব্যক্তি উপস্থিত হইলে, মাজিষ্ট্রেট সাহেব ডাক্তরের সর্টিফিকট ভাল করিয়া দেখিলে পর, তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও সেই করার অনুসারে তাহার যে স্থানে যাইতে হইবে ও যে মিয়াদপর্য্যন্ত যেপ্রকারে তাহার কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এই২ বিষয় ধরিয়া সে ঐ করারের ভাব বুঝিয়াছে ও সেই করারমতে কর্ম্ম করিতে চাহে, মাজিষ্ট্রেট সাহেব এমত জ্ঞান করিলে, তিনি ঐ কথা লিখিবার এক খান রেজিষ্টরী বহীতে নিম্নলিখিত কথা লিখিয়া রাখিবেন।

তদ্রূপ উপযুক্ত বিধান করা না গেলে কিম্বা নৌকাদিহইতে নামিবার স্থানে কর্ত্তা কি তাঁহার এজেন্ট উপস্থিত না থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব যদ্রূপ নিয়ম করা আবশ্যক বোধ করেন তদ্রূপ নিয়ম হইবার আজ্ঞা দিবেন, ও ভাবগতিক বিবেচনায় যত খরচ দেওয়া আবশ্যক তাহাও দিবেন।

কর্ত্তার স্থানে খরচ ফিরিয়া পাইবার কথা।

মজুরদিগকে নৌকাদিহইতে নামাইতে কিম্বা তাহারদের আহারাদির কি বাসার কি ঔষধের নিমিত্ত, কিম্বা হাস্পাতালে তাহাদের শুশ্রূষার নিমিত্ত, কিম্বা বস্ত্রাদির নিমিত্ত তাঁহার যত টাকা খরচ হয়, ঐ বিদেশগামিরা যে কর্ত্তার নিকট চাকরী করিতে চুক্তি করিয়াছে তিনি সেই কর্ত্তার স্থানে বৎসর শতকরা বারো টাকার হিসাবে সুদশুদ্ধ ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

If emigrants are to disembark at a place other than a civil station, medical inspection to be made at the civil station last preceding.

84. If it is intended that emigrants, whose contracts have been executed under the provisions of this Act, on board of any licensed vessel shall disembark at a place which is not a civil station, the master of such vessel shall report the arrival, as required in section 81, to the magistrate or such officer as may have been deputed by the magistrate in that behalf under the provisions of section 89, at the last civil station which such vessel shall pass before arriving at the said place of disembarkation, and shall not proceed on his voyage until the medical inspection of such emigrants has been made as provided in the said section. The master shall not permit any such emigrants to leave the vessel without the order of the magistrate. Immediately on the receipt of such notice, the magistrate shall send information of the arrival of the emigrants to the employers with whom they have contracted, or to the agents of such persons. When such inspection has been made, the magistrate shall, without delay, authorize the master to proceed on his voyage, provided that he may, if he thinks fit, detain any emigrant who is unfit to proceed under the provisions of section 76.

দেওয়ানী মোকামভিন্ন কোন স্থানে সেই ব্যক্তিদের নৌকাদিহইতে নামিতে হইলে তৎপূর্ব্বে যে দেওয়ানী মোকামে পঁহুছে তথাকার ডাক্তর সাহেবের দেখিবার কথা।

৮৪ ধারা। এই আইনের বিধানমতে বিদেশগামি যে ব্যক্তিদের চুক্তি পত্রে দস্তখৎ করা গিয়াছে, লাইসেন্স প্রাপ্ত কোন নৌকাদিতে থাকা এমত ব্যক্তিদিগকে দেওয়ানী মোকামছাড়া কোন স্থানে নৌকাদিহইতে নামাইয়া দিবার অভিপ্রায় থাকিলে, সেই স্থানে পঁহুছিবার পূর্ব্বে ঐ নৌকাদি দেওয়ানী যে শেষ মোকামের নিকট দিয়া যায় সেই মোকামে পঁহুছিলে, ঐ নৌকাদির মাঝি মাজিষ্ট্রেট সাহেবের নিকট, কিম্বা ৮৯ ধারার বিধানমতে মাজিষ্ট্রেট সাহেব অন্য যে কার্য্যকারককে ঐ কর্ম্মে নিযুক্ত করেন তাঁহার নিকট, ৮১ ধারার বিধানমতে পঁহুছিবার রিপোর্ট করিবেন। ও সেই ধারায় বিদেশগামিদিগকে ডাক্তর সাহেবের দেখিবার যে বিধান আছে সেই বিধানমতে দেখা না হইলে ঐ স্থানহইতে চলিয়া যাইবেন না। মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞা না করিলে, মাঝি বিদেশগামি কোন ব্যক্তিকে নৌকাদিহইতে নামিয়া যাইতে দিবেন না। ঐ বিদেশগামিরা যে কর্ত্তাদের সঙ্গে চুক্তি করিল, মাজিষ্ট্রেট সাহেব ঐ নোটিস পাইলেই তাঁহাদের নিকট কি তাঁহাদের এজেন্টদের নিকট ঐ বিদেশগামিদের পঁহুছিবার সম্বাদ পাঠাইবেন। উক্ত প্রকারে দেখা হইলে পর মাজিষ্ট্রেট সাহেব অবিলম্বে মাঝির যাইবার অনুমতি দিবেন। কিন্তু বিদেশগামি কোন ব্যক্তি যাইতে না পারিলে তিনি উচিত বোধ করিলে ৭৬ ধারার বিধানমতে তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

Disembarkation at such place.

85. On the arrival of any licensed vessel at a place of disembarkation which is not a civil station, emigrants, whose contracts have been executed under the provisions of this Act, who are to disembark at such place shall, in case the employers with whom they have contracted to labor, or the agents of such persons, be present, be disembarked and given in charge to such employers or agents. Provided that in case the medical officer in charge of such emigrants, if there be any such medical officer, and if there be not, then the master of the vessel in which such emigrants have been conveyed, shall be of opinion that any of such emigrants are in such a state of health as to be unfit to proceed to the places where they have respectively contracted to labor, or that reasonable provision for the support and lodging of such emigrants from the time of their disembarkation till they reach their final destination has not been made, or in case the employers with whom such emigrants have contracted to labor, or the agents of such persons, shall not be present at the place of disembarkation, then and in every such case the emigrants so

If necessary provision not made, emigrants to be carried on to next station.

সেই স্থানে নৌকাদিহইতে নামিয়া যাইবার কথা।

৮৫ ধারা। এই আইনের বিধানমতে বিদেশগামি যে ব্যক্তিদের চুক্তি পত্রে দস্তখৎ করা গিয়াছে, দেওয়ানী মোকামছাড়া যে স্থানে তাহাদের নৌকাদিহইতে নামিয়া যাইতে হইবে, লাইসেন্স প্রাপ্ত নৌকাদি সেই স্থানে পঁহুছিলে, যে কর্ত্তাদের নিকট কর্ম্ম করিবার চুক্তি হইল তাঁহারা কি তাঁহাদের এজেন্টেরা উপস্থিত থাকিলে, ঐ বিদেশগামিদিগকে নামাইয়া সেই কর্ত্তাদের কি এজেন্টদের জিম্মা করিয়া দেওয়া যাইবে। কিন্তু সেই ব্যক্তিরা যে২ স্থানে মজুরী করিতে চুক্তি করিয়াছে তাহাদের কোন২ লোক পীড়াপ্রযুক্ত সেই২ স্থানে যাইবার উপযুক্ত নয়, তাহাদের সঙ্গে যে ডাক্তর যান তাঁহার এমত বোধ হইলে, কিম্বা ডাক্তর না থাকিলে তাহারা যে নৌকাদিতে গিয়াছে সেই নৌকাদির মাঝির এমত বোধ হইলে, অথবা নৌকাদিহইতে নামিবার সময়াবধি শেষ লক্ষিত স্থানে না পহুছন পর্য্যন্ত তাহাদের আহারাদির ও থাকিবার স্থানের উপযুক্ত বিধান করা যায় নাই, তাঁহার এমত বোধ হইলে, অথবা ঐ ব্যক্তিরা যে কর্ত্তাদের নিকট কর্ম্ম করিতে চুক্তি করিল তাঁহারা কিম্বা তাঁহাদের এজেন্টেরা নৌকাদিহইতে ঐ ব্যক্তিদের নামিবার স্থানে উপস্থিত না থাকিলে, তদ্রূপ প্রত্যেক স্থলে যে ব্যক্তি যাইবার অনুপযুক্ত, কিম্বা যাহাদের খোরপোষের উপযুক্ত বিধান করা যায় নাই, কিম্বা যাহাদের কর্ত্তারা

উপযুক্ত বিধান করা না গেলে তাহাদিগকে অন্য স্থানে লইয়া যাইবার কথা।

unfit to proceed, or for whose support reasonable provision has not been made, or whose employers may not be present personally or by their agents, shall be further conveyed in the vessel to the next civil station, and shall be there disembarked, and the place at which they shall be so disembarked shall, for the purposes of this Act, be deemed to be their place of disembarkation.

নিজে কি এজেন্টদ্বারা উপস্থিত হন নাই, তাহাদিগেকে সেই নৌকাদিতে রাখিয়া, আগে যে দেওয়ানী মোকাম থাকে তথায় আনা যাইবে ও সেই স্থানে তাহাদিগকে নৌকাদিহইতে নামাইয়া দেওয়া যাইবে। ও যে স্থানে তাহাদিগকে তদ্রূপে নামান যায় সেই স্থানটি এই আইনের কার্য্যপক্ষে তাহাদের নামিয়া যাইবার স্থান বলিয়া জ্ঞান হইবে ইতি।

Family of detained emigrant may remain with him.

86. Whenever an emigrant is detained under the provisions of sections 76, 82, or 84, or is further conveyed under the provisions of section 85, it shall be optional with the wife or husband of such emigrant, as the case may be, to remain with the emigrant so detained, or to be taken forward along with the emigrant so further conveyed. If there are any children, they shall also be allowed to remain, or be taken forward with the father or mother.

বিদেশগামি কোন ব্যক্তিকে আটকাইয়া রাখা গেলে তাহার সঙ্গে পরিবারের থাকিতে পারিবার কথা।

৮৬ ধারা। বিদেশগামি কোন ব্যক্তিকে ৭৬ কি ৮২ কি ৮৪ ধারার বিধানমতে আটক করিয়া রাখা গেলে, কিম্বা ৮৫ ধারার বিধানমতে তাহাকে আগাইয়া অন্য স্থানে লওয়া গেলে, তাহার স্ত্রী, কিম্বা বিষয়বিশেষে স্বামী, ইচ্ছা করিলে তাহার সঙ্গে থাকিতে পারিবে, কিম্বা তাহাকে আগাইয়া অন্য স্থানে লওয়া গেলে তাহার সঙ্গে২ যাইতে পারিবে। সন্তানাদি থাকিলে তাহারাও পিতা মাতার সঙ্গে থাকিতে কি যাইতে পাইবে ইতি।

Particulars to be entered in the reports of medical officers.

87. Every medical officer who is required to make a report under the provisions of this chapter, shall submit such report to the magistrate, and shall enter therein the name and age of each emigrant, the name of his father, the place of his destination, and the name of his employer, as set forth in the list prepared by the embarkation agent under the provisions of section 68.

ডাক্তরের রিপোর্টে যে২ কথা লিখিতে হইবে তাহার কথা।

৮৭ ধারা। এই পরিচ্ছেদের বিধানমতে কোন ডাক্তরের প্রতি রিপোর্ট করিবার আজ্ঞা হইলে, তিনি মাজিষ্ট্রেট সাহেবকে ঐ রিপোর্ট দিবেন। ৬৮ ধারার বিধানক্রমে নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের নির্ঘণ্টপত্রে বিদেশগামি প্রত্যেক ব্যক্তির নাম ও বয়স ও পিতার নাম ও তাহার যাইবার লক্ষিত স্থান ও কর্ত্তার নাম যদ্রূপে লেখা থাকে, ঐ ডাক্তরের রিপোর্টেও তাহা তদ্রূপে লেখা থাকিবে ইতি।

Magistrate to report arrival of all emigrants, and all proceedings, to the superintendent of emigration;

88. The magistrate or other officer deputed by him under the provisions of section 89, shall make a detailed report to the superintendent of emigration, of the arrival of all emigrants carried in a licensed vessel, and of all proceedings taken and orders passed by him under the provisions of this chapter, and shall forward with such report a copy of every report made to him by a medical officer relating to emigrants proceeding to a labor district. He shall also forward to the superintendent any observations which he or the medical officer may think fit to make in regard to the state of health and general

বিদেশগামি ব্যক্তিরা পঁহুছিলে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট মাজিষ্ট্রেট সাহেবের সেই কথা ও সমস্ত ঘটনা রিপোর্ট করিবার কথা।

৮৮ ধারা। লাইসেন্সপ্রাপ্ত নৌকাদিতে বিদেশগামি যে সকল লোককে লওয়া যায় তাহারা পঁহুছিলে, মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা ৮৯ ধারার বিধানমতে তাঁহার নিযুক্ত অন্য কার্য্যকারক, বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহাদের পঁহুছিবার কথার, ও তিনি এই পরিচ্ছেদের বিধানমতে যে সকল কার্য্য ও যে২ আজ্ঞা করিলেন তাহার বিস্তারিত রিপোর্ট করিবেন। এবং মজুরী করিবার জিলায় গমনকারি ব্যক্তিদের বিষয়ে ডাক্তর সাহেব তাঁহার নিকট যে২ রিপোর্ট করেন তাহার নকলও আপনার রিপোর্টের সঙ্গে পাঠাইবেন। আরো তিনি কিম্বা ডাক্তর সাহেব ঐ বিদেশ-

condition of the emigrants. Whenever such reports or observations relate to emigrants carried in a licensed vessel, he shall forward them to the embarkation agent by whom such emigrants were despatched, and the agent shall transmit them to the superintendent with any remarks which he may desire to record.

in certain cases through the embarkation agent.

গামিদের স্বাস্থ্যের কি সাধারণ গতিক বিষয়ে মন্তব্য কোন কথা লেখা উচিত বোধ করিলে তাহাও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন। বিদেশগামি যে ব্যক্তিরা লাইসেন্সপ্রাপ্ত নৌকাদিতে যায় ঐ রিপোর্টে কি মন্তব্য কথায় সেই ব্যক্তিদের বিষয় লেখা থাকিলে, নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেণ্ট সাহেবের দ্বারা ঐ লোকদিগকে চালান করা যায়, মাজিষ্ট্রেট সাহেব তাঁহার নিকট ঐ রিপোর্ট পাঠাইবেন, ও তিনি সেই বিষয়ে যে কোন কথা লিখিতে চাহেন তাহা লিখিয়া ঐ রিপোর্টের সঙ্গে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

স্থলবিশেষে নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেবের দ্বারা পাঠাইবার কথা।

89. The magistrate of a district, or of a division of a district, may depute any subordinate magistrate to exercise the powers and authorities conferred, and perform the duties imposed on a magistrate under the provisions of sections 72, 73, 74, 75, 76, 78, 79, 80, 81, 82, 83, 84, and 88.

Magistrate may depute a subordinate magistrate to discharge the functions of the magistrate.

৮৯ ধারা। ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ও ৮৮ ধারার বিধানমতে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা প্রদান ও যে সকল কর্ম্ম অর্পণ করা গেল, জিলার কিম্বা মহকুমার ম্যাজিষ্ট্রেট সাহেব সেই শক্তি ও ক্ষমতামতে সেই কার্য্য করিবার জন্যে নিম্ন কোন শ্রেণীর মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের কর্ম্ম করিবার জন্যে নিম্নতর মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিবার কথা।

90. Every master of a vessel, or medical officer in charge of emigrants on board of any vessel carrying emigrants, who shall wilfully and knowingly neglect or refuse to obey or to enforce on board of such vessel any rule which may from time to time be prescribed by the Lieutenant-Governor under the authority of this Act shall, on conviction by a magistrate, be punished with fine.

Penalty, if master or medical officer neglects to enforce rules.

৯০ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আইনের শক্তিক্রমে সময়ে২ যে বিধি করেন, বিদেশগামিদিগকে লইয়া যে নৌকাদি যায় তাহার মাঝি কিম্বা ঐ ব্যক্তিদের চিকিৎসা কার্য্যে নিযুক্ত ডাক্তর যদি ইচ্ছাক্রমে ও জানিয়া শুনিয়া উক্ত কোন বিধি মানিতে কিম্বা নৌকাদির মধ্যে প্রবল করিতে স্বীকার না করেন কি তাচ্ছল্য করেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার অর্থদণ্ড হইবে ইতি।

মাঝি কি ডাক্তর বিধি প্রবল না করিলে দণ্ডের কথা।

91. Any offence against any of the provisions of this chapter, or of any rule made by the Lieutenant-Governor under the authority of this Act, committed on board of any vessel, may be tried by any magistrate exercising jurisdiction in any place at which emigrants may have embarked on board such vessel, or may have disembarked from such vessel, or in any place in which such vessel may be detained under the provisions of this Act.

Jurisdiction, if offence created by this Act is committed on board.

৯১ ধারা। এই পরিচ্ছেদের কোন বিধানের, কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আইনের শক্তিক্রমে যে২ বিধি করেন, নৌকাদিতে তন্মধ্যে কোন বিধির বিপক্ষে কোন অপরাধ করা গেলে, ঐ বিদেশগামি ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠিল, কিম্বা যে স্থানে নৌকাদিহইতে নামিয়া যায়, কিম্বা এই আইনের বিধানমতে ঐ নৌকাদি যে স্থানে আটক থাকে, ইহার মধ্যে কোন স্থানে যে মাজিষ্ট্রেটের এলাকা থাকে, তিনি সেই অপরাধের বিচার করিতে পারিবেন ইতি।

এই আইনে যে কার্য্য অপরাধ বলিয়া নির্দ্দিষ্ট হয় নৌকাদিতে সেই কার্য্য হইলে বিচার করিবার স্থানের কথা।

92. Any emigrant, whose contract has been executed under the provisions of this Act, who deserts while in transit from the district in which he has been registered to the district in which he has engaged to labor may, on conviction by a magistrate, be punished with

Punishment of emigrant for desertion.

৯২ ধারা। যে ব্যক্তিদের চুক্তিপত্র এই আইনের বিধানমতে দস্তখৎ করা গিয়াছে, এমত বিদেশগামিকে যে জিলায় রেজিষ্টরী করা গেল সেই জিলাহইতে সে যে জিলায় মজুরী করিতে করার করিয়াছে সেই জিলায় যাইতেং পথের মধ্যে পলাইয়া গেলে, মাজিষ্ট্রেটের দ্বারা

বিদেশগামি ব্যক্তি পলাইলে তাহার দণ্ডের কথা।

imprisonment, simple or rigorous, for a period which may extend to three months. Such offence may be inquired into and tried in the district in which such emigrant is apprehended, or in the district in which the desertion took place, or in the district in which he was registered.

Provisions of sections 27, 29, 30, 31, 51, 54, 56, 69, 75, 76, 80, 82, 83, and 84 to apply to children, &c., accompanying emigrants.

93. The provisions with regard to engaged natives of India and emigrants contained in sections 27, 29, 30, 31, 51, 54, 56, 69, 75, 76, 80, 82, 83, and 84 of this Act, shall be applicable to such women, children, and aged relatives of such natives and emigrants as may, with the consent of a contractor, recruiter, or garden-sirdar, as the case may be, and with the written permission of the registering magistrate or superintendent, accompany them without having entered into an engagement.

Provisions of this chapter not to apply to domestic servants, &c.

94. The provisions of this chapter shall not apply to domestic servants, or to any person proceeding alone or accompanied by his wife and family only.

PART III.—LABOR DISTRICTS.

Chapter 8.—Inland Labor Transport Fund.

Annual rate payable by employers.

95. The Lieutenant-Governor may from time to time, by order published in the *Calcutta Gazette*, fix a yearly rate, not exceeding one rupee and eight annas per laborer, for the purpose of defraying the expense of carrying out the purposes of this Act; and the sum or rate so fixed shall be paid half-yearly by each employer on the last day of July and the last day of January in each year for each laborer entered in the last return of laborers furnished (as is hereinafter provided) by such employer before such date.

Payment of rate how to be enforced.

96. If any employer shall fail to comply with the provisions of the last preceding section, it shall be the duty of the magistrate to notify such default to him; and if within one month from the receipt of such notification, or such longer period as it may, under special circumstances, appear to the magistrate reasonable, such employer shall not so comply, the magistrate shall, by distress and sale of any

তাহার অপরাধ নির্ণয় হইলে তাহার তিন মাস সামান্যরূপে কি কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে। যে জিলায় তাহাকে ধরা যায়, কিম্বা সে যে জিলাহইতে পলাইয়া যায়, কিম্বা যে জিলায় তাহাকে রেজিষ্টরী করা গেল, ইহার মধ্য কোন জিলায় তাহার সেই অপরাধের নালিশের তদন্ত ও বিচার হইতে পারিবে ইতি।

মজুরদের সঙ্গে যে শিশু প্রভৃতি যায় তাহাদের প্রতি ২৭, ২৯, ৩০, ৩১, ৫১, ৫৪, ৫৬, ৬৯, ৭৫, ৭৬, ৮০, ৮২, ৮৩, ও ৮৪ ধারা খাটিবার কথা।

৯৩ ধারা। ভারতবর্ষজাত যে লোকদিগকে যুটাইয়া দেওয়া যায় তাহারদের ও বিদেশগামিদের বিষয়ে এই আইনের ২৭, ২৯, ৩০, ৩১, ৫১, ৫৪, ৫৬, ৬৯, ৭৫, ৭৬, ৮০, ৮২, ৮৩, ও ৮৪ ধারায় যেং বিধান আছে, কন্‌ট্রাক্‌টরের কিম্বা বিষয়বিশেষে মজুরসংগ্রাহকের কি বাগানের সরদারের অনুমতিক্রমে, ও যে মাজিষ্ট্রেট কি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব রেজিষ্টরী করেন তাহার লিখিত অনুমতিক্রমে, ঐ দেশীয় ব্যক্তিদের ও বিদেশগামিদের যে স্ত্রী সন্তানাদি ও যে বৃদ্ধ আত্মীয়প্রভৃতি করার না করিয়াও সঙ্গে যাইতে পায়, তাহারদের প্রতিও সেইং ধারার বিধান বর্ত্তিবে ইতি।

ঘরের চাকর প্রভৃতির প্রতি এই পরিচ্ছেদের বিধান না খাটিবার কথা।

৯৪ ধারা। এই পরিচ্ছেদের বিধান ঘরের চাকরের প্রতি খাটিবে না, কিম্বা কোন ব্যক্তি একা কি কেবল স্ত্রী পরিবার লইয়া গেলে তাহার প্রতিও খাটিবে না ইতি।

তৃতীয় অধ্যায়।—মজুরী করিবার জিলার কথা।

৮ পরিচ্ছেদ।—দেশের মধ্যে মজুরদিগের চালান সম্পার্কীয় ফণ্ডের বিধি।

বৎসরং যে হিসাবে কর্ত্তাদের টাকা দিতে হইবে তাহার কথা।

৯৫ ধারা। এই আইনের কার্য্য সকল করিবার খরচ যোগাইবার নিমিত্ত, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়েং কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া, মজুরপ্রতি বৎসর ১॥ দেড় টাকার অনধিক হারে রেট ধার্য্য করিতে পারিবেন। প্রতি বৎসর জুলাই মাসের শেষ দিনের ও জানুআরি মাসের শেষ দিনের পূর্ব্বে প্রত্যেক জন কর্ত্তা পশ্চাৎ লিখিত বিধানমতে মজুরদের যে শেষ রিটর্ন দিয়া থাকেন, তন্মধ্যে তাঁহার যত জন মজুর লেখা থাকে, তিনি ছয়ং মাসে সেইং তারিখে জনপ্রতি সেই নির্দ্ধারিত হারানুসারে রেট দিবেন ইতি।

রেট দেওয়া যেরূপে প্রবল করা যাইতে পারিবে তাহার কথা।

৯৬ ধারা। কোন কর্ত্তা ইহার পুর্ব্ব ধারার বিধানমতে কর্ম্ম করিতে ত্রুটি করিলে, মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে সেই ত্রুটির নোটিস দিবেন। ঐ নোটিস পাইলে পর এক মাসের মধ্যে, কিম্বা গতিকবিশেষে মাজিষ্ট্রেট সাহেব সেই মিয়াদ যত দিন বাড়াইয়া দেওয়া যুক্তিসিদ্ধ জ্ঞান করেন তত দিনের মধ্যে, যদি ঐ কর্ত্তা ঐ বিধানমতে কর্ম্ম না করেন, তবে তাঁহার অধিকারে কি তাঁহার জিম্মায় অস্থাবর যে দ্রব্য পাওয়া

moveable property which may be found in the possession or under the charge of such employer, levy the sum so payable.

If there shall be no such moveable property, or insufficient moveable property so found, the amount shall be recoverable by a civil regular suit from the person for whose benefit the laborers in respect of whom the same may be payable shall have been employed. In every such suit the Government shall be named as plaintiff, and the cause of action shall be taken to have arisen within the limits of the jurisdiction of any court having jurisdiction at any place where any such laborers may have been employed by such employer.

Fines, fees, and rates to be credited to "Inland Labor Transport Fund."

97. Subject to the powers conferred on a magistrate by this Act or by the Code of Criminal Procedure, of awarding fines in whole or in part as compensation to or for the benefit of any complainant or other person, all fines, fees, and rates levied and paid under this Act shall be credited to a fund which shall be called the "Inland Labor Transport Fund," and such fund shall be at the disposal of the Lieutenant-Governor for defraying the expenses of carrying out the purposes of this Act.

Chapter 9.—*Inspector's Returns and Magistrates' Inspections.*

Appointment of inspectors and assistant inspectors.

98. The Lieutenant-Governor may appoint in any labor district so many inspectors and assistant inspectors of laborers as he may think proper, and may define, by notification in the *Calcutta Gazette*, the local limits within which each such inspector and assistant inspector shall exercise the powers and authorities conferred, and perform the duties imposed on him by this Act. Such inspectors and assistant inspectors may be by the said Lieutenant-Governor vested with all or any of the powers of a magistrate.

Establishment.

99. The Lieutenant-Governor may authorize inspectors and assistant inspectors to entertain such establishment as he may think fit.

Duty of assistant inspector.

An assistant inspector shall perform all such duties and exercise all such powers of an inspector as he is authorized in writing by the inspector to perform or exercise.

যায় মাজিষ্ট্রেট সাহেব তাহা ক্রোক ও বিক্রয় করিয়া তাঁহার দেনা টাকা আদায় করিবেন।

তদ্রূপ অস্থাবর দ্রব্য না থাকিলে, কিম্বা যাহা পাওয়া যায় তাহাতে অকুলান হইলে, যে মজুরদের নিমিত্ত ঐ টাকা দেনা হয়, তাহারা যাঁহার উপকারার্থে কর্ম্ম করে তাঁহার নামে জাবেতামত দেওয়ানী মোকদ্দমা করিয়া ঐ টাকা আদায় হইতে পারিবে। উক্ত প্রত্যেক মোকদ্দমায় বাদী বলিয়া গবর্ণমেণ্টের নাম উল্লেখ হইবে। এবং উক্ত কোন মজুরেরা ঐ কর্ত্তার নিকট যে কোন স্থানে কর্ম্ম করিয়াছে সেই স্থান যে আদালতের এলাকার মধ্যে থাকে, নালিশের কারণ সেই আদালতের সীমার মধ্যে উঠিয়াছে এমত জ্ঞান হইবে ইতি।

অর্থদণ্ড ও ফী ও রেট বলিয়া যত টাকা আদায় হয় তাহা ইনলণ্ড লেবর ট্রান্সপোর্ট ফণ্ডে জমা হইবার কথা।

৯৭ ধারা। এই আইন দ্বারা কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের দ্বারা জরিমানার সমুদয় টাকা কি তাহার একাংশ কোন ফরিয়াদীর কি অন্য ব্যক্তির হানিপূরণ-স্বরূপ কিম্বা তাহার উপকারার্থে দেওনের যে ক্ষমতা মাজিষ্ট্রেটের প্রতি প্রদান করা গেল তাহা প্রবল রাখিয়া, এই আইনমতে জরীমানা ও ফী ও রেট বলিয়া যত টাকা আদায় হয় ও পাওয়া যায় তাহা ইনলণ্ড লেবর ট্রান্সপোর্ট ফণ্ডে (অর্থাৎ দেশের মধ্যে মজুরদিগকে চালান কার্য্যের তহবীলে) জমা করিয়া দেওয়া যাইবে ও এই আইনের কার্য্য সফল করিবার খরচ শোধ করিবার জন্যে ঐ তহবীল শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ক্ষমতার অধীন থাকিবে ইতি।

৯ পরিচ্ছেদ।—ইনস্পেক্টরের রিটর্ণের ও মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা পরিদর্শনের কথা।

ইনস্পেক্টরদের ও আসিষ্টাণ্ট ইনস্পেক্টরদের নিযুক্ত হইবার কথা।

৯৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মজুরী করিবার কোন জিলায় মজুরদের যত জন ইনস্পেক্টর ও আসিষ্টাণ্ট ইনস্পেক্টর নিযুক্ত করা বিহিত বোধ করেন করিতে পারিবেন। এবং এই আইনে ইনস্পেক্টর ও আসিষ্টাণ্ট ইনস্পেক্টরের প্রতি যে শক্তি ও ক্ষমতা দেওয়া যায় ও তাঁহার প্রতি যে কর্ম্ম অর্পিত হয় তিনি স্থানীয় যে সীমার মধ্যে সেই২ ক্ষমতামতে সেই২ কর্ম্ম করিবেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহা নিরূপণ করিবেন। তিনি সেই ইনস্পেক্টরদের ও আসিষ্টাণ্ট ইনস্পেক্টরদের প্রতি মাজিষ্ট্রেটের সকল কি কোন২ ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

সিরিশতার কথা।

৯৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ ইনস্পেক্টরদের ও আসিষ্টাণ্ট ইনস্পেক্টরদের যত জন আমলা থাকা উচিত বোধ করেন তাহাদিগকে তত জন রাখিবার ক্ষমতা দিতে পারিবেন।

আসিষ্টাণ্ট ইনস্পেকটরের কর্ত্তব্য কর্ম্মের কথা।

ইনস্পেক্টর সাহেব আসিষ্টাণ্ট ইনস্পেক্টরের নিকট লিখিয়া যেং ক্ষমতাক্রমে যে কর্ম্ম করিতে অনুমতি করেন, তিনি সেই সকল ক্ষমতানুসারে সেই সকল কার্য্য করিবেন ইতি।

Half-yearly report of laborers employed, of their state of health, and of mortality.

100. Every employer shall, on or before the last day of January and the last day of July in each and every year, make out in writing, and deliver to the inspector of laborers, a return of the number of all laborers (as well laborers defined by this Act as others) employed by such employer on the last day of the preceding month, and return of the sickness and mortality among the laborers during the preceding six months.

Separate returns of each class of laborers to be kept.

Such returns shall be kept separate with regard to each class of laborers as above mentioned, and, in the case of laborers as defined by this Act, the return of laborers employed shall specify the date on which the contract of each laborer commenced, and the period of service contracted for.

Copies to be kept.

Copies of such returns shall be entered in a book to be kept by the employer at his place of business or on his estate.

Entry to be made of death, desertion, &c.

101. If any laborer shall die, desert, complete his contract, or obtain a release therefrom during the six months preceding any such return as in the last preceding section is mentioned, the fact of such death, desertion, completion of contract, or release, shall be entered, in the book to be kept as aforesaid by the employer, opposite the name of such laborer.

Entry to be made of name and description of laborer.

102. On the arrival of any laborer, as defined by this Act, on the estate of his employer, the name and description of such laborer shall be entered in the book to be kept as aforesaid by the employer, and in like manner the name and description of every person, who shall contract to labor otherwise than under the provisions of this Act, shall be so entered. Such book shall be open to the inspector of laborers, who shall have power to muster all laborers and other persons lastly hereinbefore mentioned, and to verify the accuracy of the entries in such book.

Penalty for omission to furnish such report or for submitting false report.

103. If any employer shall refuse or wilfully omit duly to send in any such return, or shall knowingly send in an incorrect return, such employer shall, on conviction by a magistrate, be punished with fine.

ছয়২ মাসে মজুরদের সংখ্যার ও স্বাস্থ্যাদির ও মৃত্যুর রিপোর্ট করিবার কথা।

১০০ ধারা। এই আইনের অর্থমতে মজুর বলিয়া যত জন ও অন্য প্রকারের যত জন প্রতি বৎসর ডিসেম্বর মাসের শেষ দিনে ও জুন মাসের শেষ দিনে যে কর্ত্তার নিকট কর্ম্ম করে, তিনি পূর্ব্ব ছয় মাসের মধ্যে তাহাদের সংখ্যা ও তাহাদের কত জনের পীড়া ও কত জনের মৃত্যু হইয়াছে ইহার রিটর্ণ লিখিয়া, জানুআরি মাসের শেষ দিনে ও জুলাই মাসের শেষ দিনে কি তৎপূর্ব্বে মজুরদের ইনস্পেক্টর সাহেবকে দিবেন।

একং শ্রেণীর মজুরদের স্বতন্ত্র রিটর্ণ রাখিবার কথা।

পূর্ব্বোক্ত একং শ্রেণীর মজুরদের উক্ত প্রকারের স্বতন্ত্রং রিটর্ণ রাখিতে হইবে। ও এই আইনমতে যাহাদিগকে মজুর বলিয়া নির্দ্দেশ করা গিয়াছে তাহারদের রিটর্ণের মধ্যে প্রত্যেক মজুরের চুক্তি যে তারিখে আরম্ভ হয় ও যত দিন মজুরী করিবার চুক্তি হইল তাহা লিখিতে হইবে।

নকল রাখিবার কথা।

কর্ত্তা আপনার কর্ম্মস্থানে কি আপন মহালে একং খানি বহী রাখিয়া তাহাতে ঐং রিটর্ণ নকল করিয়া রাখিবেন ইতি।

মরণ ও পলায়ন প্রভৃতির কথা লিখিবার কথা।

১০১ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে রিটর্ণের কথা আছে এমত কোন রিটর্ণের পূর্ব্ব ছয় মাসের মধ্যে কোন মজুর মরিলে কি পলায়ন করিলে কিম্বা তাহার চুক্তির মিয়াদ ফুরাইলে কি চুক্তিহইতে মুক্তি পাইলে, কর্ত্তা পূর্ব্বোক্তমতে যে বহী রাখেন সেই বহীতে ঐ মজুরের নামের পার্শ্বে তাহার উক্ত মরণের কি পলায়নের কথা কি তাহার চুক্তির মিয়াদ ফুরাইবার কি মুক্ত হওয়ার কথা লিখিয়া দেওয়া যাইবে ইতি।

মজুরের নাম ও বেওরা লিখিবার কথা।

১০২ ধারা। এই আইনমতে যাহাকে মজুর বলিয়া নির্দ্দেশ করা গেল এমত কোন মজুর কর্ত্তার মহালে পঁহুছিলে কর্ত্তা পূর্ব্বোক্তমতে যে বহী রাখেন সেই বহীতে ঐ মজুরের নাম ও বেওরা লিখিয়া রাখা যাইবে। ও যাহারা এই আইনের বিধান ছাড়া অন্য প্রকারে মজুরী করিতে চুক্তি করিয়াছে তাহাদেরও নাম ও বেওরা সেই প্রকারে লেখা যাইবে। মজুরদের ইনস্পেকটর সাহেব সর্ব্বদাই সেই বহী দেখিতে পারিবেন। আরো তিনি সকল মজুরকে ও শেষোক্ত প্রকরের সকল ব্যক্তিকে একত্র ডাকাইয়া ঐ বহীর লিখিত কথা ঠিক কি না ইহা যথার্থমতে জানিয়া লইতে পারিবেন ইতি।

সেই রিপোর্ট না দিবার কি মিথ্যা রিপোর্ট দিবার দণ্ডের কথা।

১০৩ ধারা। কোন কর্ত্তা যদি নিয়মিতরূপে সেই রিটর্ণ দিতে স্বীকার না করেন, কিম্বা ইচ্ছা করিয়া সেই রিটর্ণ দিতে ত্রুটি করেন, কিম্বা জানিয়া শুনিয়া অশুদ্ধ রিটর্ণ দেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ প্রমাণ হইলে তাহার জরীমানা হইবে ইতি।

104. Every inspector of laborers shall once within each of such periods as may be fixed for such purpose by the Lieutenant-Governor, visit all lands within the limits of his authority on which there shall be employed any laborers, and inspect every hospital, tent, camp, or building in any way used by any such laborers, and investigate the condition of the laborers employed; and for such purpose the inspector may require that any laborer shall be brought before him with his contract, and may make such inquiries as may to him seem proper.

Periodical inspection of laborers to be made by inspector.

Every such inspector shall keep books, in which from time to time shall be entered the number of laborers then under contract with each employer, the number who shall then be sick or missing, or who shall have complained of ill-treatment, the particulars of such complaints, and such other particulars regarding the laborers as the Lieutenant-Governor shall from time to time direct.

Books to be kept by inspector.

Each inspector shall annually make a written report to the Lieutenant-Governor through the Commissioner of the division of the aforesaid particulars; and every such report, as regards the laborers under any particular employer, shall, at all reasonable times, be open to the inspection of such employer or any person by him appointed in writing in that behalf, and the person so inspecting shall be entitled to take a copy of the report so far as it relates to such laborers.

Annual report.

Such report open to inspection by employer.

105. It shall be lawful for any magistrate exercising jurisdiction in the district, or any person authorized by him in writing in that behalf, at any time to enter and inspect any hospital, tent, camp, or building, wholly or partially used by or for laborers, and to require that any laborer shall be brought before him with his contract, and to make any inquiries which he may think proper touching the condition or treatment of any laborer.

Magistrate may at any time inspect laborers' buildings used by them, &c.

If any employer, or other person acting for or under such employer, wilfully obstructs or impedes any entry, inspection, or inquiry, made under either of the two preceding sections, such employer or other person as afore-

Penalty for obstructing inspection or inquiry.

১০৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মজুরদের দেখিবার যেং সময় নিরূপণ করেন, মজুরদের ইনস্পেকটর সাহেব সেইং সময়ের মধ্যে আপনার ক্ষমতাধীন স্থানের সীমার অন্তর্গত যেং জমীতে কোন মজুরেরা কর্ম্ম করে সেইং জমীতে গিয়া, যেং হাস্পাতাল ও তাম্বু ও ছাউনীস্থান ও ঘর মজুরদের ব্যবহার হইয়া থাকে তাহা দেখিবেন ও সেই মজুরদের অবস্থার অনুসন্ধান লইবেন। এই কারণে চুক্তিপত্রসহিত কোন মজুরকে আপনার সম্মুখে আনাইবার আজ্ঞা দিতে পারিবেন, ও তাহার নিকট যেং কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করেন করিতে পারিবেন।

নিরূপিত সময়ান্তরে ইনস্পেকটরের মজুরদিগকে দেখিতে হইবার কথা।

উক্ত প্রত্যেক জন ইনস্পেকটর একং খান বহী রাখিয়া, সময়েং প্রত্যেক জন কর্ত্তার নিকট চুক্তিক্রমে যত জন মজুর থাকে, ও তৎকালে যত জন পীড়িত আছে, ও যত জনের সন্ধান পাওয়া যায় না, ও যত জন অত্যাচারের নালিশ করে ও সেই নালিশের বৃত্তান্ত, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়েং অন্য যে বিবরণ লিখিতে আজ্ঞা করেন তাহা ঐ বহীতে লিখিয়া রাখিবেন।

ইনস্পেক্টরদের বহী রাখিবার কথা।

প্রত্যেক জন ইনস্পেকটর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের দ্বারা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট বৎসরং উক্ত সকল বিবরণের রিপোর্ট লিখিয়া পাঠাইবেন।

বৎসরং রিপোর্ট করিবার কথা।

সেই প্রত্যেক রিপোর্টে বিশেষ যে কর্ত্তার যে মজুরদের কথা থাকে সেই কর্ত্তা, কিম্বা লিখনক্রমে তাহার তরফে নিযুক্ত কোন ব্যক্তি, উপযুক্ত কোন সময়ে সেই রিপোর্ট দেখিতে পাইবেন, ও সেই রিপোর্টে সেই মজুরদের যে কথা থাকে তাহা তাঁহার নকল করিয়া লইবার অধিকার থাকিবে ইতি।

কর্ত্তার সেই রিপোর্ট দেখিতে পাইবার কথা।

১০৫ ধারা। জিলার মধ্যে যে কোন মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে তিনি, কিম্বা লিখনক্রমে অন্য যে ব্যক্তিকে ঐ কার্য্য করিতে ক্ষমতা দেন সেই ব্যক্তি, মজুরদের ব্যবহারের নিমিত্ত সম্পূর্ণরূপে কি অংশভাবে যে হাস্পাতাল কি তাম্বু কি ছাউনিস্থান কি ঘর থাকে তাহার মধ্যে গিয়া দেখিতে পারিবেন, এবং কোন মজুরকে চুক্তিপত্র সহিত আপনার সম্মুখে আনাইবার আজ্ঞা দিতে পারিবেন, ও তাহার যেরূপ অবস্থা ও তাহার প্রতি যদ্রূপ আচার হইয়া থাকে এই বিষয়ের যে কোন কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করেন করিতে পারিবেন।

মজুরদিগকে ও তাহাদের গৃহাদি মাজিষ্ট্রেট সাহেবের কোন সময়ে দেখিতে পারিবার কথা।

কোন কর্ত্তা কিম্বা তাঁহার পক্ষে কি তাঁহার অধীনে কর্ম্মকারক কোন ব্যক্তি ইচ্ছা করিয়া এই ধারা কি ইহার পূর্ব্ব ধারামতে গৃহাদিতে প্রবেশ করিতে কি দেখিতে কি জিজ্ঞাসাবাদ করিতে বাধা দিলে কি

তাঁহার দেখিবার কি জিজ্ঞাসা করিবার বাধা দেওনের দণ্ডের কথা।

said shall, on conviction by a magistrate, be punished with fine not exceeding five hundred rupees for each such offence.

Chapter 10.—*Regulation of Labor.*

106. Every employer shall from time to time, with the sanction of the inspector previously obtained, fix the daily tasks to be executed by the laborers employed by such employer, and shall frame a schedule of such daily tasks, and publish the same by posting a copy thereof in the Bengali language upon the door of each place of payment of the laborers employed by such employer, and by sending a copy thereof in the English language to the inspector.

Schedule of daily tasks to be framed.

107. No laborer shall be bound to work under his contract more than six days in one week, or more than six hours consecutively, or more than nine hours on any one day.

Maximum amount of labor.

108. If at any time the inspector considers such schedule of daily tasks or any part thereof to be unreasonable, he shall refer the consideration of such schedule to a committee consisting of the inspector, of some employer to be nominated by him, and of some person to be nominated by the employer whose schedule is to be considered, or on his default by the inspector.

Inspector may submit schedule to a committee.

109. In case the said committee or the majority in number thereof are of opinion that the daily tasks in such schedule contained, or any of them, are unreasonable, they shall modify and reduce such daily tasks in such manner as they shall deem reasonable, and such schedule so modified shall be published in manner aforesaid, and every schedule published as aforesaid shall have effect as between the employer and laborers in substitution for any former schedule.

Committee to revise schedule.

Chapter 11.—*Incapacity for Labor.*

110. It shall be lawful for the inspector of laborers within the local limits of whose authority any laborer may be employed, to suspend, for such period as he shall consider advisable, the contract of such laborer, or any particular term thereof, if such laborer shall be, in the judgment of such in-

Inspector may suspend contract of any laborer temporarily unfitted for labor.

আটক করিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ প্রমাণ হইলে, সেই কর্ত্তার কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

১০ পরিচ্ছেদ।—কর্ম্মের বিধানের কথা।

১০৬ ধারা। প্রত্যেক জন কর্ত্তা ইনস্পেক্টর সাহেবের অনুমতি লইয়া সময়ে২ মজুরদের প্রতিদিনের কায নিরূপণ করিয়া তাহার এক ফর্দ্দ করিয়া রাখিবেন, ঐ কর্ত্তার মজুরদের বেতন যে স্থানে দেওয়া গিয়া থাকে সেই স্থানের দ্বারে বাঙ্গলা ভাষায় সেই ফর্দ্দের একখানি নকল লাগাইয়া, এবং ইনস্পেক্টর সাহেবের নিকট ইংরেজী ভাষায় এক নকল পাঠাইয়া, তাহা প্রকাশ করিবেন ইতি।

প্রতিদিন যত কর্ম্ম করিতে হইবে তাহার ফর্দ্দের কথা।

১০৭ ধারা। কোন মজুর চুক্তিক্রমে হপ্তায় ছয় দিনের অধিক, ও না থামিয়া ছয় ঘণ্টার অধিক, ও কোন এক দিনে নয় ঘণ্টার অধিক মজুরী করিতে আবদ্ধ নয় ইতি।

যাহার অধিক কর্ম্ম করিতে না হইবে তাহার কথা।

১০৮ ধারা। ইনস্পেকটর সাহেব প্রতিদিনের কর্ম্মের ফর্দ্দ কিম্বা তাহার কোন অংশ যুক্তিসিদ্ধ নয় বলিয়া জ্ঞান করিলে, তিনি ঐ ফর্দ্দ বিবেচনা করিবার জন্যে কমিটীর প্রতি অর্পণ করিতে পারিবেন। ঐ ইনস্পেক্টর সাহেবকে, ও তিনি যে কোন কর্ত্তার নাম করেন তাঁহাকে, ও যে কর্ত্তার ফর্দ্দ বিবেচনা করিতে হইবে তিনি অন্য যে ব্যক্তির নাম করেন তাঁহাকে, কিম্বা তিনি কোন্ ব্যক্তির নাম না করিলে ইনস্পেক্টর সাহেব অন্য যে ব্যক্তির নাম করেন তাঁহাকে লইয়া ঐ কমিটী হইবে ইতি।

কর্ম্মের ফর্দ্দ কমিটীর প্রতি ইনস্পেকটরের অর্পণ করিবার কথা।

১০৯ ধারা। ঐ নির্ঘণ্টপত্রের লিখিত প্রতিদিনের কায কি তাহার কোন অংশ যুক্তিসিদ্ধ নয়, সেই কমিটীর কি তাহার অধিকাংশ ব্যক্তির এমত বোধ হইলে, তাঁহারা যদ্রূপে যুক্তিসিদ্ধ বোধ করেন, তদনুসারে ঐ প্রতিদিনের কার্য্য পরিবর্ত্তন ও কমাইয়া দিবেন। ও তদ্রূপে পরিবর্ত্তন করা ঐ ফর্দ্দ পূর্ব্বোক্তমতে প্রকাশ করা যাইবে। প্রকাশ করা গেলে, ঐ কর্ত্তার ও মজুরদের মধ্যে পূর্ব্ব করা অন্য ফর্দ্দের পরিবর্ত্তে সেই ফর্দ্দ প্রবল থাকিবে ইতি।

কমিটীর ঐ ফর্দ্দ সংশোধন করিবার কথা।

১১ পরিচ্ছেদ।—খাটিতে না পারিবার কথা।

১১০ ধারা। মজুরদের কোন ইনস্পেক্টরের ক্ষমতা যে সীমাব্যাপ্ত হয়, সেই সীমার মধ্যে কোন মজুর পীড়িত কি অন্তরাপত্যা হইয়া কি অন্য উপযুক্ত কারণে কিয়ৎকালের নিমিত্ত চুক্তিমতে কর্ম্ম করিতে পারে না, সেই ইনস্পেক্টরের এমত বিবেচনা হইলে, তিনি যত দিন উচিত জ্ঞান করে

কোন মজুর কিয়ৎকাল শ্রম করিতে না পারিলে তাহার চুক্তি ইনস্পেক্টরের স্থগিত রাখিতে পারিবার কথা।

spector, temporarily unfitted for the performance thereof by reason of sickness, pregnancy, or other sufficient cause. Provided that every such suspension shall be endorsed by the inspector on the contract. Provided also that every such laborer shall, during such incapacity, receive such subsistence money from his employer as shall be considered sufficient by the inspector, and that the time during which the suspension continues shall not be reckoned as part of the term for which the laborer is bound to serve.

Penalty for compelling laborer to perform work for which he is unfit.

111. If it shall be found that any laborer has been compelled to perform any species of labor for which he was at the time unfit, the employer by whom he was so employed shall, on conviction by a magistrate, be punished with fine.

Discharge of laborers permanently incapacitated.

112. If, in the opinion of the inspector of laborers, any laborer shall be permanently incapacitated for the performance of his contract or any material part thereof, the inspector shall certify to that effect in writing, and deliver such certificate to the employer of such laborer or some one on his behalf, and from the date of such certificate the contract of such laborer shall wholly cease and determine. The inspector shall make a return of all such cases of determination of contract in his report under section 103. Every laborer whose contract shall have been determined as aforesaid, shall be entitled to receive from his employer such sum, not exceeding three months' wages, as the inspector may award, and such sum shall be recoverable before a magistrate in the manner hereinafter provided for the recovery of wages.

Chapter 12.—Necessary Provision for Laborers.

Sufficient house accommodation, water-supply, and sanitary arrangements to be provided.

113. Whenever any laborers shall be employed in any labor district, the employer of such laborers shall be bound to provide for them sufficient and proper house accommodation, water-supply, sanitary arrangements, and rice.

Hospital, medicines, &c., to be provided.

114. Every employer shall be bound to provide for his laborers such sufficient hospital accommodation, and such medicines of such quality and description, and according to such scale, as shall from time to time be fixed by

তত দিন ঐ মজুরের চুক্তি কি তাহার বিশেষ কোন নিয়ম স্থগিত রাখিতে পারিবেন। পরন্তু ইনস্পেকটর প্রত্যেকবার চুক্তিপত্রের পৃষ্ঠে ঐ স্থগিত রাখিবার কথা লিখিবেন। আরও সেই মজুর উক্তমতে যত দিন কর্ম্ম করিতে না পারে, তত দিন ইনস্পেকটরের বিবেচনায় তাহার যত খোরাকী পাওয়া উচিত কর্ত্তার স্থানে তাহাই পাইবে, এবং সম্পূর্ণ যত দিন তাহার চুক্তিমতে কর্ম্ম করা স্থগিত থাকে, সেই সকল দিন তাহার মজুরী করিবার মিয়াদের মধ্যে ধরা যাইবে না ইতি।

মজুর যে কর্ম্ম করিতে অক্ষম তাহাকে জোর করিয়া সেই কর্ম্ম করাইলে দণ্ডের কথা।

১১১ ধারা। কোন মজুর যে সময়ে যে প্রকারের কর্ম্ম করিতে যোগ্য নয়, তাহার দ্বারা জোর করিয়া সেই কর্ম্ম করাণ হইয়াছে, ইহা দেখা গেলে, যে কর্ত্তা তাহার দ্বারা সেই কর্ম্ম করাইলেন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা তাঁহার অপরাধ প্রমাণ হইলে তাঁহার জরীমানা হইবে ইতি।

মজুর একেবারেই কর্ম্ম করিতে অপারক হইলে তাহাকে ছাড়াইয়া দিবার কথা।

১১২ ধারা। কোন মজুর আপনার চুক্তিমতে কর্ম্ম করিতে কিম্বা সেই কর্ম্মের কোন গুরুতর অংশ করিতে একেবারে অপারক হইয়াছে, মজুরদের ইনস্পেকটর সাহেবের এই বিবেচনা হইলে, তিনি সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া ঐ মজুরের কর্ত্তাকে কিম্বা তাঁহার পক্ষে অন্য ব্যক্তিকে দিবেন। ও সেই সর্টিফিকটের তারিখঅবধি ঐ মজুরের চুক্তি সম্পূর্ণরূপে রহিত ও শেষ হইয়া যাইবে। ইনস্পেকটর সাহেব ১০৪ ধারামতে যে রিপোর্ট দেন তন্মধ্যে চুক্তি রহিত হইবার সেই প্রকারের কথার রিটর্ণ করিবেন। কোন মজুরের চুক্তি সেই প্রকারে রহিত করা গেলে, ইনস্পেকটর সাহেব তিন মাসের বেতনের অনধিক তাহার যত টাকা পাইবার আজ্ঞা করেন, কর্ত্তার স্থানে তাহার তত টাকা পাইবার অধিকার থাকিবে, ও বেতনের টাকা আদায় করিবার যেরূপ বিধান পশ্চাৎ লেখা যাইতেছে সেই টাকাও সেইরূপে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হইতে পারিবে ইতি।

১২ পরিচ্ছেদ।—মজুরদের আবশ্যক আহারাদির কথা।

থাকিবার উপযুক্ত ঘর ও জলসম্পোষ্য ও স্বাস্থ্যরক্ষার নিয়মের কথা।

১১৩ ধারা। কোন মজুরেরা মজুরী করিবার কোন জিলায় কর্ম্ম পাইলে কর্ত্তা তাহাদের অক্লেশে থাকিবার উপযুক্ত ঘর ও জলসম্পোষ্য ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার যথোচিত ও উপযুক্ত নিয়ম করিয়া দিতে বদ্ধ হইবেন ইতি।

হাস্পাতাল ও ঔষধাদির বিধান করিবার কথা।

১১৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সময়ে২ হাস্পাতালে থাকিবার উপযুক্ত যে স্থান ও যে হিসাবমতে যে গুণের যে প্রকারের ঔষধ নিরূপণ করেন, মজুরদের নিমিত্ত কর্ত্তার সেই স্থানের ও সেই ঔষধাদির বিধান করিতে

the Lieutenant-Governor; and if three hundred or more laborers shall be employed by any employer, it shall be the duty of such employer to place in medical charge of such laborers a medical officer holding a medical diploma as licentiate in medicine, from some Indian or European collegiate institution authorized to grant diplomas, or an officer for the time being licensed by the local Government to act in such medical charge of laborers.

Inquiry whether employer has failed to provide as required by the rules.

115. It shall be lawful for any inspector or assistant inspector who is himself a magistrate, to institute within his jurisdiction, on the lands in charge of any employer, or at some place within his jurisdiction not more than ten miles distant from such lands, an inquiry whether such employer has provided for his laborers sufficient and proper house accommodation, water-supply, sanitary arrangements, or rice. On the complaint of any inspector or assistant inspector a similar inquiry may be made by a magistrate.

Punishment for gross neglect as to house accommodation, &c., and for wilfully omitting to comply with the order of the magistrate in such respect.

116. If the employer is convicted of gross neglect in not having provided sufficient and proper house accommodation, water-supply, sanitary arrangements, or rice, such employer shall be punished with a fine not exceeding five hundred rupees. In any case where a magistrate shall find that proper or sufficient house accommodation, water-supply, sanitary arrangements, or rice, has not been provided, he may order the employer to provide such proper and sufficient house accommodation, water-supply, sanitary arrangements, and rice. If the employer wilfully omits to comply with such order, he shall, on conviction, be punished with a fine not exceeding one hundred rupees a day for every day that such omission continues. In default of payment by the employer of the last mentioned fine, the person on whose account such employer has been acting shall be liable to pay the fine.

Penalty for failure to provide hospital accommodation, &c.

117. Wherever such sufficient hospital accommodation or such medicines of such quality and description, and according to such scale, or such medical officer as aforesaid, shall not have been provided, the employer or other person through whose wilful default the same shall not have been provided shall, on conviction by a magistrate, be punished

হইবে। কোন কর্ত্তার নিকট তিন শত কি তাহার অধিক জন মজুর কর্ম্ম করিলে, ভারতবর্ষীয় কি ইউরোপীয় যে কালেজ চিকিৎসা করিবার যোগ্যতা-পত্র প্রদান করিতে ক্ষমতাপন্ন হন ঐ কর্ত্তা এমত কালেজের চিকিৎসা করিবার লাইসেনশ্যাট বলিয়া যোগ্যতাপত্র প্রাপ্ত কোন ডাক্তরকে সেই মজুরদের চিকিৎসা কর্ম্মের ভার দিয়া নিযুক্ত করিবেন। অথবা স্থানীয় গবর্ণমেণ্ট মজুরদের চিকিৎসা কর্ম্মের ভার গ্রহণার্থে যৎকালে যাঁহাকে অনুমতিপত্র দেন এমন ব্যক্তিকে নিযুক্ত করিবেন ইতি।

কর্ত্তা বিধিমতে স্থানপ্রভৃতির বিধান করিয়াছেন কি না ইহার সন্ধান লইবার কথা।

১১৫ ধারা। মজুরদের কর্ত্তা সাহেব তাহাদের থাকিবার স্থানের ও জল পাইবার ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার যথোচিত ও যথোপযুক্ত নিয়ম করিয়াছেন কি না, ইনস্পেকটর কি আসিষ্টাণ্ট ইনস্পেকটর সাহেব মাজিষ্ট্রেট হইলে আপন বিচারাধিপত্যের অন্তর্গত সেই কর্ত্তার ভূমিতে কিম্বা সেই ভূমিহইতে দশ মাইলের অনধিক দূর আপন বিচারাধিপত্যের অন্তর্গত কোন স্থানে উক্ত বিষয়ের অনুসন্ধান লইতে পারিবেন। কোন ইনস্পেকটর কি আসিষ্টাণ্ট ইনস্পেকটর সাহেব নালিশ করিলে, কোন মাজিষ্ট্রেট সাহেবও তদ্রূপ অনুসন্ধান লইতে পারিবেন ইতি।

ঘর প্রভৃতির বিধান করিবার গুরুতর তাচ্ছল্য হেতুক ও সেই বিষয়ে ইচ্ছা করিয়া মাজিষ্ট্রেটের আজ্ঞা মতে কর্ম্ম ন করণ হেতুক দণ্ডের কথা।

১১৬ ধারা। থাকিবার ঘরের ও জল সম্পোযোর ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার যথোচিত ও উপযুক্ত নিয়ম না করিয়া কর্ত্তার গুরুতর তাচ্ছল্যের প্রমাণ হইলে, তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে। থাকিবার ঘরের ও জলসম্পোযোর ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার উপযুক্ত কি যথোচিত বিধান করা যায় নাই, মাজিষ্ট্রেট সাহেব কোন স্থলে ইহা দেখিতে পাইলে, তিনি কর্ত্তাকে থাকিবার ঘরের ও জলসম্পোযোর ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার তদ্রূপ উপযুক্ত ও যথোচিত বিধান করিতে আজ্ঞা দিতে পারিবেন। কর্ত্তা ইচ্ছা করিয়া সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে, তাঁহার অপরাধ নির্ণয় হইলে, যত দিন তাহার সেই কর্ম্ম করিতে ত্রুটি হইয়া থাকে, তাহার দিনপ্রতি তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে। কর্ত্তা শেষোক্ত দণ্ডের টাকা না দিলে, তিনি যে ব্যক্তির তরফে কর্ম্ম করিয়া আসিতেছেন তাঁহার প্রতি সেই টাকার দায় বর্ত্তিবে ইতি।

হাস্পাতাল প্রভৃতির বিধান না করিবার দণ্ডের কথা।

১১৭ ধারা। পূর্ব্বোক্তমতে হাস্পাতালে পীড়িত লোকদের থাকিবার উপযুক্ত যে স্থান নিরূপণ করিতে, ও যে গুণের যে প্রকারের যত ঔষধ রাখিতে ও যে ডাক্তর নিযুক্ত করিয়া রাখিতে হইবে, কোন স্থলে তাহার বিধান করা না গেলে, যে কর্ত্তা সাহেবের কিম্বা অন্য যে ব্যক্তির ইচ্ছামত ত্রুটি হেতুক ঐ২ বিষয়ের বিধান করা যায় নাই, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয়

with fine for every week during which any such default continues.

Chapter 13.—*Localities unfit for the Residence of Laborers.*

Inspector to report.

118. If an inspector of laborers shall at any time have reason to believe that any estate or portion of an estate situated within the limits of his jurisdiction is by reason of climate, situation, or condition unfit for the residence of laborers, he shall give notice in writing of his opinion to the magistrate of the district, and such magistrate shall forthwith summon a committee to inquire into the fitness of such estate or portion thereof for the residence of laborers. Such committee shall consist of the magistrate, the inspector of laborers, the medical officer of the district, and one or more employers of laborers, when such persons are available. If the magistrate is unable to procure the service on such committee of any employer of laborers he may, with the sanction of the commissioner of the division, appoint one or more persons whom he may deem qualified.

Magistrate to summon committee.

Proceedings of committee.

Such committee shall proceed, with as little delay as possible, to inquire into the healthiness of the estate or portion thereof to which the order appointing the committee has reference, and shall hear such information on the subject as the owner of the estate, or the employer or inspector, may desire to place before it; and if such committee, or the major part in number thereof, shall be of opinion that such estate or any portion thereof be unfit for the residence of laborers, it shall record a finding to that effect; and the contract of every laborer who shall have contracted to serve on such estate shall thereupon be void as regards such estate or portion of estate as may be found unfit for the residence of laborers.

If committee finds unfit, contract to be void as regards such locality.

Proviso as regards other localities.

Provided that every Such contract shall continue valid with regard to any other portion of such estate or to any other estate of the same employer in the same district.

[*Government Gazette*, 13*th January* 1874.]

হইলে যত সপ্তাহ তাঁহার তদ্রূপ ত্রুটি হইতে থাকে তত সপ্তাহপ্রতি তাঁহর অর্থদণ্ড হইবে ইতি।

১৩ পরিচ্ছেদ।—মজুরদের থাকিবার অনুপযুক্ত স্থানের কথা।

ইনস্পেকটরের রিপোর্ট করিবার কথা।

১১৮ ধারা। মজুরদের ইনেস্পকটর সাহেবের এলাকার সীমার মধ্য কোন স্থানের অন্তর্গত কোন মহালের কিম্বা মহালের কোন অংশের জল বাতাসের কি চতুর্দ্দিগের স্থানের কি অবস্থার দোষপ্রযুক্ত ঐ স্থানটি মজুরদের থাকিবার অনুপযুক্ত, কোন সময়ে তাঁহার কোন কারণে এমত জ্ঞান হইলে, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট লিখিয়া আপনার অভিমত জানাইবেন। সেই মহাল কিম্বা মহালের অংশ মজুরদের বাস করিবার উপযুক্ত কি না ইহার অনুসন্ধান লইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব অগৌণেই কমিটী করিবেন। মাজিষ্ট্রেট সাহেবকে, এবং মজুরদের ইনেস্পেকটর সাহেবকে, ও জিলার ডাক্তর সাহেবকে, এবং মজুরদের এক কি কএক জন কর্ত্তা পাওয়া যাইতে পারিলে তাঁহাদিগকে লইয়া ঐ কমিটী হইবে। মজুরদের কোন কর্ত্তাকে সেই কমিটীতে নিযুক্ত করিতে না পারা গেলে, মাজিষ্ট্রেট সাহেব দেশ খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া অন্য যে এক কি কএক জনকে ঐ কর্ম্মের উপযুক্ত জ্ঞান করেন তাঁহাকে কি তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন।

মাজিষ্ট্রেট সাহেবের কমিটী করিবার কথা।

কমিটীর কার্য্যের কথা।

যে মহাল কি মহালের যে অংশ লক্ষ করিয়া কমিটী করিবার আজ্ঞা হয়, সেই কমিটী সাধ্যমতে ত্বরায় ঐ মহাল প্রভৃতির অবস্থার অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন। এবং ঐ মহালের কি মহালের ঐ অংশের স্বামী কিম্বা কর্ত্তা কিম্বা ইনস্পেকটর সাহেব কমিটীর সম্মুখে যে সন্ধান জানাইতে চাহেন তাহা শুনিবেন। সেই মহাল কিম্বা মহালের সেই অংশ মজুরদের থাকিবার অনুপযুক্ত, ঐ কমিটীর কিম্বা কমিটীর অধিংকাশ লোকের এই অভিমত থাকিলে, তাঁহারা সেই মর্ম্মের নির্ণয়পত্র লিখিয়া দিবেন। তাহা হইলে যত জন মজুর ঐ মহালে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে, ঐ মহালসম্পর্কে কিম্বা মহালের যে অংশ মজুরদের থাকিবার অনুপযুক্ত বলিয়া জানা গেল সেই অংশসম্পর্কে, তাহাদের প্রত্যেক জনের চুক্তি বাতিল হইবে।

কমিটী ঐ স্থান অনুপযুক্ত জ্ঞান করিলে ঐ স্থানসম্পর্কে চুক্তি বাতিল হইবার কথা।

অন্যং স্থানের বিষয়ে উপবিধি।

কিন্তু সেই জিলার মধ্যে সেই কর্ত্তার ঐ মহালের অন্য অংশের পক্ষে কিম্বা অন্য কোন মহালের পক্ষে উক্ত প্রত্যেক চুক্তি বলবৎ থাকিবে ইতি।

119. If it shall at any time appear that the number of laborers (as well laborers defined by this Act as others) who have died on any estate or portion of an estate during the preceding twelve months, bears a larger proportion to the whole number of laborers (as well laborers defined by this Act as others) employed thereon during such period than 7 per centum, or if the average annual number of laborers (as well laborers defined by this Act as others) who have died on such estate or portion thereof during the preceding three years bears a larger proportion to the whole number of laborers (as well laborers defined by this Act as others) employed thereon during such period than 7 per centum, it shall be lawful for the Lieutenant-Governor to direct the civil medical officer of the district or other qualified medical officer to inquire into and report on the following matters :—

Lieutenant-Governor how to proceed if mortality in past year exceeds 7 per cent., or if the average of 3 years exceeds 5 per cent.

Matters to be inquired into.

(1) The cause or causes of such mortality.

(2) The want (if any) of due care or precaution and of the adoption of proper and available sanitary measures, on the part of the owner of such estate or portion thereof, or the employer, causing or contributing to such mortality.

(3) The fitness or otherwise of such estate or portion thereof for the residence of laborers and the reasons thereof.

Such medical officer shall proceed with as little delay as possible, and shall hear and record such information on the subject of the several matters aforesaid as the owner of such estate or portion thereof, or the employer, or inspector may desire to place before him, and shall visit and inspect such estate or portion thereof, and shall make his report expressing the reasons of his opinion and transmit the same with the recorded information and notes of his inspection of such estate or portion thereof to the Lieutenant-Governor.

Medical officer to report.

If the Lieutenant-Governor, after perusal and consideration of the said report, information, and notes, shall be of opinion that such mortality was caused by the want of due care or precaution and of the adoption of proper and available sanitary measures on the part of the owner of such estate or the employer, and that such estate or portion

Lieutenant-Governor may declare estate unfit for residence.

১১৯ ধারা। কোন মহালে কিম্বা মহালের কোন অংশে যত জন মজুর কর্ম্ম করে (তাহারা এই আইনের বিধানমত মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) শতকরার হিসাবে যদি পূর্ব্ব বারোমাসের মধ্যে তাহারদের শতের মধ্যে ৭ জনের অধিক মরে, (তাহারা এই আইনের বিধানমতে মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) কিম্বা তৎপূর্ব্ব তিন বৎসরে সেই মহালে কি মহালের সেই অংশে যত জন মজুর কর্ম্ম করিল (তাহারা এই আইনের বিধানমতে মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) সেই কালের মধ্যে যদি গড়ে তাহাদের বৎসর২ শতকরা সাত জনের অধিক মরে, তবে (তাহারা এই আইনের বিধানমতে মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব জিলার সিবিল ডাক্তর সাহেবকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য ডাক্তর সাহেবকে নিম্নলিখিত বিষয়ের অনুসন্ধান করিয়া রিপোর্ট করিতে আজ্ঞা করিবেন।

পূর্ব্ব বৎসরে শতকরা ৭ জনের অধিক মরিলে কিম্বা পূর্ব্ব তিন বৎসর গড়ে শতকরা ৭ জনের অধিক মরিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের যাহা কর্ত্তব্য তাহার কথা।

যেং বিষয়ের অনুসন্ধান লওয়া যাইবে তাহার কথা।

(১) মজুরদের তদ্রূপ মরণের যে কারণ বা যেং কারণ থাকে তাহার।

(২) উক্ত মহালের কি তাহার উক্ত অংশের স্বামির কিম্বা মজুরদের কর্ত্তার উপযুক্ত মনোযোগ কি পরিণামদর্শিতা না থাকাপ্রযুক্ত কিম্বা স্বাস্থ্যজনক যে উপযুক্ত উপায় করিতে পারিতেন তাহা না করা প্রযুক্ত যদি মজুরদের এত জনের মরণ হয় কি হইবার উপক্রম হইয়া থাকে তবে সেই বিষয়ের।

(৩) সেই মহাল কিম্বা তাহার সেই অংশ মজুরদের বাস করিবার উপযুক্ত কি না এই কথার ও তাহার কারণের রিপোর্ট।

ঐ ডাক্তর সাহেব সাধ্যমতে ত্বরায় ঐ কর্ম্মে প্রবর্ত্ত হইবেন, এবং ঐ মহালের কি তদংশের স্বামী কিম্বা কর্ত্তা কি ইনস্পেক্টর সাহেব তাঁহাকে পূর্ব্বোক্ত নানা বিষয়ের যে সন্ধান জানাইতে চাহেন তাহা শুনিয়া লিপিবদ্ধ করিবেন, ও সেই মহালে কি তদংশে গিয়া দেখিবেন। এবং আপনার রিপোর্ট ও অভিমতের কারণ লিখিয়া উক্ত যে সন্ধান লিপিবদ্ধ করিলেন ও ঐ মহাল কি তদংশ দেখিয়া মন্তব্য যেং কথা লিখিলেন, রিপোর্টের সহিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট তাহা পাঠাইবেন।

ডাক্তর সাহেবের রিপোর্ট করিতে হইবার কথা।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবনর সাহেব পূর্ব্বোক্ত রিপোপোর্ট ও সন্ধান ও মন্তব্য কথা পাঠ করিয়া বিবেচনা করিলে পর, ঐ মহালের স্বামির কিম্বা কর্ত্তার উচিতমত মনোযোগ কি পরিণামদর্শিতা না থাকাই, ও স্বাস্থ্য জন্মাইবার উপযুক্ত যে উপায়ের বিধান করা যাইতে পারিত তাহা না করাই মজুরদের মরণের কারণ ছিল, এবং ঐ মহা-

ঐ স্থান মজুরদের বাস করিবার অনুপযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ইহা প্রকাশ করিবার কথা।

thereof is unfit for the residence of laborers by reason of the want of due care or precaution, and of the adoption of proper and available sanitary measures on the part of the owner of such estate or portion thereof or the employer, it shall be lawful for the Lieutenant-Governor to declare in writing that such estate or portion thereof is unfit for the residence of laborers. Such declaration of the Lieutenant-Governor shall have the same effect as the finding of a committee under the last preceding section.

Contracts to be void as regards that estate.

120. Every employer who shall cause or permit any labourer to reside upon any such estate or portion of an estate as under the provisions of either of the two preceding sections may have been found to be unfit for the residence of laborers, shall, on conviction by a magistrate, be punished with fine· Provided always that in case it shall appear to the inspector that any such estate, or portion of an estate, or any part of such portion, has become fit for the residence of laborers, he shall, with the sanction of the magistrate of the district, give under his hand a certificate of such fitness, and no employer shall be liable to fine by reason of his causing or permitting laborers to reside in any place respecting which such certificate of fitness shall have been given.

Penalty on employer permitting laborer to reside in locality declared to be unfit.

Chapter 14.—Offences committed by Laborers.

121. Any laborer, who shall absent himself from his labor without sufficient cause, may, on conviction by a magistrate, be sentenced to lose all claims to wages or allowances during the period of such absence, and also to forfeit to his employer a sum not exceeding four annas for each day during which such absence shall be continued ; and in case such absence shall have exceeded seven days, or in case such laborer shall have been already convicted of the same offence within a period of three months, such laborer shall be furthermore sentenced to rigorous imprisonment for fourteen days.

Penalty on laborer for absenting himself without sufficient cause.

122. If any laborer deserts from his employer's service, and no magistrate is resident within ten miles of the place where such laborer may be found, such employer or any other person acting in his behalf may, without first procuring a warrant, and without the assistance of any

Deserting may be apprehended without warrant.

লের কিম্বা তাহার কিয়দংশের স্বামির কি কর্ত্তার উচিতমত মনোযোগ কি পরিণামদর্শিতা না থাকা-প্রযুক্ত ও স্বাস্থ্যের উপযুক্ত যে উপায়ের বিধান করা যাইতে পারিত তাহা না করাপ্রযুক্ত, ঐ মহাল কি তদংশ মজুরের বাস করিবার অনুপযুক্ত হইয়াছে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এই অভিমত থাকিলে, তিনি সেই মহাল কি তদংশ মজুরদের বাস করিবার অনুপযুক্ত বলিয়া নির্দ্দেশ বাক্য লিখিয়া দিতে পারিবেন। ইহার পূর্ব্ব ধারামতে কমিটীর নির্ণয়ের যে ফল হয়, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ঐ নির্দ্দেশ বাক্যের সেই ফল হইবে ইতি।

ঐ মহালসম্পর্কীয় চুক্তি রহিত হইবার কথা।

১২০ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার কোন ধারা-মতে যে মহাল কি মহালের যে অংশ মজুরদের থাকি-বার অনুপযুক্ত বলিয়া নির্ণয় হয়, কর্ত্তা কোন মজুরকে সেই স্থানে বাস করাইলে কি করিতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, তাহার জরীমানা হইবে। পরন্তু সেই মহাল কি মহালের অংশ কি সেই অংশের কোন ভাগ পশ্চাৎ মজুরদের বাস করিবার উপযুক্ত হইয়াছে, ইনস্পেক-টর সাহেবের এমত অনুভব হইলে, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি লইয়া সেই স্থানটি বাসের উপযুক্ত হওয়ার সর্টিফিকট লিখিয়া সহী করিয়া দিবেন। ও বাস করিবার উপযুক্ত বলিয়া যে স্থানের বিষয়ে তদ্রূপ সর্টিফিকট দেওয়া যায়, কর্ত্তা সেই স্থানে মজুরদিগকে বাস করাইলে কি করিতে দিলেও তাহার জরীমানা হইবে না ইতি।

মজুরদের থাকিবার অনু-পযুক্ত বলিয়া যে স্থান প্র-কাশ হয় কর্ত্তা সেই স্থানে মজুরকে থাকিতে দিলে দণ্ডের কথা।

১৪ পরিচ্ছেদ।—মজুরদের অপরাধের কথা।

১২১ ধারা। যদি কোন মজুর উপযুক্ত কারণ না থাকিলেও আপন কর্ম্মে না যায়, তবে মাজিষ্ট্রেট সা-হেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, যত দিন সেইরূপে কর্ম্মে না যায় তাহার তত দিনের বেতন কি উপরি পয়সা পাইবার দাওয়া বাতিল হইবার আজ্ঞা হইবে, ও যত দিন কর্ম্মে না যায় তাহার দিনপ্রতি কর্ত্তার নিকট চারি আনার অনধিক জরীমানা দিবার আজ্ঞা হইবে। যদি সেই প্রকারে সাত দিনের অধিক কর্ম্মে না যায়, কিম্বা পূর্ব্ব তিন মাসের মধ্যে যদি অন্য সময়ে তাহার সেই অপরাধের প্রমাণ হইয়া থাকে, তবে তাহার সেই দণ্ডভিন্ন চৌদ্দ দিন কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

উপযুক্ত কারণ না থাকি-লেও কর্ম্মে না যাইবার দণ্ডের কথা।

১২২ ধারা। যদি কোন মজুর আপনার কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলায় কি পলাইতে চেষ্টা করে, ও সেই মজুরকে যে স্থানে পা-ওয়া যায় যদি সেই স্থান-হইতে দশ মাইলের মধ্যে কোন মাজিষ্ট্রেটের নিবাস না থাকে, তবে সেই কর্ত্তা কিম্বা তাহার সপক্ষ কর্ম্ম-

পলায়ন করিলে বিনা-পরওয়ানায় ধরা যাইতে পারিবার কথা।

police officer (who, nevertheless, shall be bound to give such assistance if called upon to do so), apprehend such laborer. Provided, nevertheless, that if such laborer be found in the service of another employer, he shall not be arrested without a warrant. Provided also that any person, who shall apprehend a laborer under the provisions of this section, shall without delay give the said laborer in charge at the nearest police station, and there enter the charge upon which he shall have apprehended such laborer.

To be taken to nearest magistrate.

Any laborer so given in charge shall be conveyed, without delay, to the nearest magistrate; and, if such magistrate be authorized to deal with the case, he shall himself adjudicate upon the charge; but if not, he shall forward the said laborer, under custody, to the magistrate or bench of magistrates authorized to deal with such case, who shall thereupon adjudicate upon such charge.

Procedure upon complaint of desertion.

Upon complaint made to a magistrate by an employer, or any person acting on his behalf, that a laborer has deserted from his employer's service, such magistrate may issue a summons for the attendance of such laborer, or a warrant for his arrest, and appoint a day for the hearing of the complaint without previously examining the complainant.

Punishment.

Every laborer who deserts from his employer's service shall on conviction be punished with rigorous imprisonment which may extend to one month; and every laborer who, after having been convicted of desertion, shall again desert from his employer's service, shall, on conviction as aforesaid, be punished with rigorous imprisonment for a period which may extend to two months; and every laborer who, after having been twice convicted of desertion, shall again desert, shall, on conviction as aforesaid, be punished with imprisonment, simple or rigorous, which may extend to three months.

Compensation for wrongful arrest.

If it appears to the magistrate or to the bench of magistrates adjudicating upon any such charge as is mentioned in this section, that such laborer has been apprehended or arrested without sufficient cause, it shall be lawful for such magistrate or bench of magistrates to impose a fine not exceeding fifty rupees on the employer, at whose instance such laborer has been apprehended or arrested, or to award compensation not exceeding fifty

চারি ব্যক্তি পরওয়ানা না পাইয়া, পোলীসের কোন কর্ম্মকারকের সাহায্য না লইয়া, তাহাকে ধরিয়া লইতে পারিবেন। পোলীসের কর্ম্মকারকের সাহায্য চাহিলে তাঁহার সাহায্য করিতেই হইবে। পরন্তু সেই মজুরকে অন্য কর্ত্তার নিকট কর্ম্ম করিতে দেখা গেলে, পরওয়ানাবিনা তাহাকে ধরা যাইতে পারিবে না। আরো এই ধারার বিধানমতে কোন ব্যক্তি সেই মজুরকে ধরিলে পর অগৌণেই অতিনিকট পোলীস থানায় অনিয়া, যে দোষের নিমিত্ত ঐ মজুরকে ধরা গেল থানায় তাহা লেখাইয়া দিবেন।

অতি নিকট মাজিষ্ট্রেটের কাছে লইয়া যাইবার কথা।

কোন মজুরকে সেই প্রকারে পোলীসের হাতে আনিয়া দেওয়া গেলে, তাহাকে অগৌণে অতিনিকট মাজিষ্ট্রেটের কাছে লইয়া যাইতে হইবে। ও ঐ মাজিষ্ট্রেট সেই মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হইলে, তিনিই সেই নালিশের বিচার করিবেন। না হইলে তিনি মজুরকে পেয়াদার জিম্মায় দিয়া ঐ মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের কি মাজিষ্ট্রেটদের বেঞ্চের নিকট পাঠাইবেন ও তিনিই কি তাঁহারা সেই নালিশের বিচার করিবেন।

পলায়ন করিবার নালিশ হইলে কার্য্যপ্রণালীর কথা।

মজুর আমার কর্ম্ম ছাড়িয়া পলায়ন করিয়াছে বলিয়া কোন কর্ত্তা কি তাঁহার পক্ষে কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকট নালিশ করিলে, ঐ মাজিষ্ট্রেট ফরিয়াদীর জোবানবন্দী অগ্রে না লইয়া, ঐ মজুরের হাজির হইবার সমন কিম্বা তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা জারী করিয়া নালিশ শুনিবার দিন নিরূপণ করিবেন।

দণ্ডের কথা।

কোন মজুর আপন কর্ম্ম ছাড়িয়া পলাইয়াছে এই অপরাধ নির্ণয় হইলে, তাহার এক মাস পর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে। ও পলায়নের প্রমাণ হইলে পর কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া আবার পলাইলে, পূর্ব্বোক্তমতে অপরাধ নির্ণয় হইলে তাহার দুই মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে। ও দুইবার পলায়ন দোষ প্রমাণ হইলে পর আবার পলাইলে, পূর্ব্বোক্তমতে অপরাধ নির্ণয় হইলে তাহার তিন মাস পর্য্যন্ত সামান্যরূপে কিম্বা কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে।

অন্যায়মতে গ্রেপ্তার করা গেলে হানিপূরণের কথা।

যে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটদের যে বেঞ্চ ঐ নালিশের বিচার করেন উপযুক্ত কারণ না থাকিতেও মজুরকে গ্রেপ্তার করা গিয়াছে তাঁহার এমত বোধ হইলে, যে কর্ত্তার প্রার্থনামতে ঐ মজুরকে ধরিয়া কি গ্রেপ্তার করিয়া আনা গিয়াছে উক্ত মাজিষ্ট্রেট সাহেব কি মাজিষ্ট্রেটদের উক্ত বেঞ্চ সেই কর্ত্তার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা করিতে পারিবেন, কিম্বা ঐ মজুরের পঞ্চাশ টাকাপর্য্যন্ত হানিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

rupees to such laborer, and such compensation shall be paid by the employer at whose instance such laborer has been apprehended or arrested.

Conviction not to operate as a release.

123. On the expiry of any sentence of imprisonment for any offence under this Act, save as is provided in section 124, it shall be the duty of the magistrate to make over such laborer to any person appointed on the part of his employer to receive charge of him; and no conviction under this Act, or imprisonment under such conviction, shall, save as is provided in section 124, be held to operate as a release to any laborer from the terms of his contract. Provided, nevertheless, that the period of imprisonment shall in no case be prolonged by reason of there being no person present on the part of the employer to take charge of the laborer at the expiry of his sentence; but such laborer shall in that case be sent to the principal place of business of such employer, and the expense of such conveyance shall be levied from the employer in the manner provided in section 96.

Cancellation of contract by desertion.

124. Whenever any laborer shall have actually suffered imprisonment amounting in the whole to six months for desertion from his employer's service, it shall be lawful for the inspector, and he is hereby required, to cancel the contract of such laborer, and every such cancellation shall be certified by the inspector on the back of the contract.

Portion of sentence may be cancelled on application of employer.

125. The employer, or any person authorized to act for the employer, of any laborer imprisoned for any offence under this Act, may apply to a magistrate, at any time previous to the expiry of such sentence, that such laborer be made over to him for the purpose of completing his contract; and such magistrate may, if he see good cause, make over or forward such laborer to his employer; and in that case such magistrate shall cancel the remainder of the sentence passed on him, and shall endorse on the contract of such laborer a memorandum signed by him of such cancellation.

Expense of restoring deserting laborer to be paid by employer.

126. Every employer who obtains an order for the return or forwarding of any laborer who has deserted, shall pay the expense incurred in such return or forwarding, and shall, before the order is issued, deposit with the magistrate such sum as such magistrate may in his discretion deem to be suffi-

তাহা হইলে যে কর্ত্তার প্রার্থনামতে ঐ মজুরকে ধরিয়া আনা গিয়াছে তাঁহার সেই হানিপূরণের টাকা দিতে হইবে ইতি।

দোষ প্রমাণ হওয়া কর্ম্ম-হইতে ছাড়াইয়া দেওয়ার তুল্য না হইবার কথা।

১২৩ ধারা। ১২৪ ধারায় যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলছাড়া, এই আইন মত কোন অপরাধের নিমিত্ত কারাদণ্ডের মিয়াদ ফুরাইলে, কর্ত্তা মজুরকে জিম্মায় লইয়া আনিবার নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাহার হাতে সেই মজুরকে সমর্পণ করিয়া দেওয়া মাজিষ্ট্রেটের কর্ত্তব্য। এবং এই আইনক্রমে অপরাধের প্রমাণ হইলে ও প্রমাণক্রমে কারাদণ্ড হইলেও, ১২৪ ধারার নির্দ্দিষ্ট স্থলছাড়া, চুক্তির নিয়ম হইতে মজুরের মুক্ত হওনরূপ ফল জন্মিবে না। কিন্তু তাহার কয়েদের মিয়াদ ফুরাইলে যদি কর্ত্তার পক্ষে মজুরকে জিম্মায় লইয়া যাইবার লোক উপস্থিত না থাকে, তবে সেই কারণে তাহাকে অধিককাল কয়েদ করিয়া রাখিতে হইবে না। তদ্রূপ স্থলে ঐ কর্ত্তার কর্ম্মের যে সদর স্থান থাকে, ঐ মজুরকে সেই স্থানে চালান করা যাইবে, ও চালান করিবার খরচ ৯৬ ধারার বিধানমতে কর্ত্তার নিকটে আদায় করিয়া লওয়া যাইবে ইতি।

পলায়ন করিলে চুক্তি বাতিল হইতে পারিবার কথা।

১২৪ ধারা। কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলায়নপ্রযুক্ত কোন মজুরকে সর্ব্বসুদ্ধ ছয় মাস কয়েদ করা গেলেই ইনস্পেকটর সাহেব ঐ মজুরের চুক্তি বাতিল করিতে পারিবেন, এবং বাতিল করেন তাঁহার প্রতি এই আদেশ হইল। বাতিল হইলে ইনস্পেকটর সাহেব চুক্তিপত্রের পৃষ্ঠে ঐ কথার সর্টিফিকট লিখিবেন ইতি।

কর্ত্তার প্রার্থনামতে দণ্ডের এক অংশ ক্ষমা হইতে পারিবার কথা।

১২৫ ধারা। এই আইনমতে কোন অপরাধের নিমিত্ত কোন মজুরকে কয়েদ করা গেলে তাহার কয়েদ থাকার মিয়াদ না ফুরাইলেও, কর্ত্তা, কিম্বা কর্ত্তার পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি, মাজিষ্ট্রেটের নিকট এই প্রার্থনা করিতে পারিবেন যে, ঐ মজুর আপন চুক্তিমতে কর্ম্ম চালায় এই নিমিত্ত তাহাকে তাঁহার হাতে অর্পণ করা যায়। ও মাজিষ্ট্রেট সাহেব বিশিষ্ট কারণ জানিলে মজুরকে কর্ত্তার হাতে অর্পণ করিতে কিম্বা তাহার নিকট চালান করিতে পারিবেন। তাহা হইলে ঐ ব্যক্তির দণ্ডের বাকী সময় রহিত করিবেন এবং ঐ মজুরের চুক্তিপত্রের পৃষ্ঠে তাহার মিয়াদ রহিত হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

মজুর পলাতক হইলে কর্ত্তার নিকট তাহাকে ফিরিয়া পাঠাইবার খরচের কথা।

১২৬ ধারা। কোন কর্ত্তা পলাতক মজুরকে ফিরিয়া আনাইবার কি চালান করিবার আজ্ঞা পাইলে তাহাকে ফিরিয়া আনিবার কি চালান করিবার যে খরচ লাগে তাহা ঐ কর্ত্তার দিতে হইবে, ও উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় তাহাকে ফিরিয়া আনাইতে কি চালান করিতে যত

cient for defraying the expense of such return or forwarding.

Time of unlawful absence or imprisonment to be excluded from contract period.

127. The duration of every unlawful absence from labor, of which any laborer may be convicted, and every sentence of imprisonment for any offence under this Act, shall be endorsed on the contract, at the time of its being passed, by the officer passing it; and no such period of imprisonment or unlawful absence so endorsed shall be reckoned as part of the term for which the laborer is bound to serve, but such term shall extend to such further period as shall be equivalent to the aggregate amount of the imprisonment and unlawful absence so endorsed.

Other person enticing away, harbouring, or employing laborer under contract.

128. Any person who knowingly and wilfully entices away, harbours, or employs, or attempts to entice from his employment, any laborer, before such laborer shall have been lawfully released from his contract, shall, on conviction by a magistrate, be punished with fine, the whole or any portion of which may be awarded to the employer of such laborer.

Chapter 15.—*Complaints made by Laborers.*

Employer to give notice to inspector if laborer wishes to complain of personal ill-usage or breach of contract.

129. If any laborer states to his employer, or to any person acting for such employer, that he desires to make a complaint to the inspector of laborers of personal ill-usage or breach of any provision of this Act on the part of such employer or other person, the person to whom such statement is made shall, within forty-eight hours, send notice thereof in writing to the inspectors, and in default of so doing, such person shall, on conviction by a magistrate, be punished with fine.

Inspector how to proceed on receipt of notice, or if complaint is made to him,

130. Whenever any inspector of laborer receives such notice in writing as aforesaid, or whenever any complaint of personal ill-usage or breach of any provision of this Act as aforesaid, is made to him by any laborer against his employer or any person acting for such employer, or whenever the inspector has other reasonable grounds for believing that any such personal ill-usage or breach of any provision of this Act as aforesaid has been suffered by a laborer, such inspector shall forthwith, if the place in which such offence has been committed

or if he has reason to believe that there is ground for a complaint.

খরচ উপযুক্ত বোধ হয়, ঐ আজ্ঞা জারী হইবার পুর্ব্বে ঐ মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাঁহার তত টাকা গচ্ছিত করিতে হইবে ইতি।

অন্যায়মতে কর্ম্মে না যাইবার কি কয়েদ থাকিবার সময় চুক্তির মিয়াদহইতে কাটিয়া লইবার কথা।

১২৭ ধারা। কোন মজুরের যত দিন অন্যায়মতে কর্ম্মে না যাওয়া প্রমাণ হয় ও এই আইনমতে কোন অপরাধের নিমিত্ত তাহার যত দিন কয়েদ থাকার আজ্ঞা হয়, যে কার্য্যকারক ঐ আজ্ঞা করিলেন তিনি ঐ আজ্ঞা করণ সময়ে চুক্তিপত্রের পৃষ্ঠে সেই দিনের সংখ্যা লিখিবেন। আর মজুর যত কাল কর্ম্ম করিতে বদ্ধ হয়, ঐ পৃষ্ঠলিপির লিখিতমতে তাহার কয়েদ থাকার সমস্ত দিন ও অন্যায়মতে কর্ম্মে না যাইবার দিন সেই মিয়াদের মধ্যে ধরা যাইবে না। কিন্তু পৃষ্ঠলিপিমতে মোটে যত দিন কয়েদ ছিল ও অন্যায়মতে যত দিন কর্ম্মে না গিয়াছিল তাহার কর্ম্ম করিবার মিয়াদ তত দিন বাড়িয়া যাইবে ইতি।

চুক্তিবদ্ধ মজুরকে ফুসলাইয়া লইবার কি আশ্রয় কি কর্ম্ম দিবার দণ্ডের কথা।

১২৮ ধারা। কোন মজুর যে চুক্তি করিয়াছে তাহাহইতে তাহার ন্যায্যমতে মুক্ত হইবার পূর্ব্বে, কোন ব্যক্তি ইচ্ছা করিয়া ও জানিয়া শুনিয়া তাহাকে সেই কর্ম্মহইতে ফুসলাইয়া লইলে কি আশ্রয় দিলে কি কর্ম্ম দিলে কিম্বা তাহাকে ফুসলাইয়া লইতে চেষ্টা করিলে, তাহার জীরমানা হইতে পারিবে। ও সেই জীরমানার সমুদয় টাকা কি তাহার একাংশ ঐ মজুরের কর্ত্তাকে দেওয়া যাইতে পারিবে ইতি।

১৫ পরিচ্ছেদ —মজুরদের নালিশের কথা।

মজুর অত্যাচারের কি চুক্তিভঙ্গের নালিশ করিতে চাহিলে ইনস্পেকটরকে কর্ত্তার নোটিস দিবার কথা।

১২৯ ধারা। কর্ত্তা কিম্বা কর্ত্তার পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তি আমার প্রতি অত্যাচার করিয়াছেন কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন করিয়াছেন বলিয়া আমি মজুরদের ইনস্পেকটর সাহেবের নিকট নালিশ করিতে চাহি, কোন মজুর কর্ত্তাকে কিম্বা সেই অন্য ব্যক্তিকে এইরূপ কহিলে, যাঁহার নিকট ঐ কথা কহে তিনি আটচল্লিশ ঘণ্টার মধ্যে ইনস্পেকটর সাহেবের নিকট লিখিয়া ঐ কথার নোটিস দিবেন। না দিলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার জরীমানা হইবে ইতি।

নোটিস পাইলে কিম্বা তাহার নিকট নালিশ হইলে

১৩০ ধারা। মজুরদের কোন ইনস্পেকটর সাহেব পূর্ব্বোক্ত প্রকারের লিখিত নোটিস পাইলে, কিম্বা কোন মজুর তাঁহার নিকট কর্ত্তার নামে কিম্বা কর্ত্তার নিমিত্ত কর্ম্মকারি কোন ব্যক্তির নামে পূর্ব্বোক্তমতে অত্যাচারের কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন করার নালিশ করিলে, কিম্বা কোন মজুরের প্রতি পূর্ব্বোক্তমতে অত্যাচার হইয়াছে কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন হইয়াছে ইনস্পেকটর সাহেবের এমত জ্ঞান করিবার অন্য যুক্তিসিদ্ধ কারণ থাকিলে, ঐ অপরাধ যে স্থানে করা গিয়াছে সেই স্থান তাঁহার ক্ষমতার সীমার মধ্যে না থাকিলে, যে

কিম্বা নালিশ করিবার কারণ আছে জ্ঞান করিলে ইনস্পেকটরের যাহা কর্ত্তব্য তাহার কথা।

is not situated within the limits of his own authority, give notice thereof in writing to the inspector within the limits of whose authority such place is situated; and if such place be situated within the limits of his own authority, then such inspector shall, so soon as conveniently may be, proceed to some place not more than ten miles from the principal place of business of such employer, and make full inquiry into the matter complained of.

ইনস্পেকটরের ক্ষমতার সীমার মধ্যে আছে তাঁহার নিকট তিনি অগৌণে লিখিয়া ঐ অপরাধের নোটিস দিবেন। সেই স্থান যদি তাঁহার নিজ ক্ষমতার সীমার মধ্যে থাকে তবে সেই ইনস্পেকটর সাহেব সুবিধা-মতে ত্বরায় ঐ কর্ত্তার কর্ম্মের সদর স্থানহইতে সোজা পথে দশ মাইলের অদূর কোন স্থানে গিয়া নালিশের বিষয়ের সম্পূর্ণ অনুসন্ধান লইবেন ইতি।

Procedure.
Penalty for obstructing service of, or disobedience to, summons.

131. For the purposes of such inquiry the inspector may summon such laborer and any witnesses. If any employer, or other person acting for or under such employer, in any way wilfully obstructs the service of, or obedience to, such summons; or if the laborer or any witness summoned intentionally omits to attend as required in such summons, he shall, on conviction by a magistrate, be punished with fine.

কার্য্য প্রণালীর কথা।
সমন জারী করিবার বাধা দিলে কি না মানিলে দণ্ডের কথা।

১৩১ ধারা। তদ্রূপ অনুসন্ধান করিবার জন্যে ইনস্পেকটর সাহেব ঐ মজুরকে ও কোন সাক্ষি-দিগকে সমন করিতে পারিবেন। কোন কর্ত্তা কিম্বা তাঁহার পক্ষে কি তাঁহার অধীনে কর্ম্মকারি কোন ব্যক্তি ইচ্ছা করিয়া কোন প্রকারে ঐ সমন জারী হইবার কি তদনুসারে কর্ম্ম হইবার বাধা দিলে, কিম্বা মজুর কি যে সাক্ষিকে সমন করা যায় সে ইচ্ছা করিয়া ঐ সমনের আদেশ-মতে উপস্থিত না হইলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহার জরীমানা হইবে ইতি।

If complaint is untrue or frivolous.

132. If, upon such inquiry made on the complaint of a laborer, the inspector is of opinion that the complaint is untrue or frivolous, he shall enter in his book the particulars of such complaint, and a short statement of the grounds of his opinion respecting it, and shall dismiss the complaint, and in such case shall endorse on the employer's copy of the contract of such complainant the number of days during which such complainant has been absent from work in consequence of such inquiry, and such number of days shall be added to the period of the contract of such complainant.

নালিশ অসত্য কি তুচ্ছ হইলে তাহার কথা।

১৩২ ধারা। মজুরের নালিশমতে সেই অনুসন্ধান লওয়া গেলে পর, ইনস্পেকটর সাহেব তাহা অসত্য কি তুচ্ছ জ্ঞান করিলে, তিনি আপন বহীতে সেই নালিশের বৃত্তান্ত ও তদ্বিষয়ে আপনার মতের কারণের সংক্ষেপ বর্ণনা লিখিয়া নালিশ ডিস্মিস্ করিবেন। তাহা হইলে সেই অনুসন্ধান প্রযুক্ত বাদী যত দিন কর্ম্ম করিতে যায় নাই, কর্ত্তার নিকট ঐ বাদির চুক্তিপত্রের যে নকল থাকে তাহার পৃষ্ঠে সেই দিনের সংখ্যা লিখিবেন, ও ঐ বাদির চুক্তির মিয়াদ আর তত দিন বাড়িয়া যাইবে ইতি।

If complaint is well founded.

133. If, upon inquiry as aforesaid, the inspector is of opinion that the complaint is well-founded, he shall, if himself a magistrate, dispose of the case according to due course of law. If the inspector shall not be a magistrate, he shall without delay send the complainant and his witnesses to the nearest magistrate, and such magistrate shall thereupon dispose of the case according to due course of law.

নালিশ সমূলক হইলে তাহার কথা।

১৩৩ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের অনুসন্ধান হইলে সেই নালিশ মূলক যদি ইনস্পেকটর সাহেবের এই অভিমত থাকে, তবে তিনি মাজিষ্ট্রেট হইলে আইনের নিয়মিত ধারামতে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন। তিনি মাজিষ্ট্রেট না হইলে বিলম্ব না করিয়া বাদিকে ও তাহার সাক্ষিদিগকে নিকটস্থ মাজিষ্ট্রেটের কাছে পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেট আইনের নিয়মিত ধারামতে ঐ মোকদ্দমা নিষ্পত্তি করিবেন ইতি।

Recovery of arrears of wages.

134. If, upon the complaint of any laborer, it is proved to the satisfaction of a magistrate that the wages of such laborer are in arrear for two months, it shall be lawful for

বাকী বেতন আদায় করিবার কথা।

১৩৪ ধারা। কোন মজুরের নালিশমতে তাহার দুই মাসের বেতন বাকী আছে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে, তৎকালে মজুরের যত টাকা পাওনা বলিয়া

the magistrate to award to such laborer the amount which shall appear to be then due to him; and also, by way of compensation, such further sum, not exceeding that amount, as shall appear to such magistrate to be just; and in case of default, the magistrate shall levy the entire sum by distress and sale of any moveable property which may be found in the possession or under the charge of such employer.

Compensation may be given if arrear is for two months.

135. If any employer, or any person placed in authority over any laborer by such employer, shall be convicted of any offence causing injury to the person or property of such laborer triable under the Code of Criminal Procedure by the court of session; or if any such employer, or other person as aforesaid, shall be twice convicted of any such offence against such laborer triable under the said Code by a magistrate; or if it shall be proved before a magistrate that the wages of such laborer are in arrear to an amount exceeding the total of such laborer's wages for four months; or if a magistrate shall, on the report of the inspector and after due inquiry, upon oath, in the presence of the parties, be satisfied that any laborer has been compelled to perform any labor while he was unfit for it, or has been subjected to ill-usage by such employer, or any other person placed in authority over the laborer by such employer; it shall be lawful for the magistrate, if he think fit, on the application of the laborer, in each of such cases, to cancel the contract of such laborer, and award to him compensation not exceeding thirty rupees, and every such cancelment shall be certified by the magistrate on the back of such contract.

Contract may be declared cancelled if employer is convicted of maltreatment by session court, or twice by magistrate;

or if wages are in arrear for four months;

or if ill-usage is proved.

Chapter 16.—*Determination of Contract.*

136. Every laborer who has completed the term of his contract shall be forthwith entitled to appear before the inspector or assistant inspector in order that the completion of his contract may be registered.

Laborer may appear before the inspector to register completion of contract.

If an employer detains such laborer after the completion of his contract, or fails to give notice of such completion to the inspector within one month after the date of such comple-

Penalty if employer detains, or omits to report.

জানা যায় ঐ মাজিষ্ট্রেট সাহেব তাহার তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন এবং তত টাকার অনধিক যত টাকা ন্যায্য বোধ করেন তাহার হানিপূরণস্বরূপ আর তত টাকা পাইবার আজ্ঞা করিবেন। সেই টাকা না দেওয়া গেলে ঐ মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তার কিম্বা তাঁহার জিম্মার মধ্যে যে অস্থাবর দ্রব্য পাওয়া যায়, তাহা ক্রোক ও বিক্রয় করিয়া সমুদয় টাকা আদায় করিবেন ইতি।

দুই মাসের বেতন বাকী থাকিলে হানিপূরণ পাইবার কথা।

১৩৫ ধারা। কোন মজুরের কিম্বা তাহার দ্রব্যের হানিজনক যে অপরাধ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে সেশন আদালতের বিচার্য্য হয়, কর্ত্তা কিম্বা ঐ কর্ত্তার ক্ষমতাক্রমে মজুরদের উপর নিযুক্ত কোন ব্যক্তি, সেই মজুরের পক্ষে এমত অপরাধ করিয়াছে বলিয়া প্রমাণ হইলে, কিম্বা সেই আইনদ্বারা মাজিষ্ট্রেটের বিচার্য্য যে অপরাধ হয় ঐ মজুরের বিপক্ষে ঐ কর্ত্তার কিম্বা উক্ত অন্য ব্যক্তির এমত অপরাধ দুইবার প্রমাণ হইলে, কিম্বা ঐ মজুরের চারি মাসের বেতন মোটে যত টাকা হয় মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার অধিক পাওনা আছে বলিয়া প্রমাণ হইলে, কিম্বা মজুর বিশেষ কোন কর্ম্ম করিতে অনুপযুক্ত থাকিতেও তাহার দ্বারা জোর করিয়া সেই কর্ম্ম করাণ গিয়াছে, কিম্বা কর্ত্তা কিম্বা মজুরের উপর কর্ত্তৃত্বের ভার দিয়া কর্ত্তা অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করিলেন তিনি ঐ মজুরের প্রতি অত্যাচার করিয়াছেন, মাজিষ্ট্রেট সাহেব ইনস্পেকটর সাহেবের রিপোর্টক্রমে এবং উভয় পক্ষের সাক্ষাৎ শপথক্রমে উপযুক্ত অনুসন্ধান লইয়া ইহা হৃদ্বোধমতে জানিলে, উক্ত প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে মজুরের প্রার্থনামতে ঐ মজুরের চুক্তি বাতিল করিতে, ও হানিপূরণ স্বরূপ তাহার ত্রিশ টাকার অনধিক পাইবার আজ্ঞা করিতে পারিবেন এবং ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ চুক্তিপত্রের পৃষ্ঠে তাহা বাতিল হইবার সার্টিফিকট লিখিবেন ইতি।

সেশন আদালতে কিম্বা দুইবার মাজিষ্ট্রেটের সম্মুখে কর্ত্তার কঠিন ব্যবহারের প্রমাণ হইলে চুক্তি বাতিল বলিয়া প্রকাশ করিবার কথা।

কিম্বা চারি মাসের বেতন বাকী থাকিবার কথা।

কিম্বা অত্যাচারের প্রমাণ হইবার কথা।

১৬ পরিচ্ছেদ।—চুক্তির শেষ হইবার কথা।

১৩৬ ধারা। কোন মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে, আপনার চুক্তি ফুরাইবার কথা রেজিষ্টরী করাইবার নিমিত্ত তাহার অগোণে ইনস্পেকটর সাহেবের কিম্বা আসিষ্টাণ্ট ইনস্পেকটরের নিকট যাইবার অধিকার থাকিবে। মজুরের চুক্তি ফুরাইলে পর যদি কর্ত্তা তাহাকে আটক করিয়া রাখেন, কিম্বা চুক্তি ফুরাইবার তারিখঅবধি এক

চুক্তির মিয়াদ শেষ হইলে তাহা রেজিষ্টর করিবার জন্যে ইনস্পেকটরের নিকট মজুরের যাইবার কথা।

কর্ত্তা আটক করিলে কি রিপোর্ট না করিলে দণ্ডের কথা।

tion, such employer shall, on conviction by a magistrate, be punished with fine.

Power to redeem contract.

137. If any laborer is able and desirous to redeem the unexpired term of his contract of service by payment of a sum equivalent to the value thereof, such laborer may demand to be taken or allowed to go before the inspector of laborers within the local limits of whose authority he may be employed, and on his depositing such sum in the hands of such inspector, such inspector shall give notice to the employer that such laborer requires him within one week to show cause why the contract of such laborer should not be released; and, in case no sufficient cause should be shown, such inspector shall require the production of the contract of such laborer, and endorse thereon a certificate of release by purchase, and shall hold the sum in deposit on account of the employer of such laborer. If any employer, or other person authorized to act for the employer, shall neglect to comply with such demand as aforesaid, such employer, or other person as aforesaid, shall, on conviction by a magistrate, be punished with fine.

Value of unexpired term of contract.

The value of the unexpired term of contract shall be deemed to be the aggregate amount of one rupee for every month of the unexpired portion of the first year, of three rupees for every such month of the second year, and of five rupees for every such month of the third year, of the original term of the laborer's engagement.

Certificate to be given of determination of contract.

138. Every laborer the period of whose contract has expired, or whose contract has been rescinded by the mutual consent of the parties thereto, or whose contract has been cancelled or redeemed under the provisions of this Act, shall be entitled to receive forthwith from the inspector a certificate of release in the form set forth in schedule (F) annexed to this Act.

SCHEDULE A.

(*See Section* 15.)

Form of Contract between Emigrant and Employer.

"This contract made under Bengal Act VII of 1873, between (*emigrant's name*) of the one part and (*employer's name*) of the other part. Whereas the

মাসের মধ্যে ইনস্পেকটর সাহেবকে সেই কথার নোটিস না দেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে ঐ কর্ত্তার জরীমানা হইবে ইতি।

চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার কথা।

১৩৭ ধারা। চুক্তিমতে মজুরের মজুরী করিবার যত দিন বাকী থাকে, সে তত দিনের সমান মূল্য দিয়া মুক্তি পাইতে পারিলে ও চাহিলে, মজুরদের যে ইনস্পেকটরের এলাকার সীমার মধ্যে কর্ম্ম করে, তাঁহার সম্মুখে তাহাকে আনা যায় কি যাইবার অনুমতি হয়, মজুর এমত দাওয়া করিতে পারিবে। এবং সেই ইনস্পেকটরের হস্তে উক্ত মূল্য দিলে ইনস্পেকটর সাহেব কর্ত্তাকে এই মর্ম্মের নোটিস দিবেন যে, ঐ মজুরের চুক্তিহইতে মুক্তি না পাইবার কারণ থাকিলে তুমি এক সপ্তাহের মধ্যে তাহা জানাও, মজুরের এই প্রার্থনা। উপযুক্ত কারণ দেখান না গেলে ইনস্পেকটর সাহেব সেই মজুরের চুক্তিপত্র দেখাইবার আজ্ঞা দিয়া তাহার পৃষ্ঠে মূল্যদানক্রমে মুক্ত হওয়ার সর্টিফিকট লিখিবেন, ও ঐ মজুরের কর্ত্তার নিমিত্ত সেই টাকা হাতে রাখিবেন। কোন কর্ত্তা কিম্বা কর্ত্তার নিমিত্ত কর্ম্ম করিবার ক্ষমতা প্রাপ্ত অন্য ব্যক্তি পূর্ব্বোক্ত দাওয়ামতে কর্ম্ম করিতে তাচ্ছল্য করিলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে সেই কর্ত্তার কিম্বা অন্য ব্যক্তির জরীমানা হইবে।

চুক্তির বাকী সময়ের মূল্যের কথা।

চুক্তির বাকী সময়ের মূল্য নিরূপণ করিবার নিয়ম এই। মজুরের চুক্তির আসল মিয়াদের প্রথম বৎসরের বাকী সময়ের প্রতি মাসের এক টাকা, দ্বিতীয় বৎসরের প্রতি মাসের তিন টাকা, তৃতীয় বৎসরের প্রতি মাসের পাঁচ টাকা একুন করিলে তাহাই তাহার চুক্তিহইতে মুক্তি পাইবার মূল্য জানিতে হইবে ইতি।

মজুরের চুক্তির মিয়াদ শেষ হইলে তাহাকে সর্টিফিকট দিবার কথা।

১৩৮ ধারা। কোন মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে, কিম্বা উভয়পক্ষের সম্মতিক্রমে চুক্তি রহিত করা গেলে, কিম্বা মজুর এই আইনের বিধানমতে মূল্য দিয়া চুক্তিহইতে মুক্তি পাইলে, ইনস্পেকটর সাহেবের স্থানে ঐ মজুরের তৎকালেই এই আইনের F চিহ্নিত তফসীলের পাঠে মুক্তির সর্টিফিকট পাইবার অধিকার আছে ইতি।

A তফসীল।

(১৫ ধারা দেখ)

বিদেশগামি ব্যক্তির ও কর্ত্তার মধ্যে চুক্তিপত্রের এই পাঠ।

১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনমতে এক পক্ষ শ্রীঅমুকের (বিদেশগামির নাম) ও অন্য পক্ষ শ্রীঅমুকের (কর্ত্তার নাম) মধ্যে এই চুক্তি পত্র করা গিয়াছে।

said (*employer's name*) has promised the said (*emigrant's name*) (hereinafter called 'the emigrant') that, if he the said emigrant do proceed to the district (*name of*) in (*name of labor district*) and do remain and labor therein on the estate of the said (*employer's name*) his successors, representatives and assigns (hereinafter called 'the employer'), he the said employer will from the date of the arrival of the said emigrant on such estate pay or cause to be paid to the said emigrant Rs. as wages for such labor monthly, for years from the date of the arrival of the said emigrant on such estate, and that during such period he the said employer will supply or cause to be supplied to the said emigrant rice according to the rules prescribed by the Lieutenant-Governor of Bengal under the said Act at a price not exceeding

এই পত্রের মধ্যে বিদেশগামি বলিয়া যাহার উল্লেখ হইয়াছে সেই অমুকের (বিদেশগামির নাম) নিকট উক্ত শ্রী অমুক কর্ত্তার নাম) এই প্রতিজ্ঞা করিয়াছেন যে ঐ বিদেশগামী মজুরী করিবার অমুক জিলার অন্তর্গত অমুক জিলায় গেলে, ও এই চুক্তিপত্রে কর্ত্তা বলিয়া যাঁহার উল্লেখ হ য়াছে সেই উক্ত অমুকের (কর্ত্তার নাম) ও তাঁহার উত্তরাধিকারিদের ও প্রতিনিধিদের ও আসৈনিদের মহালে থাকিয়া মজুরী করিলে, ঐ বিদেশগামী যে তারিখে সেই মহালে পঁহুছে সেই তারিখঅবধি ঐ কর্ত্তা ঐ বিদেশগামির কর্ম্মের নিমিত্ত তাহার সেই মহালে পঁহুছিবার তারিখঅবধি এত বৎসর তাহাকে মাসং এত টাকা বেতন দিবেন কি দেওয়াইবেন, ও উক্ত আইনমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে বিধি করেন, তদনুসারে ঐ কর্ত্তা সাহেব তত কাল ঐ মজুরকে এত টাকার অনধিক দরে চাউল যোগাইয়া দিবেন কি দেওয়াইবেন।

Now this contract witnesseth that the said emigrant doth hereby, in consideration of the aforesaid promise by the said employer and of the agreement by him hereinafter contained, agree with the said employer that he the said emigrant will, so soon after the execution of these presents as he shall be required so to do, proceed to the said district (*name of*) in (*name of labor district*), and will there remain and labor on the estate of the said employer for a period of years from the date of his the said emigrant's arrival on such estate. And this contract further witnesseth that the said employer doth hereby, on consideration of the said agreement by the said emigrant, agree with the said emigrant that he the said employer will with all convenient despatch after the execution of these presents, convey or cause to be conveyed the said emigrant free of all costs unto the estate of the said employer in the district aforesaid, and will from the date of his the said emigrant's arrival on such estate employ the said emigrant as a laborer for the period aforesaid, and will pay or cause to be paid to the said emigrant Rs. as wages for such labor monthly, and will supply or cause to be supplied to the said emigrant rice according to the rules prescribed by the Lieutenant-Governor of Bengal under the said Act at a price not exceeding

In witness whereof the said parties to these presents have hereunto set their hands the day of 187 ."

এইক্ষণে এই চুক্তিপত্রে ইহার প্রমাণ হইল যে, উক্ত কর্ত্তা সাহেবের পূর্ব্বোক্ত প্রতিজ্ঞা ও তিনি পশ্চাৎ যে করার লিখিয়া দিতেছেন সেই করার বিবেচনায়, উক্ত বিদেশগামী ঐ কর্ত্তা সাহেবের সঙ্গে এই করার করিতেছে যে এই চুক্তিপত্রে সহী করা গেলে পর আদেশ হইলেই আমি মজুরী করিবার জিলার অন্তর্গত অমুক জিলায় যাইব ও ঐ মহালে পঁহুছিবার তারিখঅবধি ঐ স্থানে থাকিয়া এত বৎসর ঐ কর্ত্তার মহালে মজুরী করিব। এই চুক্তিপত্রে আরো এই প্রমাণ হইল যে, ঐ বিদেশগামির সেই করার বিবেচনায় উক্ত কর্ত্তা সাহেব ঐ বিদেশগামির সঙ্গে এতদ্দ্বারা এই করার করিতেছেন, যে এই চুক্তিপত্রে সহী করা গেলে পর আমি সুবিধামতে ত্বরায় পূর্ব্বোক্ত জিলার মধ্যে আমার মহালে ঐ বিদেশগামিকে বিনা খরচে চালান করিব কি করাইব, ও সেই মহালে ঐ বিদেশগামির পঁহুছিবার তারিখ অবধি উক্ত মিয়াদ পর্য্যন্ত ঐ বিদেশগামিকে মজুরের কর্ম্ম দিব। ও ঐ কর্ম্মের বেতন বলিয়া ঐ মজুরকে মাসং এত টাকা দিব কি দেওয়াইব। ও উক্ত আইনক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে বিধি করেন সেই বিধিমতে এত টাকার অনধিক দরে ঐ বিদেশগামিকে চাউল দিব কি দেওয়াইব। ইহার প্রমাণস্বরূপে এই চুক্তিপত্রের উভয় পক্ষ অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ইহাতে সহী করিলেন।

Form of Description of Emigrant.

Name of laborer.	Father's name.	Age.	Sex.	Caste.	Residence.			Period of service.
					Zillah.	Pergunnah.	Mouzah.	

মজুরের বর্ণনার পাঠ।

মজুরের নাম	পিতার নাম	বয়স	পুরুষ কি স্ত্রী	জাতি	বাসস্থান			যত কাল কর্ম্ম করিবে।
					জিলা	পরগণা	মৌজা	

Note.—If the contract is one under section 24 or 25, it must be signed by the garden-sirdar on behalf of the employer; if under section 57, by the employer with whom the emigrant intends to contract, or his agent. It must, if under section 24, be executed before the magistrate; if under section 25 or 57, before the superintendent of emigration. The execution of the contract must be attested by the superintendent of emigration or by the magistrate, who must also append to the foot thereof a certificate to the following effect:

"I hereby certify that before the within-mentioned (*emigrant's name*) signed this contract, I personally explained it to him.

(Sd.) ——————

Superintendent of Emigration or Magistrate."

মন্তব্য।—২৪ কি ২৫ ধারামতে চুক্তিপত্র করা গেলে কর্ত্তার পক্ষে বাগানের সরদার তাহাতে সহী করিবেন। ৫৭ ধারামতে চুক্তিপত্র করা গেলে বিদেশগামি যে কর্ত্তার সঙ্গে করার করে তিনি বা তাঁহার এজেণ্ট তাহাতে সহী করিবেন। ২৪ ধারামতে হইলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সহী করিতে হইবে। ২৫ কি ৫৭ ধারামতে হইলে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে সহী করিতে হইবে বিদেশগমনকার্য্যের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব কিম্বা মাজিষ্ট্রেট সাহেব সাক্ষিস্বরূপ তাহাতে সহী করিয়া তাহার নীচে নিম্নলিখিত মর্ম্মের সর্টিফিকট লিখিবেন।—

এই পত্রলিখিত বিদেশগামি অমুকের (বিদেশগামির নাম) চুক্তিপত্রে সহী করিবার পূর্ব্বে আমি তাহার নিকট ঐ চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিলাম।"

——————

বিদেশ গমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট কি মাজিষ্ট্রেট।

SCHEDULE B.

(*See Section* 16.)

FORM OF GARDEN-SIRDAR'S CERTIFICATE.

" *Garden-Sirdar's Certificate, required under Section* 16 *of Bengal Act VII of* 1873

Name of garden-sirdar.	Father's name.	Caste.	Age.	Height.		General appearance and characteristic marks.	Name of place and description of lands on which labor is to be performed.	District (or Calcutta) where natives are to be engaged.	Number of natives the bearer is authorized to engage.	*Name of contractor to whose depôt natives should be conveyed.	Remarks.
				Feet.	In.						

* *N.B.*—If the number of natives engaged exceed twenty, they will have to go to a contractor's depôt.

Countersigned (under section 19) on the 187
six months from which date this certificate ceases to be in force.

Magistrate of

(Sd.)

Employer."

Dated 187 .

[*Government Gazette*, 13*th January* 1874.]

B তফসীল।
(১৬ ধারা দেখ।)
বাগানের সরদারের সর্টিফিকটের পাঠ।

১৮৭৩ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১৬ ধারামতে বাগানের সরদারের যে সর্টিফিকট পাইতে হইবে তাহার পাঠ এই।

বাগানের সরদারের নাম	পিতার নাম	জাতি	বয়স	যত উচ্চ		সাধারণ চেহারা ও শরীরের কোন বিশেষ দাগ	যে স্থানে ও যে প্রকারের মজুরীতে মজুরী করিতে হইবে	যে জিলায় (কিম্বা কলিকাতায়) দেশীয় লোক করিয়া লইতে হইবে	এই সরদার যত জনকে করিয়া লইতে পারিবে	* যে কনট্রাক্টরের আড্ডায় লোকদিগকে পাঠাইতে হইবে তাহার নাম	মন্তব্য।
				ফুট	ইঞ্চি						

* দেশীয় কুড়ি জনের অধিক লোক করিয়া লইলে কনট্রাকটরের আড্ডায় তাহারদের যাইতেই হইবে।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ১৯ ধারামতে আড় সহী করা গেল এই তারিখেরপর ছয় মাস গত হইলে এই সর্টিফিকট আর প্রবল থাকিবে না।

অমুক স্থানের মাজিষ্ট্রেট

সাল তাং কর্ত্তা।

SCHEDULE C.

(*See Sections* 14 *and* 33.)

FORM OF CONTRACTOR'S LICENSE.

"A. B. is hereby licensed to act, throughout the provinces under the control of the Lieutenant-Governor of Bengal, as a contractor for engaging and supplying natives for the purpose of laboring for hire in the districts of Assam, Cachar, and Sylhet, under the provisions of the Labor Districts Emigration Act VII of 1873 (B.C.).

This license will be in force for one year only, from this date.

Dated, Calcutta, the day of

(Sd.) M. N.,

Superintendent of Emigration."

C তফসীল।

১৪ ও ৩৩ ধারা দেখ।

কনট্রাকটরের লাইসেন্সের পাঠ।

মজুরী করিবার জিলায় গমনবিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনের বিধানমতে আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরী পাইয়া কর্ম্মে খাটিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন সমস্ত দেশে লোক করিয়া লইয়া যুটাইবার জন্যে শ্রী অমুকের প্রা'ত কনট্রাকটরের এই লাইসেন্স দেওয়া গেল

এই লাইসেন্স অদ্যকার তারিখ অবধি এক বৎসর চলিবে।

কলিকাতা সাল তাং

ম ন।

বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট।

SCHEDULE D.

(*See Sections* 14 *and* 38.)

FORM OF RECRUITER'S LICENSE.

"C. D. is hereby licensed to act on behalf of A. B., a licensed contractor, as a recruiter for engaging or inducing natives to proceed to the districts of Assam, Cachar, and Sylhet for the purpose of laboring therein for hire, under the provisions of the Labor Districts Emigration Act VII of 1873 (B.C.).

This license will be in force for one year only, from this date.

Dated, Calcutta, the day of

(Sd.) M. N.,

Superintendent of Emigration."

D তফসীল।

১৪ ও ৩৮ ধারা দেখ।

মজুর সংগ্রাহকের লাইসেন্সের পাঠ।

মজুরী করিবার জিলায় গমনবিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনের বিধানমতে আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরী পাইয়া কর্ম্মে খাটিবার জন্যে লোক করিয়া লইবার কিম্বা তাহারদিগকে লওয়াইবার নিমিত্ত লাইসেন্সপ্রাপ্ত কনট্রাকটর শ্রী অমুকের পক্ষে শ্রী অমুককে মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে এই লাইসেন্স দেওয়া গেল।

এই লাইসেন্স অদ্যকার তারিখ অবধি কেবল এক বৎসর চালবে।

কলিকাতা সাল তারিখ।

ম ন।

বিদেশ গমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৭৪ ১৩ জানুআরি।]

SCHEDULE E.

(*See Sections* 61 *and* 67.)

FORM OF EMIGRANT'S PASS.

Name of emigrant.	Age.	Father's name.	Name of employer.	Place in which emigrant has contracted to labor.	Place of disembarkation.

"The emigrants above described are permitted to embark on the , which will leave on the , for the purpose of proceeding to the district of

Dated, the day of

(Sd.) R. M.,

Contractor [*or Garden-sirdar*] (*if any*)

Dated, the day of

(Sd.) G. D.,

Superintendent of Emigration (*if required*).

Dated, the day of

(Sd.) A. L.,

Embarkation Agent."

Note.—The names of any number of emigrants proceeding in the same vessel may be entered in one pass.

—

SCHEDULE F.

(*See Section* 138.)

FORM OF CERTIFICATE OF RELEASE ON DETERMINATION OF CONTRACT.

"I hereby certify that the contract entered into on the day of 187 , under Bengal Act VII of 1873, between [*laborer's name*] of the one part, and [*employer's name*] of the other part, has been determined by effluxion of time (or 'by mutual consent,' or 'under the provisions of section of the said Act,' as the case may be).

In witness whereof I have hereunto set my hand day of 187 .

Inspector of Laborers."

[*Government Gazette*, 13*th January* 1874.]

E তফসীল।

(৬১ ও ৬৭ ধারা দেখ।)

বিদেশগামির পাসের পাঠ।

বিদেশগামির নাম।	বয়স	পিতার নাম।	কর্ত্তার নাম।	বিদেশগামী যে স্থানে মজুরী করিতে চুক্তি করিয়াছে।	যে স্থানে নৌকাদি হইতে নামিয়া যাইবে।

বিদেশগামি যে ব্যক্তিদের নাম উপরে লেখা গিয়াছে তাহারদিগকে অমুক জিলায় যাইবার নিমিত্ত অমুক নৌকাদিতে উঠিতে অনুমতি দেওয়া গেল। ঐ নৌকা অমুক তারিখে অমুক স্থানহইতে খুলিয়া যাইবে।

সাল তারিখ।

র ম

কনট্রাক্টর [কি বাগানের সরদার।]

সাল তারিখ গ দ

বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট।

সাল তারিখ আ ল

নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট।

মন্তব্য।—একি নৌকাদিতে বিদেশগামি যত ব্যক্তি যাইবে তাহাদের সকলের নাম একি পাসে লেখা যাইতে পারিবে।

—

F তফসীল।

১৩৮ ধারা দেখ।

চুক্তির মিয়াদ শেষ হইলে চুক্তিপত্রের সর্টিফিকটের এই পাঠ।

১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনমতে অমুকের (মজুরের নাম) ও অমুকের (কর্ত্তার নাম) এই উভয় পক্ষের মধ্যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে চুক্তি করা গেল তাহার মিয়াদ গত হওয়াতে (কিম্বা বিষয়-বিশেষে উভয় পক্ষের সম্মতিক্রমে, কিম্বা উক্ত আইনের অমুক ধারার বিধানমতে) ঐ চুক্তি শেষ হইয়া গিয়াছে ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

ইহার প্রমাণস্বরূপে অদ্য অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ইহাতে স্বাক্ষর করিলাম।

মজুরদের ইনস্পেক্টর।

Form of Description of Emigrant.

Name of laborer.	Father's name.	Age.	Sex.	Caste.	Residence.			Period of service.
					Zillah.	Pergunnah.	Mouzah.	

H. Millett,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
Judicial and Legislative Depts.

The following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 6th December 1873, and having been assented to by His Excellency the Governor-General on the 3rd January 1874, is hereby promulgated for general information :—

Act No. I of 1874.

An Act to amend Act XXI of 1856 *of the Council of the Governor-General, and Act II of* 1866 *of the Council of the Lieutenant-Governor of Bengal.*

Whereas by Section 90 of Act XXI of 1856 of the Governor-General in Council (An Act to consolidate and amend the law relating to the Abkaree Revenue in the Presidency of Fort William in Bengal), the word "Magistrate" as used in that Act is defined to include a Joint-Magistrate or other person lawfully exercising the powers of a Magistrate, and any Assistant or Deputy Magistrate with special powers stationed at a place other than the sudder station of the Magistrate, and empowered to try cases without reference from the Magistrate; and whereas the cases made punishable under Act II of 1866 of the Lieutenant-Governor of Bengal in Council (An Act to provide for the better regulation of the Police within the Suburbs of Calcutta) can, under Section 49 of that Act, be tried by a Magistrate of less than full powers, only when they

মজুরের বর্ণনার পাঠ।

মজুরের নাম	পিতার নাম	বয়স	পুরুষ কি স্ত্রী	জাতি	বাসস্থান			যত কাল কর্ম্ম করিল।
					জিলা	পরগণা	মৌজা	

এচ, মিলেট,
জুডিশ্যাল ও লেজিসলেটিব ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত এই আইনে মান্যবর সাহেব ১৮৭৩ সালের ডিসম্বর মাসের ৬ তারিখে ও মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৪ সালের জানুআরি মাসের ৩ তারিখে সম্মত হওয়াতে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রচার করা গেল।

১৮৭৪ সালের ১ আইন।

শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার ১৮৫৬ সালের ২১ আইন ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মন্ত্রিসভার ১৮৬৬ সালের ২ আইন সংশোধন করিবার আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের ১৮৫৬ সালের ২১ আইনের (অর্থাৎ বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে আবকারী রাজস্ব বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) ৯০ ধারায় এই বিধান হইয়াছিল যে, ঐ আইনে মাজিষ্ট্রেট শব্দের ব্যবহার হইলে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা অন্য যে ব্যক্তি আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করেন তিনি, এবং মাজিষ্ট্রেটের সদর স্থানভিন্ন কোন স্থানে যে আসিষ্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়া নিযুক্ত হইয়া মাজিষ্ট্রেট সাহেবের অর্পিত মোকদ্দমাভিন্ন মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন, ঐ মাজিষ্ট্রেট শব্দে তিনিও গণ্য। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৬৬ সালের ২ আইন (অর্থাৎ কলিকাতার শাখানগরে পোলীসের সুবিধান করণার্থ আইন) ক্রমে যে২ মোকদ্দমায় অপরাধিদের দণ্ড হইতে পারে ঐ আইনের ৪৯ ধারামতে সম্পূর্ণ ক্ষমতার ন্যূন ক্ষমতাবিশিষ্ট

are referred to him by the District Magistrate; and whereas further by Act X of 1872 (the Code of Criminal Procedure) new rules have been enacted assigning and regulating the powers of Magistrates of the first, second, and third classes;

It is hereby enacted as follows:—

Repeal of Section 90 of Act XXI of 1856 and Section 49 of Bengal Act II of 1866.

1. Section 90 of Act XXI of 1856 of the Governor-General in Council, so far as it defines the meaning of the word "Magistrate," and section 49 of Act II of 1866 of the Lieutenant-Governor of Bengal in Council, are hereby repealed.

34. All buildings, land, earth, pathways, sluices, gates, bermes, hedges, belonging to, or forming part of, any embankment or watercourse, of which charge has been or may hereafter be taken by the officers of Government, shall vest in the Government, and shall be held on behalf of the Government in respect of the embankments mentioned in Schedule (D) annexed to this Act, and in respect of other works on behalf of the persons interested in the lands to be protected or benefited by such embankment or watercourse, subject to the provisions of Section 63; and all monies received on account of such lands shall be payable to the Engineer and credited to the cost of the construction and maintenance of such works respectively.

PART VI.

Cost of Works, Proceedings, &c.

1. *Ascertainment thereof.*

Embankments in Schedule (D).

35. The provisions in this Part contained shall not apply to any of the embankments mentioned in Schedule (D) to this Act annexed, save so far as any works or repairs are executed therein or in relation thereto under the provisions of Section 4, Clause 7, or Section 20 of this Act; or to any of such embankments as may hereafter be erected for the protection of lands which at the time of the passing of this Act are protected by the embankments mentioned in the aforesaid Schedule, save so far as the erection of such embankments may protect lands not protected by the embankments mentioned in the aforesaid Schedule. All sums payable in respect of any works or repairs executed therein, or in relation to the embankments mentioned in the aforesaid Schedule except under the provisions of Section 4, Clause 7, or Section 20 of this Act, shall be paid by the Government.

Exclusion from Schedule.

If at any time after the passing of this Act, on inquiry made by the Collector as far as possible in accordance with the provisions of Part II of this Act, it shall be found that it is unnecessary for the public interests to retain any embankment

দ্বিতীয়। দাওয়াদারের যত হানি হইল, সাধারণ ব্যক্তির দ্বারা তাহার সেই হানি হইলে ও সেই ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি তাহার হানিপূরণের ডিক্রী পাওয়া ন্যায্য না হইত, তবে সেই হানি বিবেচ্য নয় ইতি।

ভূম্যাদি লওয়া গেলে গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবার কথা।

৩৪ ধারা। গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা যে বাঁধের কি পয়নালার অধ্যক্ষতা ভার গ্রহণ করিয়াছেন বা ইহার পরে করেন, তৎসম্পর্কীয় কি তাহার একাংশ বলিয়া যে গৃহাদি কি জমী কি মাটী কি উপপথ কি জলদ্বার কি ফাটক কি বেড়া কিম্বা বাঁধের ও পয়নালার মধ্যে যে ভূমি থাকে তাহা গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে। এবং এই আইনের D চিহ্নিত তফসীলে যেং বাঁধের উল্লেখ হইয়াছে সেইং বাঁধ লক্ষ করিয়া ঐ জমীপ্রভৃতি গবর্ণমেণ্টের নিমিত্ত রাখা যাইবে, ও সেইং বাঁধে কি জলপ্রণালীতে যে ভূমির রক্ষা কি উপকার হয় সেই ভূমিতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে অন্যং কার্য্য লক্ষ করিয়া ৬৩ ধারার বিধানের বশে সেই ব্যক্তিদের নিমিত্ত ঐ ভূম্যাদি অধিকার করিয়া রাখা যাইবে, ও সেইং ভূমির নিমিত্ত যত টাকা পাওয়া যায় তাহা ইঞ্জিনিয়র সাহেবকে দেওয়া যাইবে ও সেই বিষয় প্রস্তুত করিবার ও সারাইয়া রাখিবার খরচের জন্যে জমা করিয়া রাখা যাইবে ইতি।

ষষ্ঠ অধ্যায়।

কার্য্যের খরচ ও আনুষ্ঠানিক কার্য্য প্রভৃতির বিধি।

১ পরিচ্ছেদ। তন্নিরূপণের কথা।

D চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট বাঁধের কথা।

৩৫ ধারা। এই আইনের D চিহ্নিত তফসীলে যেং বাঁধের কথা আছে, তন্মধ্যে কি তৎসম্পর্কে এই আইনের ৪ ধারার ৭ প্রকরণের কি ২০ ধারার বিধানমতে যে কার্য্য করা যায় কি তাহার যে মেরামৎ হয় তাহার প্রতি এই অধ্যায়ের বিধান খাটিতে পারে, তদ্ভিন্ন সেইং বাঁধের প্রতি এই অধ্যায়ের কোন বিধান খাটিবে না। এবং ঐ তফসীলে যেং বাঁধের কথা লেখা আছে এই আইন প্রচলিত করণ সময়ে সেইং বাঁধের দ্বারা যে ভূমি রক্ষা করা যায়, ইহার পর সেই ভূমি রক্ষা করিবার জন্যে উক্ত প্রকারের যে কোন বাঁধ করা যায় তাহার প্রতি এই অধ্যায়ের বিধান খাটিবে না, কিন্তু পূর্ব্বোক্ত তফসীলে যে বাঁধের কথা লেখা আছে তদ্দ্বারা যে ভূমির রক্ষা না হয়, ঐ বাঁধ প্রস্তুত করণে ঐ জমী যত দূর রক্ষা হইবে তত দূর এই অধ্যায়ের বিধান খাটিবে। এই আইনের ৪ ধারার ৭ প্রকরণের কি ২০ ধারার বিধানমতে যে কার্য্য করা যায় তদ্ভিন্ন ঐং বাঁধে কি তৎসম্পর্কে যে সকল কার্য্য করা যায় ও তাহার যে মেরামৎ হয় তাহা করিতে যত খরচ লাগে গবর্ণমেণ্ট তাহা দিবেন।

তফসীল হইতে উঠাইয়া দিবার কথা।

এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে কালেক্টর সাহেব এই আইনের দ্বিতীয় অধ্যায়ের বিধানমতে সাধ্যানুসারে তদন্ত লইলে পর, সাধারণের স্বার্থরক্ষার নিমিত্ত D চিহ্নিত তফসীলের উল্লিখিত কোনং বাঁধ রাখা আর আবশ্যক

mentioned in Schedule (D), the Lieutenant-Governor may direct that the same shall be no longer included in the said schedule. Provided that the Lieutenant-Governor may restore the same to the said schedule if on any subsequent inquiry similarly conducted it shall appear to the Lieutenant-Governor that it is necessary so to do.

Addition to Schedule.

The Lieutenant-Governor may at any time after the passing of this Act, by a notification published in the *Calcutta Gazette*, direct that any embankment not mentioned in Schedule (D) be included in the said schedule, and the provisions of this section shall apply to such embankment.

Contribution of public money towards the maintenance of the embankments in the pergunnahs entered in Schedule (F) to be continued.

36. In accordance with the custom heretofore in force in respect of the pergunnahs entered in Schedule (E) annexed to this Act, the Government shall continue to contribute annually the sum noted therein for each pergunnah respectively towards the maintenance of the embankments thereof.

If such embankments are declared to be public, Collector to keep a separate account.

If the embankments maintained in any such pergunnah shall at any time be declared to be public embankments under the provisions of Section 4, the Collector shall, from the date of such declaration, keep a separate account for such pergunnah, in which the aforesaid sum shall be credited at the commencement of each financial year. The unexpended balance at the close of each year shall be carried on to the credit of the account in the next succeeding year, and shall be available for the cost of repairing or erecting all the embankments which it may be deemed necessary to maintain in such pergunnah.

Contribution may be discontinued if it be found unnecessary for the public interest to maintain the embankments.

If at any time after the passing of this Act, on an inquiry made by the Collector as far as possible in accordance with the provisions of Part II, it shall be found that it is unnecessary for the public interest to retain any embankment in either of the said pergunnahs, the Lieutenant-Governor may direct that such contribution shall cease in respect of such pergunnah. Provided that such contribution shall again be made in accordance with the provisions hereinbefore contained, if it shall appear to the Lieutenant-Governor, on the report of an inquiry similarly conducted, that the maintenance of any embankment in such pergunnah has again become necessary for the public interest.

নাই জ্ঞান হইলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উক্ত তফসীলহইতে সেই বাঁধ উঠাইয়া লইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পশ্চাৎ সেই প্রকারের অনুসন্ধান লইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সেই বাঁধ রাখা আবশ্যক বোধ করিলে, তিনি ঐ তফসীলে তাহা পুনরায় লেখাইতে পারিবেন।

তফসীলে অন্য বাঁধ লেখাইবার কথা।

উক্ত D তফসীলের মধ্যে যে বাঁধ ধরা যায় নাই এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ তফসীলে এমত কোন বাঁধ ধরিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে সেই বাঁধের প্রতি এই ধারার বিধান বর্ত্তিবে ইতি।

E তফসীলে যেং পরগনা লেখা গিয়াছে তাহার অন্তর্গত বাঁধ সারাইয়া রাখিবার খরচ রাজকোষহইতে দিতে থাকিবার কথা।

৩৬ ধারা। এই আইনের E চিহ্নিত তফসীলে যে সকল পরগনা লেখা গেল, তদ্বিষয়ে পূর্ব্বাবধি যে রীতি চলিয়া আসিতেছে তদনুসারে ঐং পরগনার বাঁধ সারাইয়া রাখিবার জন্যে প্রত্যেক পরগনার নামে যত টাকা লেখা আছে, গবর্ণমেণ্ট বৎসরং তত টাকা দিতে থাকিবেন।

সেইং বাঁধ রাজকীয় বলিয়া প্রকাশ হইলে কালেকটর সাহেবের স্বতন্ত্র হিসাব রাখিবার কথা।

উক্ত কোন পরগনার যেং বাঁধ সারাইয়া রাখা যাইতেছে ৪ ধারার বিধানমতে তাহা কোন সময়ে রাজকীয় বলিয়া প্রকাশ করা গেলে, সেই কথা প্রকাশ হইবার তারিখঅবধি কলেকুটর সাহেব ঐ পরগনার স্বতন্ত্র হিসাব রাখিবেন। সেই হিসাব খাতায় রাজস্ব সংক্রান্ত প্রত্যেক বৎসরের আরম্ভে পূর্ব্বোক্ত টাকা জমা করিয়া লওয়া যাইবে। বৎসরের শেষে খরচ বাদে যাহা উদ্বর্ত্ত থাকে তাহা তৎপশ্চাৎ বৎসরের হিসাবে জের টানিয়া জমা করিয়া লওয়া যাইবে। ও সেই পরগনায় যে সকল বাঁধ রক্ষা করা আবশ্যক বোধ হয় তাহা সারাইয়া রাখিবার কি প্রস্তুত করাইয়া দিবার কার্য্যে ঐ টাকা খরচ হইতে পারিবে।

সাধারণের স্বার্থ রক্ষার জন্যে ঐ বাঁধ রাখা আর আবশ্যক জ্ঞান না হইলে ঐ টাকা দেওয়া বন্দ হইবার কথা।

এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে কালেকটর সাহেব দ্বিতীয় অধ্যায়ের বিধানুসারে সাধ্যমতে অনুসন্ধান লইলে পর সাধারণের মঙ্গলের জন্যে উক্ত অন্যতর পরগনার কোন বাঁধ রাখা অনাবশ্যক দেখা গেলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ঐ পরগনা সম্পর্কে ঐ টাকা দেওয়া বন্দ হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু সেই প্রকারের অনুসন্ধান পুনশ্চ করা গেলে যে রিপোর্ট অর্পণ করা যায়, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা দেখিয়া সাধারণের মঙ্গলের জন্যে ঐ পরগনার মধ্যে ঐ বাঁধ পুনশ্চ রাখা আবশ্যক জ্ঞান করিলে, ইহার পূর্ব্বলিখিত বিধানানুসারে ঐ টাকা পুনরায় দেওয়া যাইবে ইতি।

37. Specifications of any works or repairs to be executed under the provisions of this Act, and estimates of the expenses to be incurred therein or relating thereto, including such proportion of establishment charges as the Lieutenant-Governor shall direct, shall be prepared by the Engineer as soon after the month of October in each year as may be practicable. And whenever it appears that the actual expenses to be incurred will exceed the amount mentioned in the said estimates by one-tenth, the Engineer shall forthwith prepare further estimates, and, if necessary, further specifications. Copies of all specifications and estimates shall be transmitted to the office of the Collector, together with vernacular translations thereof, or such abstracts thereof as the Lieutenant-Governor may from time to time direct, and may be examined by any person interested in such works or repairs. Notice of the receipt of specifications and estimates shall be served for all estates chargeable for, or likely to be affected by, the said works or repairs; and should any objection in regard to the amount of such expenses be preferred by any such person within a period of one month from the date of such notice, the Collector shall pass such orders as may appear to him reasonable and proper. Such order shall be subject in any case to an appeal by the person making such objection to the Commissioner of division whose decision shall be final.

Estimates and specifications to be prepared.

38. The accounts of the actual expense incurred in executing any works or repairs shall be prepared as soon as possible after the completion thereof. The Engineer shall sign a certificate stating the true amount of all such expenses, and the names of the estates chargeable for, and of the estates and villages affected by, the said works and repairs. Copies of the said accounts and certificates shall be forwarded to the office of the Collector, and may be there examined by any person interested. Notice of the receipt thereof shall be served for the said estates and villages, and such others as in the opinion of the Collector are liable to contribute to the payment of the said amount; and if, within thirty days from the service of such notice, any interested person shall object to the accounts on the ground either that the work charged for has not been performed, or that the whole sum charged has not been expended, or that the rates of charge are higher than those mentioned in the estimates, the Collector shall inquire into such objection,

Preparation and settlement of accounts.

৩৭ ধারা। এই আইনের বিধানমতে যে কার্য্য করিতে বা মেরামৎ করিয়া দিতে হইবে, ইঞ্জিনিয়র সাহেব বৎসরং অকুটোবর মাসের পর সাধ্যমতে ত্বরায় ঐ কার্য্যের কি মেরমতীর বয়ান, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সিরিশতার খরচ বলিয়া যত খরচের অনুমতি দেন তাহা সুদ্ধ ঐ কার্য্যের কি তৎসম্পার্কীয় খরচের ইষ্টিমেট প্রস্তুত করিয়া দিবেন। আর উক্ত ইষ্টিমেটে যত টাকা ধরা যায়, যথার্থ খরচ তাহার দশাংশপর্য্যন্ত অধিক হইবে দৃষ্ট হইলে ইঞ্জিনিয়র সাহেব তৎক্ষণাৎ আর এক ইষ্টিমেট প্রস্তুত করিবেন, এবং আবশ্যক হইলে ঐ কার্য্যাদির আরং বয়ান প্রস্তুত করিবেন। সকল বয়ানের ও ইষ্টিমেটের নকল, এবং দেশীয় ভাষায় তাহার তর্জমা, কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং তাহার যে চুম্বক করিবার আজ্ঞা করেন তাহা, ঐ নকলের সহিত কালেকটর সাহেবের কাছারীতে পাঠাইতে হইবে। ঐ কার্য্য কিম্বা মেরামতীতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহারা সেই নকল দেখিতে পাইবেন। ঐ কার্য্যের কি মেরামতীর দ্বারা যে সকল মহালহইতে খরচ লওয়া যাইতে পারে কিম্বা যে সকল মহালের উপকারাদির সম্ভাবনা, সেই সকল মহালে ঐং বয়ান ও ইষ্টিমেট পাইবার নোটিস জারি করা যাইবে। উক্ত কোন ব্যক্তি ঐ নোটিসের তারিখ-অবধি এক মাসের মধ্যে সেই খরচের বিষয়ে কোন আপত্তি করিলে, কালেক্টর সাহেব যে আজ্ঞা যুক্তি-যুক্ত ও উচিত জ্ঞান করেন করিবেন। যে ব্যক্তি ঐ আপত্তি করিলেন তিনি সর্ব্বদা সেই আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

ইষ্টিমেট ও বয়ান করিতে হইবার কথা।

৩৮ ধারা। কোন কার্য্যে বা মেরামতী কার্য্যে নিট যত টাকা খরচ হয় তাহার হিসাবপত্র ঐ কার্য্য সম্পাদন হইবার পর সাধ্যমতে ত্বরায় প্রস্তুত করা যাইবে। প্রকৃতরূপে যত টাকা খরচ হইল তাহার সর্টিফিকটে, এবং ঐ কার্য্য বা মেরামতীর খরচ যে সকল মহালহইতে লওয়া যাইতে পারিবে ও তদ্দ্বারা যে সকল মহালের ও গ্রামের লভ্যাদি হইতে পারে, তাহার নামের সর্টিফিকটে ইঞ্জিনিয়র সাহেব স্বাক্ষর করিবেন। সেই হিসাবের ও সর্টিফিকটের নকল কালেক্টরী কাছারীতে পাঠান যাইবে। যে ব্যক্তিরদের স্বার্থ থাকে তাঁহারা তথায় গিয়া তাহা দেখিতে পারিবেন। উক্ত সকল মহালে ও গ্রামে এবং কালেক্টর সাহেবের বিবেচনামতে অন্য যেং গ্রামের প্রতি ঐ টাকার একাংশ দিবার দায় বর্ত্তিতে পারে, ঐ সর্টিফিকট ও ঐ হিসাবপত্র পঁহুছিবার নোটিস সেইং মহালে ও গ্রামে প্রকাশ করা যাইবে। যে কার্য্যের খরচের দাওয়া হইল তাহা সম্পাদন হয় নাই, কিম্বা যত টাকার দাওয়া হইল সেই সমুদয় টাকা খরচ হয় নাই, কিম্বা ইষ্টিমেটে যত টাকা লেখা আছে তাহার বেশী খরচের দাওয়া হইয়াছে বলিয়া, ঐ বিষয়ের স্বার্থযুক্ত কোন ব্যক্তি ঐ নোটিস জারী হইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপত্তি করিলে, কালেক্টর সাহেব সেই আপত্তির তদন্ত

হিসাব প্রস্তুত ও নিষ্পত্তি করিবার কথা।

and may pass any order thereon subject in any case to an appeal by the objector to the Commissioner of division whose decision shall be final.

Total sum payable.

39. The Collector shall add to the amount appearing in the said certificate all sums which have been paid or have become payable in respect of compensation, costs and expenses under and incidental to any proceedings taken or directed to be taken under Parts II and V of this Act, including costs of all surveys and plans. He shall thereupon make an order specifying the total sum found payable, and in respect of works done under Section 4, Clause 5, and Sections 19 and 20, the persons by whom, or in respect, of other works the estates in respect of which, the same is payable to him. If the order is made in respect of work done under Section 4, Clause 5, and Sections 19 and 20, the same shall forthwith be served upon the party or parties liable to pay; otherwise the Collector shall proceed under the provisions in the next chapter contained.

Interest.

Interest may be charged upon any sum paid as compensation from the date of payment thereof at such rate, not exceeding 5 per centum per annum, as the Lieutenant-Governor may direct.

Parties liable to pay.

40. The said total sum, save so far as is otherwise provided in this Act, shall be paid to the Collector by the zemindars of the estates in which are situated the lands benefited or protected by the repairs or works executed. Provided that where any specific sum has hitherto been annually demanded in respect of any embankment not included in Schedule (D), and when the said embankment is at the time of this Act coming into operation being maintained by Government, then such special payments shall, after the passing of this Act, thenceforth cease and determine.

Every zemindar, who is liable under this rule for the payment of the whole or a portion of such total sum, shall be entitled to recover from the proprietor of every tenure which is declared to be a part of his estate, the sum apportioned to such tenure by the Collector, under the provisions of Section 45. And similarly, every proprietor shall be entitled to recover from the proprietor of any subordinate tenure which is declared to be a part of his tenure, the sum apportioned to such subordinate tenure by the Collector, under the said provisions.

লইয়া তদ্বিষয়ের কোন আজ্ঞা করিতে পারিবেন। তাঁহার আজ্ঞার উপর আপত্তিকারক সর্ব্বদা দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

মোটে যত টাকা দিতে হইবে তাহার কথা।

৩৯ ধারা। হানিপূরণ বলিয়া, এবং এই আইনের দ্বিতীয় ও পঞ্চম অধ্যায়মতে যে কোন কার্য্য করা যায় কি করিবার আজ্ঞা হয় তদনুসারে ও তদ্ঘটিত খরচ খরচা বলিয়া, এবং জরীপ ও নকশা করিবার খরচ বলিয়া, যত টাকা দেওয়া গিয়াছে কি দেনা হয়, কালেক্টর সাহেব উক্ত সর্টিফিকটের লিখিত টাকার সহিত সেই সকল খরচের টাকা যোগ করিয়া দিবেন। পরে মোট দেনা বলিয়া যত টাকা নির্ণয় হয়, এবং ৪ ধারার ৫ প্রকরণ ও ১৯ ও ২০ ধারামতে যে কার্য্য করা যায় তৎসম্পর্কে যেং ব্যক্তির স্থানে ঐ টাকা পাওনা হয় ও অন্যং কার্য্য সম্পর্কে যেং মহালের নিমিত্ত তাঁহার ঐ টাকা পাওনা হয়, তিনি এই সকল কথা বিশেষ করিয়া লিখিয়া আজ্ঞা দিবেন। ৪ ধারার ৫ প্রকরণ ও ১৯ ও ২০ ধারামতে যে কার্য্য করা যায় ঐ আজ্ঞা সেই কার্য্যসম্পর্কীয় হইলে, যে ব্যক্তি কি ব্যক্তিরা ঐ টাকার দায়ী হন ঐ আজ্ঞাপত্র অগৌণে তাঁহাদিগকে দেওয়া যাইবে। নতুবা কালেক্টর সাহেব ইহার পশ্চাৎ পরিচ্ছেদের বিধানমতে কার্য্য করিবেন।

সুদের কথা।

হানিপূরণ স্বরূপ টাকা দেওয়া গেলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব শতকরা ৫ টাকার অনধিক যে হিসাবে সুদ নিরূপণ করেন, টাকা দিবার তারিখ অবধি তাহার উপর সেই হিসাবে সুদ লওয়া যাইতে পারিবে ইতি।

যাঁহারা সেই টাকার দায়ী তাঁহারদের কথা।

৪০ ধারা। উক্ত যে মেরামতের কার্য্য বা যে কার্য্য সম্পাদন করা যায় তদ্দ্বারা যে ভূমির উপকার কি রক্ষা করা গেল তাহা যেং মহালের অন্তর্গত থাকে, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, সেইং মহালের জমিদারেরা কালেক্টর সাহেবকে উক্ত সমস্ত টাকা দিবেন। কিন্তু D তফসীলের মধ্যে যেং বাঁধ ধরা যায় নাই তাহার কোন বাঁধসম্পর্কে যদি বৎসরং বিশেষ কোন টাকার দাওয়া হইয়া থাকে এবং এই আইন প্রচলিত হওন সময়ে যদি সেই বাঁধ গবর্ণমেন্টের দ্বারা সারাইয়া রাখা গিয়া থাকে, তবে এই আইন প্রচলিত হইবার পর সেই বিশেষ টাকা দেওয়া রহিত ও বন্দ করা যাইবে।

এই বিধিমতে ঐ মোট টাকার সমুদয় বা কিয়দংশ দিবার জন্যে যে জমিদার দায়ী হন, তাঁহার মহালের একাংশ বলিয়া যত তালুকাদি ধরা গিয়াছে, কালেক্টর সাহেব ৪৫ ধারার বিধানমতে ঐং তালুকের নামে যত টাকা, করিয়া ধরেন, জমীদার সেইং তালুকাদির ভোগাধিকারিদের স্থানে তত টাকা আদায় করিয়া লইতে পারিবেন। তদ্রূপেও প্রত্যেক জন ভোগাধিকারির তালুকের একাংশ বলিয়া যত পেটাও তালুক ধরা গিয়াছে কালেক্টর সাহেব সেই বিধানমতে ঐং পেটাও তালুকের নামে যত টাকা করিয়া ধরেন, ঐ ভোগাধিকারী সেই পেটাও তালুকদারদের স্থানে তত টাকা আদায় করিয়া লইতে পারিবেন ইতি।

2. *Apportionment thereof.*

Notice to be given before apportionment.

41. So soon as the total sum payable as aforesaid has been ascertained, the Collector shall cause a notice to be served for every one of the said estates and villages mentioned in Section 38. Every such notice shall specify the estates and villages aforesaid, and that an inquiry will be held at a day and place therein named for the purpose of apportioning amongst the zemindars and proprietors the said total sum, with interest and the costs of apportionment.

Mode of inquiry as to the proportion chargeable to each estate.

42. On the day fixed in the said notice which shall not be less than thirty days later than the date of any service of such notice, the Collector shall proceed to make the said inquiry. In making this inquiry he shall receive such evidence as may be tendered by, or on behalf of, the said zemindars and proprietors, and by, or on behalf of, any other persons who may claim to be interested therein.

Names of proprietors.

43. In any such inquiry the Collector shall take down in writing the names of all persons who may claim, or who may be alleged by any party interested, to be proprietors of tenures within any of the estates mentioned in such notice. In default of appearance of any such person, the Collector shall issue and serve a notice calling on him to appear at a date and place therein mentioned, and to show cause against being included in the order of apportionment to be made therein, and shall adjourn the inquiry till such date.

Apportionment amongst zemindars.

44. At such or any subsequently adjourned inquiry, the Collector, if there be only one estate liable, shall charge the zemindar thereof with the total amount payable; and if there be two or more estates, he shall apportion the same amongst the zemindars thereof, rateably in proportion to the respective benefits derived by such estates from such works or repairs; or in proportion to the areas of the lands benefited or protected thereby, and comprised within such estates respectively; or with the sanction of the local Govern-

২ পরিচ্ছেদ। খরচের যে অংশ যাহার দিতে হইবে তাহা নিরূপণ করিবার কথা।

খরচের যে অংশ যাহার দিতে হইবে ইহা নিরূপণ করিবার পূর্ব্বে নোটিস দিবার কথা।

৪১ ধারা। সর্ব্বশুদ্ধ যত টাকা দেনা হয় ইহা পূর্ব্বোক্তমতে নির্ণয় করা গেলেই কালেক্টর সাহেব ৩৮ ধারার লিখিত প্রত্যেক মহালের ও গ্রামের উপর নোটিস জারী করাইবেন। উক্ত প্রত্যেক নোটিসে পূর্ব্বোক্ত সকল মহালের ও গ্রামের নাম বিশেষ করিয়া লেখা যাইবে, এবং ঐ মোট টাকার মধ্যে যে জমিদারদের ও যে ভোগাধিকারিদের সুদ ও অংশনিরূপণের খরচসুদ্ধ যত টাকা করিয়া দিতে হইবে ইহা নিরূপণ করিবার জন্যে অমুক স্থানে অমুক দিনে তদন্ত লওয়া যাইবে, এই কথা নোটিসে লেখা থাকিবে ইতি।

যে মহালের যত খরচ নির্দ্দেশ করিতে হইবে ইহার অনুসন্ধান লইবার নিয়মের কথা।

৪২ ধারা। কালেক্টর সাহেব উক্ত নোটিসের নিরূপিত দিনে উক্ত তদন্ত লইবার কার্য্যে প্রবর্ত্ত হইবেন। সেই দিন ঐ নোটিস দিবার তারিখ অবধি ত্রিশ দিনের কম না হয়। উক্ত জমীদারেরা ও ভোগাধিকারিরা কিম্বা তাঁহাদের সপক্ষ অন্য ব্যক্তিরা, এবং উক্ত অনুসন্ধান কার্য্যে আমারদেরও স্বার্থ আছে বলিয়া অন্য ব্যক্তিরা দাওয়া করিলে তাঁহারা কি তাঁহারদের সপক্ষ কোন ব্যক্তি যে২ প্রমাণ দেন, কালেক্টর সাহেব ঐ অনুসন্ধান লওন সময়ে সেইং প্রমাণ লইবেন ইতি।

ভোগাধিকারিদের নাম লিখিবার কথা।

৪৩ ধারা। পূর্ব্বোক্ত নোটিসে যেং মহাল লেখা থাকে তাহার মধ্য কোন মহালের অন্তর্গত তালুকপ্রভৃতির ভোগাধিকারী বলিয়া যে ব্যক্তিরা আপনাদিগকে জানান, কিম্বা স্বার্থযুক্ত কোন ব্যক্তি যাঁহারদিগকে ভোগাধিকারি বলিয়া কহেন, কালেক্টর সাহেব উক্ত তদন্ত লইবার সময়ে, সেই সকল ব্যক্তির নাম লিখিয়া লইবেন। তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত না হইলে, কালেক্টর সাহেব তাঁহার নামে নোটিস জারী করাইয়া তাঁহাকে ঐ নোটিসের লিখিত স্থানে ও দিবসে উপস্থিত হইয়া, খরচের অংশ নিরূপণ করিবার আজ্ঞার মধ্যে তাহার নাম না ধরিবার কারণ জানাইতে আজ্ঞা করিবেন, ও সেই দিন পর্য্যন্ত ঐ তদন্ত লওনের কার্য্য স্থগিত রাখিবেন ইতি।

জমীদারদের মধ্যে অংশ নিরূপণ করিবার কথা।

৪৪ ধারা। কেবল একটি মহাল দায়ী হইলে, কালেক্টর সাহেব সেই দিনে, কিম্বা তদন্ত লওয়ার জন্যে দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে, সেই মহালের জমীদারের স্থানে পাওনা বলিয়া সেই সমুদয় টাকা লিখিবেন। দুই কি তদধিক মহাল থাকিলে, সেই কার্য্যের কি মেরামতীর দ্বারা যে মহালের যতদূর উপকার হয় তিনি তদনুসারে, কিম্বা ঐং মহালের অন্তর্গত যেং ভূমির উপকার কি রক্ষা হয় সেইং ভূমির আয়তন অনুসারে, কিম্বা ঐং মহালের যত টাকা রাজস্ব দিতে হয় এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যদি তদনুসারে খরচ লওয়া গিয়া থাকে তবে

ment in proportion to the amount of revenue respectively payable for such estates, if, before the passing of this Act, such proportion has been usually adopted.

Provided that the said total amount payable in respect of the embankments on the right bank of the river Gunduk shall be chargeable, in accordance with the custom in force for such estates, to the zemindars of all the estates situated in the district of Sarun, in proportion to the amount of revenue respectively payable for such estates.

Proviso in respect of the pergunnahs in Schedule (E.)

Provided also that the sum standing to the credit of a pergunnah in Schedule (E) in the account kept by the Collector, at the time when the total amount payable is fixed under the provisions of Section 39, shall be deducted from the total amount payable in respect of such portion of any embankment as is situated in such pergunnah; and that the zemindars of the estates situated therein shall be charged only with the balance of the amount (if any) which may remain payable.

Apportionment amongst proprietors.

45. The Collector shall, in like manner, apportion, except in respect of the said Gunduk embankments, the amount payable in respect of each estate amongst all the tenures therein rateably in the proportion of benefit so received or area so benefited or protected, first deducting therefrom such sum as, on the like principle of proportion, is payable in respect of such portion of the estate as is not included within any tenure.

Apportionment where the lands held without payment of rent, not being estates on the register of revenue-free tenures.

46. All lands held without payment of rent not being estates entered in the register of revenue-free tenures, shall, for the purposes of this Act, be deemed to form a part of the tenure within the local boundaries of which they are included; and, if they are not included within the local boundaries of any tenure, then to be a part of the estate within the local boundaries of which they are included; and, if they are not included within the local boundaries of any estate, then to be a part of such conterminous estate as the Collector, in whose district such conterminous estate is situated, shall, by an order under his seal and signature, declare.

স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া তদনুসারে, ঐ২ মহালের জমীদারদের স্থানে খরচের একং অংশ লইবেন।

পরন্তু গণ্ডক নদের দক্ষিণ ধারে যে সকল বাঁধ আছে তজ্জন্যে মোটে উক্ত যত টাকা দেনা হয়, সারণ জিলার অন্তর্গত মহালের প্রচলিত রীত্যানুসারে যে মহালের যত টাকা রাজস্ব তাহার হিসাবমতে, ঐ২ মহালের জমীদারদের স্থানে ঐ মোট টাকার একং অংশ লওয়া যাইবে।

E তফসীলের পরগনার বিষয়ে উপবিধি।

পরন্তু মোটে যত টাকা দিতে হইবে ইহা ৩৯ ধারার বিধানানুসারে যে সময়ে নিষ্কার্য্য করা যায়, সেই সময়ে কালেক্টর সাহেবের খাতায় E তফসীলের উল্লিখিত কোন পরগনার টাকা জমা থাকিলে সেই পরগনার মধ্যে কোন বাঁধের যে অংশ থাকে সেই অংশ সম্পর্কে দেনা সমুদয় টাকাহইতে ঐ জমা টাকা বাদ দিতে হইবে। তাহা বাদ দিলে পর আর টাকা দেনা থাকিলে, ঐ২ পরগনার মধ্যে যে জমীদারদের মহাল থাকে তাঁহারদের কেবল সেই বাকী দিতে হইবে ইতি।

ভোগাধিকারিদের মধ্যে অংশ নিরূপণ করিবার কথা।

৪৫ ধারা। উক্ত গণ্ডকের বাঁধ সম্পর্কীয় কথা ছাড়া, প্রত্যেক মহালের উপলক্ষে যত টাকা দেনা হয়, তদন্তর্গত তালুকের যত উপকার হইল কিম্বা তাহার যে আয়তনের উপকার কি রক্ষা হইল, কালেক্টর সাহেব তদনুসারে সেই২ তালুকের দেনা টাকাও নিরূপণ করিবেন, কিন্তু তাহা করিবার পূর্ব্বে ঐ মহালের অন্তর্গত যে ভূমি কোন তালুকের মধ্যে ধরা যায় নাই নিয়মমতে সেই ভূমিহইতে ঐ খরচের যে অংশ লওয়া যাইতে পারে তালুকের দেনা টাকাহইতে তাহা বাদ দিবেন ইতি।

যে মহাল নিষ্কর তালুকের রেজিষ্টরে থাকে তদ্ভিন্ন নিষ্কররূপে ভোগ করা জমীর কথা।

৪৬ ধারা। লাখেরাজী মহালের রেজিস্টরী বহীতে লিখিত না হইয়া যে সকল জমী নিষ্কররূপে ভোগ হইয়া থাকে সেই জমী যে তালুকাদির সীমার মধ্যে ধরা যায় এই আইনের কার্য্যপক্ষে সেই তালুকাদির একাংশ বলিয়া জ্ঞান হইবে। যদি কোন তালুকাদির সীমার মধ্যে ধরা না গিয়া থাকে, তবে যে মহালের সীমার মধ্যে ধরা যায় সেই মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে। যদি কোন মহালের সীমার মধ্যে ধরা না গিয়া থাকে, তবে ঐ জমীর লাগাও মহাল যে জিলায় থাকে সেই জিলার কালেক্টর সাহেব আপনার মোহরাঙ্কিত ও স্বাক্ষরিত আজ্ঞাপত্রক্রমে ঐ জমীর লাগাও যে মহালের অংশ বলিয়া ঐ জমী ধরিবার আজ্ঞা করেন, সেই মহালের অংশ বলিয়া ধরা যাইবে ইতি।

Amount apportioned payable by instalments.

47. The amount apportioned to any estate or tenure shall be payable in equal instalments on such days as the Lieutenant-Governor shall direct, provided that no instalment shall exceed four annas for every acre of land in respect of which the same is payable, and that not more than four instalments shall be payable in any one year.

Interest.

Interest shall be charged on the unpaid portion of the said amount from the date of the same becoming due until payment thereof at such rate, not exceeding five per centum per annum, as the Lieutenant-Governor shall from time to time determine.

Final order of apportionment.

48. On the completion of the apportionment the Collector shall make an order specifying the estates and tenures, and the several sums payable in respect thereof, the instalments of such sums, and the dates on which the same are payable.

3. *Recovery thereof.*

Orders for payment.

49. The Collector shall, within thirty days from the final order of apportionment, make and serve for every estate therein mentioned an order, stating the amount with interest due in respect thereof, and that the same is payable to him, and the date or dates at which such amount or instalments thereof shall become payable to him.

Recovery from zemindars.

50. If such sum or any instalment thereof be not, pursuant to the said order, paid, the same with interest shall be recoverable as arrears of a demand under the provisions of Bengal Act VII of 1868 (*to make further provision for the recovery of arrears of land revenue and public demands recoverable as arrears of land revenue*).

Recovery by zemindars or proprietors.

51. Every zemindar or proprietor to whom any sum or instalment thereof is payable under the said order, may recover the same with interest as aforesaid in the manner provided for the recovery of arrears of rent in respect of putnee tenures by the provisions of Clauses 2 and 3 of Section 8, Sections 9, 10, 14, 15, and Clauses 1, 2, and 3 of Section 17 of Regulation VIII of 1819, as amended by Bengal Act VIII of 1865; provided that the right or interest of any person holding

কিস্তি করিয়া টাকা দিবার কথা।

৪৭ ধারা। কোন মহালের কি তালুকের দেনা বলিয়া খরচের যত টাকা নিরূপণ হয়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যেং দিন নিরূপণ করেন ঐ টাকা সমান কিস্তি করিয়া সেইং দিনে দেওয়া যাইবে। কিন্তু যে ভূমির নিমিত্ত ঐ কিস্তির টাকা দেনা হয় সেই ভূমির একর প্রতি চারি আনার অধিক কিস্তি লওয়া যাইবে না ও এক বৎসরে চারিটার অধিক কিস্তি ধার্য্য হইবে না।

সুদের কথা।

উক্ত টাকার যে অংশ দেওয়া না যায় তাহার দেনা হইবার তারিখ অবধি না দিবার তারিখ পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়েং বৎসর শতকরা ৫ টাকার অনধিক যত সুদ নিরূপণ করেন ঐ পাওনা টাকার উপর সেই হিসাবে সুদ চলিবে ইতি।

অংশ নিরূপণের শেষ আজ্ঞার কথা।

৪৮ ধারা। যে মহাল প্রভৃতির যত টাকা দিতে হইবে ইহা নিরূপণ করা গেলে পর, কালেক্টর সাহেব মহাল ও তালুকাদি নির্দ্দিষ্ট করিয়া কাহার কত টাকা দিতে হইবে, ও কত কিস্তি করিয়া টাকা দেওয়া যাইবে, ও যেং তারিখে ঐ টাকা দেনা হইবে, বিশেষ করিয়া ইহার অনুজ্ঞাপত্র লিখিবেন ইতি।

৩ পরিচ্ছেদ। ঐ টাকা আদায়ের কথা।

টাকা দিবার আজ্ঞার কথা।

৪৯ ধারা। যে মহালের যত টাকা দিতে হইবে ইহার নিরূপণসূচক শেষ আজ্ঞা হইলে পর, কালেক্টর সাহেব ত্রিশ দিনের মধ্যে ঐ অনুজ্ঞাপত্রের লিখিত প্রত্যেক মহালে একং আজ্ঞাপত্র লিখিয়া জারী করিবেন। ঐ মহালের সুদ সুদ্ধ কত টাকা দেনা আছে, এবং সেই টাকা কালেক্টর সাহেবকে দিতে হইবে, ও সেই টাকা কিম্বা ঐ টাকার কিস্তি যে তারিখে বা যেং তারিখে তাঁহাকে দিতে হইবে, ঐ আজ্ঞাপত্রে এইং কথা লেখা থাকিবে ইতি।

জমীদারদের স্থানে আদায় করিবার কথা।

৫০ ধারা। সেই টাকা কিম্বা তাহার কোন কিস্তি উক্ত আজ্ঞামতে না দেওয়া গেলে, ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের (অর্থাৎ ভূমির বাকী রাজস্ব ও রাজকীয় অন্য যে দাওয়ার টাকা বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে তাহা আদায় করিবার বিধান করণার্থ আইনের) বিধানমতে বাকীর দাওয়ার ন্যায় ঐ টাকা সুদসুদ্ধ আদায় হইতে পারিবে ইতি।

জমীদারদের কি অধিকারিদের স্থানে আদায় করিবার কথা।

৫১ ধারা। উক্ত আজ্ঞাক্রমে জমীদারের কি ভোগাধিকারির কোন টাকা কি টাকার কিস্তি পাওনা থাকিলে, ১৮৬৫ সালের বঙ্গীয় ৮ আইনদ্বারা সংশোধিত ১৮১৯ সালের ৮ আইনের ৮ ধারার ২ ও ৩ প্রকরণে ও ৯, ১০, ১৪, ১৫, ধারায় ও ১৭ ধারার ১, ২ ও ৩ প্রকরণে পত্তনী তালুকের বাকী খাজানা আদায় করিবার যে বিধান আছে, ঐ জমীদার কি ভোগাধিকারী সেই বিধানমতে পূর্ব্বোক্ত সুদ সুদ্ধ ঐ টাকা আদায় করিতে পারিবেন। পরন্তু ঐ তালুকাদির ভোগাধিকারির

from the proprietor of such tenure shall not be affected by any sale held under these provisions.

PART VII.

Miscellaneous.

Penalty for obstructing persons in exercise of powers of Act.

52. Whoever wilfully obstructs any person duly authorized under this Act in removing or levelling any embankment, house, hut, or other building, or in the lawful exercise of any of the powers in this Act conferred, shall, in case such obstruction shall not amount to an offence within the provisions of the Indian Penal Code, be liable to imprisonment of either description for any period not exceeding six months, at the discretion of the Magistrate, or to fine not exceeding two hundred rupees, commutable, if not paid, to a period of imprisonment not exceeding six months.

Penalty on unauthorized interference with embankments or drainage.

53. Every person who, without the previous permission of the Engineer, shall erect, or cause or wilfully permit to be erected, any new embankment, or shall obstruct or divert, or cause or wilfully permit to be obstructed or diverted, any watercourse, if such embankment or watercourse is likely to interfere with, counteract, or impede, any public embankment or any public watercourse, or shall abet any such act, shall be liable on conviction to a fine not exceeding five hundred rupees, or in default of payment, to imprisonment of either description for a period not exceeding six months.

Penalties for injuring works under Act.

54. No person shall, without due authority, cut through, or attempt to cut through, any public embankment, or destroy, or attempt to destroy any such embankment, or open or shut, or obstruct any sluice in any such embankment, or any public watercourse; and every person who shall commit any breach of the provisions of this section shall, in case the act shall not amount to mischief within the meaning of the Indian Penal Code, be liable to imprisonment of either description for a term not exceeding one month, or to a fine not exceeding two hundred rupees.

Penalties for diverting rivers or permitting cattle to graze on embankments.

55. Every person who shall make any dam or other obstruction for the purpose of diverting or opposing the current of a river, wherein or whereon there are public embankments, without the permission of the

স্থানে যে ব্যক্তি ভূমি লইয়া ভোগ করেন, এই বিধানমতে ভূমি বিক্রয় হইলেও সেই ব্যক্তির স্বত্বের কি স্বার্থের হানি হইবে না ইতি।

সপ্তম অধ্যায়।

বিবিধ বিধি।

এই আইনমত কর্ম্মকারি ব্যক্তির প্রতিবন্ধক হইবার দণ্ডের কথা।

৫২ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে উপযুক্ত ক্ষমতাপন্ন হইয়া কোন বাঁধ কি ঘর কি খড়ুয়া ঘর কি অন্য গাঁথনি উঠাইয়া দিতেছেন কি ভূমিসাৎ করিতেছেন, কিম্বা এই আইনমতে যেং ক্ষমতা দেওয়া গেল ন্যায্যমতে সেইং ক্ষমতানুসারে কর্ম্ম করিতেছেন, এমন সময়ে কেহ ইচ্ছা করিয়া তাঁহাকে বাধা দিলে ও সেই বাধা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিধানমতে অপরাধের তুল্য না হইলে, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তাহার ছয় মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। অর্থদণ্ড না দেওয়া গেলে তৎপরিবর্ত্তে তাহার ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

অনুমতি না পাইয়া বাঁধে কি পয়নালায় হস্তক্ষেপ করিবার দণ্ডের কথা।

৫৩ ধারা। কোন ব্যক্তি ইঞ্জিনিয়র সাহেবের অনুমতি না পাইয়া কোন নূতন বাঁধ করিলে কি অন্যের দ্বারা করাইলে কিম্বা ইচ্ছা করিয়া অন্যকে করিতে দিলে, কিম্বা কোন পয়নালা অবরুদ্ধ কি অন্যমুখ করিলে কি করাইলে কিম্বা ইচ্ছা করিয়া অন্যকে করিতে দিলে, কিম্বা তদ্রূপ কোন কার্য্যের সহায়তা করিলে, ও সেই বাঁধ কি পয়নালা দ্বারা যদি রাজকীয় কোন বাঁধের কি রাজকীয় কোন পয়নালার কার্য্যের ব্যাঘাত কি বিপক্ষতা কি অবরোধ হইবার সম্ভাবনা থাকে, তবে ঐ অপরাধের প্রমাণ হইলে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে, ও দণ্ডের টাকা না দিলে তাহার ছয় মাস পর্য্যন্ত কোন এক প্রকারে কারাদণ্ড হইতে পারিবে ইতি।

আইনমত কার্য্যের হানি করিবার দণ্ডের কথা।

৫৪ ধারা। কোন ব্যক্তি উপযুক্ত ক্ষমতা না পাইয়া রাজকীয় কোন বাঁধ কাটিয়া দিবে না ও কাটিবার উদ্যোগ করিবে না ও তদ্রূপ কোন বাঁধ নষ্ট করিবে না ও নষ্ট করিবার উদ্যোগ করিবে না, ও তদ্রূপ কোন বাঁধের কি রাজকীয় কোন পয়নালার জলদ্বার খুলিবে না কি বন্ধ কি অবরোধ করিবে না। কোন ব্যক্তি এই ধারার বিধান লঙ্ঘন করিলে ও সেই কার্য্য ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে অপকার করণের তুল্য না হইলে, তাহার এক মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

নদী অন্যমুখ করিবার কিম্বা বাঁধের উপর গোমেষাদি চরিতে দিবার দণ্ডের কথা।

৫৫ ধারা। কোন নদীতে কিম্বা নদীর ধারে রাজকীয় বাঁধ থাকিলে সেই বাঁধ অব্যবহিতরূপে যে কর্ম্মকারকের অধীন থাকে কোন ব্যক্তি তাঁহার অনুমতি না পাইয়া সেই নদীর স্রোত

officer in immediate charge of the embankments, or shall refuse or neglect to remove any such dam or obstruction when so required by the Engineer, or shall cut or otherwise alter the banks of any embanked river, or shall remove the earth from any public embankment, or shall drive stakes into it, or by any other wilful act destroy or diminish the efficiency of such embankment; and every person who shall cause or knowingly and wilfully permit any cattle to graze upon any such embankment, or shall tether, or cause or wilfully permit any cattle to be tethered upon any such embankment, or who shall root up any grass or other vegetation growing on any such embankment, shall be liable to imprisonment of either description for a term not exceeding six months, or to a fine not exceeding two hundred rupees.

Obstructions to be removed and damage repaired.

56. Whenever any person is convicted of an offence under either of the three last preceding sections, the convicting Magistrate may order that he shall remove the embankment or obstruction, or repair the damage, in respect of which the conviction is held, within a period to be fixed in such order. If such person neglects or refuses to obey such order within the fixed period, the Engineer may remove such embankment or obstruction or repair such damage, and the cost of such removal or repair shall be levied from such person in addition to any other penalty in the manner provided in Section 307 of the Code of Criminal Procedure.

Service.

57. Every proclamation, notice or order in and by this Act required to be served may, unless when otherwise provided, be served—

(1) by delivering a copy of the same to the person to whom it is directed, or on failure of such service by posting a copy on some conspicuous part of the house in which the said person resides, or by delivering a copy to any agent authorized to appear generally for the person to whom such proclamation, notice or order is directed; or

(2) by sending a registered letter containing a copy of such proclamation, notice or order directed to the said person at his usual place of abode, or at the place where he may be known to reside; or

অন্যমুখ করিবার কিম্বা তাহার বাধা দিবার নিমিত্তে কোন জঙ্গাল করিলে কিম্বা অন্য প্রকারে তাহা অবরোধ করিলে, কিম্বা ইঞ্জিনিয়র সাহেবের আজ্ঞা পাইলেও সেই জঙ্গাল কি অবরোধক দ্রব্য উঠাইয়া দিতে অস্বীকার কি তাচ্ছল্য করিলে, কিম্বা বাঁধযুক্ত কোন নদীর তীর কাটিয়া দিলে কিম্বা প্রকারান্তরে পরিবর্ত্তন করিলে, কিম্বা রাজকীয় কোন বাঁধের মাটী তুলিয়া ফেলিলে কিম্বা তাহাতে খোঁটা গাড়িলে কিম্বা ইচ্ছা করিয়া অন্য কার্য্য দ্বারা ঐ বাঁধের কার্য্যোপযোগিতা নষ্ট কি কম করিয়া দিলে, এবং কোন ব্যক্তি উক্ত প্রকারের কোন বাঁধে কোন গোমেষাদি চরাইলে কি জানিয়া শুনিয়া ও ইচ্ছা করিয়া চরিতে দিলে, কিম্বা তদ্রূপ কোন বাঁধে গোমেষাদি বাঁধিলে কি বাঁধাইলে কি ইচ্ছা করিয়া অন্যকে বাঁধিতে দিলে, কিম্বা সেই বাঁধে যে ঘাস কি অন্য লতাপাতা জন্মে তাহা উপড়াইয়া ফেলিলে, তাহার ছয় মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

অবরোধক বিষয় স্থানান্তর করিবার ও হানি সারাইয়া দিবার কথা।

৫৬ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারার কোন ধারামতে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব অপরাধ নির্ণয় করেন তিনি সময় নির্দ্দিষ্ট করিয়া ঐ ব্যক্তিকে সেই সময়ের মধ্যে ঐ বাঁধ কি অবরোধক বিষয় স্থানান্তর করিতে, কিম্বা যে হানি করণ অপরাধ নির্ণয় হইল সেই হানি সারাইয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই ব্যক্তি ঐ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই আজ্ঞামতে কর্ম্ম করিতে তাচ্ছল্য কি অস্বীকার করিলে, ইঞ্জিনিয়র সাহেব সেই বাঁধ কি অবরোধক বিষয় স্থানান্তর করিতে কিম্বা সেই হানি সারাইয়া দিতে পারিবেন, এবং সেই স্থানান্তর কি মেরামত করিবার খরচ, ও তদ্ভিন্ন অন্য কোন দণ্ড ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩০৭ ধারামতে সেই ব্যক্তির স্থানে আদায় করা যাইতে পারিবে ইতি।

নোটিসপ্রভৃতি জারী করিবার কথা।

৫৭ ধারা। এই আইনের দ্বারা কি তৎক্রমে কোন ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞাপত্র জারী করিতে হইলে প্রকারান্তরের বিধি না থাকিলে তাহা এই প্রকারে জারী করা যাইবে,—

(১) যে ব্যক্তির নামে দেওয়া যায় তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির নকল দেওয়া যাইবে, অথবা তাঁহাকে দেওয়া যাইতে না পারিলে তাঁহার বাস গৃহের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে, কিম্বা যাঁহার নামে ঐ ঘোষণাপত্র কি নোটিস কিম্বা আজ্ঞাপত্র দেওয়া যায় তাঁহার পক্ষে সচরাচর যে মোক্তার উপস্থিত হইতে ক্ষমতাপন্ন হন, তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির নকল দেওয়া যাইবে। অথবা

(২) ঐ ঘোষণাপত্রের কি নোটিসের কি আজ্ঞা পত্রের নকল রেজিষ্টরী পত্রে দিয়া উক্ত ব্যক্তির নিয়ত বাসস্থানে, কিম্বা বাসস্থান বলিয়া যে স্থান জানা আছে সেই স্থানে, ডাকযোগে পাঠান যাইবে। অথবা

(3) by posting a copy of the proclamation, notice or order at the mal-cutcherry of the estate, village or tenure to which the same relates; or if no such mal-cutcherry be found, on some conspicuous place on the said estate, village or tenure, and by delivering, in the case of estates paying their annual revenue by four instalments, another copy thereof to the agent who shall have paid an instalment of revenue next before or after the preparation of such proclamation, notice or order In all cases where two or more persons are holders of an estate, village or tenure service under this clause shall be deemed to be good and sufficient service on each and all of such persons.

No proceedings to be impeached for want of form.

58. No proceedings under this Act shall be impeached or affected by reason of any mistake in the name of any person thereby rendered liable to pay any sum of money, or in the description of any estate or tenure or land in respect of which he is rendered liable to pay; provided the directions of this Act be in substance and effect complied with; and no proceedings under this Act shall for want of form be quashed or set aside in any Court of Justice.

Appeal from orders made on objection.

59. Every order passed by the Collector in respect to applications under Section 4, Clauses 6, and 7, or under Sections 8, 39, and 48, shall be appealable to the Commissioner of Revenue, and every order of the Commissioner, except when otherwise directed by this Act, shall be appealable to the Board of Revenue, but no appeal shall lie under this section against any order unless the same be presented within one month from the date of the order.

Orders to be final.

60. Subject to the right of appeal abovementioned and to the order and control of Government, every order passed under the provisions aforesaid shall be final, and shall not be open to revision by any Civil Court.

Powers on inquiry and appeal.

61. In any inquiry or appeal held under this Act, the Collector and the Commissioner shall respectively have the same powers as those conferred on Courts by the Code of Civil Procedure of summoning and examining witnesses and compelling the production of documents.

(৩) ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞাপত্র যে মহাল কি গ্রাম কি তালুক সম্পর্কীয় হয় তাহার মালকাছারীতে ঐ ঘোষণাপত্র প্রভৃতির নকল লটকাইয়া দেওয়া যাইবে। মাল কাছারীর সন্ধান পাওয়া না গেলে ঐ মহালের কি গ্রামের কি তালুকাদির কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে, এবং সেই মহালের বার্ষিক রাজস্ব চারি কিস্তি করিয়া দিবার নিয়ম থাকিলে ঐ ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞাপত্র প্রস্তুত হইবার অব্যবহিত পূর্ব্বে বা পরে যে গোমাশ্তা রাজস্বের কিস্তি দিলেন তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির অন্য নকল দেওয়া যাইবে। একি মহালের কি গ্রামের কি তালুকের দুই কি তদধিক জন ভোগাধিকারী থাকিলে এই প্রকরণমতে নোটিস দেওয়া গেলেই, তাঁহারদের প্রত্যেক জনকে ও সকলকে উত্তম ও যথোচিতরূপে দেওয়া গেল বলিয়া জানা যাইবে ইতি।

দাঁড়ামতে হয় নাই বলিয়া কোন কার্য্য দুষ্ট না হইবার কথা।

৫৮ ধারা। এই আইনমতে যে কার্য্য করা যায় তদ্দ্বারা টাকার দায়ী বলিয়া যে ব্যক্তিকে নির্ণয় করা গেল তাঁহার নাম লিখিতে কোন ভুল হইলে, কিম্বা যে মহালের কি তালুকের কি ভূমির নিমিত্ত তাহাকে দায়ী করা গেল সেই মহাল প্রভৃতির বর্ণনে কোন ভুল থাকিলে, যদি এই আইনের আদেশের মর্ম্ম ও তাৎপর্য্যানুসারে কার্য্য হইয়া থাকে, তবে ঐ ভুল প্রযুক্ত ঐ কার্য্যের দোষ ধরা যাইবে না, ও কোন অংশের ব্যাঘাত হইবে না, এবং দাঁড়ামতে করা যায় নাই বলিয়া কোন আদালতে এই আইনঅনুযায়ি কোন কার্য্য অন্যথা কি অসিদ্ধ করা যাইবে না ইতি।

আপত্তির উপর যে আজ্ঞা হয় তাহার উপর আপীলের কথা।

৫৯ ধারা। কালেক্টর সাহেব ৪ ধারার ৬ ও ৭ প্রকরণ কিম্বা ৮ বা ৩৯ বা ৪৮ ধারামতে যে আজ্ঞা করেন, তাহার উপর রাজস্বের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। এবং এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে কমিশ্যনর সাহেবের আজ্ঞার উপর রেবিনিউ বোর্ডের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু এই আজ্ঞা হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে তাহার উপর আপীল উপস্থিত করা না গেলে এই ধারামতে গ্রাহ্য হইবে না ইতি।

আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।

৬০ ধারা। আপীল করিবার পূর্ব্বোক্ত অধিকার এবং গবর্ণমেন্টের আজ্ঞা ও কর্ত্তৃত্ব প্রবল মানিয়া, পূর্ব্বোক্ত বিধানমতে যেং আজ্ঞা করা যায় তাহা চূড়ান্ত হইবে, ও কোন দেওয়ানী আদালত কর্ত্তৃক তাহা সংশোধন করা যাইতে পারিবে না ইতি।

তদন্ত লওন ও আপীল করণ সম্পর্কীয় ক্ষমতার কথা।

৬১ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনদ্বারা আদালতের প্রতি সাক্ষিদিগকে সমন করিয়া তাহাদের জোবানবন্দী লইবার ও দলীল উপস্থিত করাইবার যেং ক্ষমতা দেওয়া গিয়াছে, এই আইনমতে তদন্ত লওন কার্য্যে ও আপীলী মোকদ্দমায় কালেক্টর সাহেবের ও কমিশ্যনর সাহেবের সেইং ক্ষমতা থাকিবে ইতি।

General control of Commissioner and Government.

62. All the powers of a Collector under this Act shall be exercised under the general control and orders of the Commissioner of the Division, and all the powers of Collectors and Commissioners shall be exercised subject to the general control and orders of the Board of Revenue and of the Government.

কমিশ্যনর সাহেবের ও গবর্ণমেণ্টের সাধারণ কর্ত্তৃত্বের কথা ।

৬২ ধারা । এই আইনমতে কালেক্টর সাহেবের যে সকল ক্ষমতা থাকে তিনি দেশ খণ্ডের কমিশ্যনর সাহেবের সাধারণ কর্ত্তৃত্বের ও আজ্ঞার অধীনে সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবেন, এবং কালেক্টর সাহেবেরা ও কমিশ্যনর সাহেবেরা রেবিনিউ বোর্ডের ও গবর্ণমেণ্টের সাধারণ কর্ত্তৃত্বের ও আজ্ঞার অধীনে আপনং সকল ক্ষমতামতে কার্য্য করিবেন ইতি ।

Disposal of lands no longer required for embankments.

63. Whenever the maintenance of any public embankment, or the retention of any land appropriated to the purposes thereof, may no longer be required, and the permanent relinquishment of the same may be deemed expedient, such land shall be conveyed by the Collector to the proprietor of the land, within the limits of which it may be situated, on payment of the compensation, if any, which was paid for such land when the same was taken for the purpose of the embankment. If the proprietor of such lands refuse or neglect to pay such price within a reasonable time after demand, the same shall be sold by the Collector for such price as he can obtain for the same. All sums obtained for the conveyance of lands under the provisions of this section shall, after the payment of all expenses incurred on account of the same, be applied to the payment of the cost of any new embankment or drainage works affecting the said lands, and in such case the residue only of the cost of such new works shall be charged upon the zemindars of estates benefited as hereinbefore provided.

বাঁধের নিমিত্ত ভূমির আর প্রয়োজন না হইলে তাহা বিক্রয়াদি করিবার কথা ।

৬৩ ধারা । রাজকীয় বাঁধ সারাইয়া রাখিবার, কিম্বা ঐ বাঁধের কার্য্যে যে ভূমি বর্ত্তান যায় তাহা রাখিবার আর প্রয়োজন না থাকিলে, ও তাহা একবারে ত্যাগ করা বিহীত বোধ হইলে, বাঁধ করিবার নিমিত্ত যে সময়ে ভূমি লওয়া যায় সেই সময়ে যদি তাহার হানিপূরণ দেওয়া গিয়া থাকে, তবে ঐ ভূমি যে ভোগাধিকারির ভূমির সীমার মধ্যে থাকে তিনি ঐ হানিপূরণের টাকা ফিরিয়া দিলে কালেক্টর সাহেব হস্তান্তর করণ পত্রদ্বারা তাঁহাকে সেই ভূমি ফিরিয়া দিবেন । ঐ ভোগাধিকারির স্থানে ঐ টাকার দাওয়া হইলেও তিনি উপযুক্ত সময়ের মধ্যে দিতে অস্বীকার বা তাচ্ছল্য করিলে, কালেক্টর সাহেব সেই ভূমি নীলাম করিয়া যে মূল্য পাইতে পারেন লইবেন । এই ধারার বিধান মতে ভূমি হস্তান্তর করিয়া যে টাকা পাওয়া যায় তাহা হইতে প্রথমে সেই হস্তান্তর কার্য্যের সকল খরচ দেওয়া যাইবে । পরে ঐ ভূমিসম্পর্কীয় যে নূতন বাঁধ কিম্বা জল বাহির হইবার যে কার্য্য করা যায় তাহার খরচ শোধে ঐ টাকা প্রয়োগ হইবে । তাহা হইলে ঐ নূতন কার্য্যদ্বারা যেং মহালের উপকার হইল, পূর্ব্ব বিধানমতে ঐং মহালের জমিদারদের স্থানে কেবল অবশিষ্ট খরচ লওয়া যাইবে ইতি ।

Collector may delegate any of his powers to a Deputy Collector.

64. A Collector may delegate any of his powers under this Act to a Deputy Collector, but from any order passed by a Deputy Collector to whom powers have been so delegated, an appeal shall lie to the Collector if presented within thirty days of the date of the order.

কালেক্টর সাহেবের কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ হইতে পারিবার কথা ।

৬৪ ধারা । এই আইনমতে কালেক্টর সাহেবের যেং ক্ষমতা থাকে তিনি তাহার মধ্যে কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন কিন্তু যে ডেপুটী কালেক্টরের প্রতি তদ্রূপ ক্ষমতা অর্পিত হয় তাঁহার কোন আজ্ঞার উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবে । ঐ আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে কালেক্টর সাহেবের নিকট আপীল উপস্থিত করা গেলে তাহা গ্রাহ্য হইবে ইতি ।

Jurisdiction.

65. All offences created by this Act shall be inquired into and tried by a Magistrate of the first or second class.

বিচারাধিপত্যের কথা ।

৬৫ ধারা । এই আইনে অপরাধ বলিয়া যে সকল ক্রিয়া নির্দ্দিষ্ট হইল প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট তাহার তদন্ত লইয়া বিচার করিবেন ইতি ।

Saving of Bengal Act V 1871.

66. Nothing in this Act shall affect the provisions of "the Hooghly and Burdwan Drainage Act, 1871."

১৮৭১ সালের বঙ্গীয় ৫ আইন রক্ষা করিবার কথা ।

৬৬ ধারা । এই আইনের কোন কথাদ্বারা "হুগলীর ও বর্দ্ধমানের পয়নালা বিষয়ক" ১৮৭১ সালের আইনের কোন বিধানের ব্যতিক্রম হইবে না ইতি ।

[*Government Gazette, 20th January* 1874.]

SCHEDULE OF FORMS.

SCHEDULE A.—(*Referred to in Section* 5.)

All persons interested are hereby required to take notice that it is my intention to [*here state the nature of the work to be undertaken*] for the purpose of [*state the purpose*]. For the execution of this work the undermentioned land will be required to be taken up :—

1	2	3
Pergunnah in which land is situated.	Name of village in which land is situated.	Area of land.

Plans, specifications, and estimates of the proposed work, together with a copy of the survey map showing the boundaries of the villages of the various estates likely to be affected by the said work, are open for inspection by any interested person at this office who is allowed to take copies thereof.

The total probable cost of such work will be the sum of Rs.   , and the rate per acre of the area benefited or protected by the said work is estimated at Rs.

The following estates and villages will probably be affected by the work proposed [*here set out a list of the estates and villages*] :

Any person interested and desirous of showing cause against the execution of the works specified, is hereby required to appear before the Collector for that purpose on the   day of

The   day of

A. B.,
Collector of

SCHEDULE B.—(*Referred to in Section* 12.)

